



জন লক

[John Locke]

1.1 ব্রিটিশ অভিজ্ঞতাবাদী দর্শন [British Empirical Philosophy]

ব্রিটিশ অভিজ্ঞতাবাদী দর্শনের বিষয়ে সাধারণত এমন কথা বলা হয় যে, 1690 খ্রিস্টাব্দে 'Essay Concerning Human Understanding' গ্রন্থে জন লক অভিজ্ঞতাবাদী জ্ঞানতত্ত্বের তথা দর্শনের দিকনির্দেশ করেছিলেন। 1709 খ্রিস্টাব্দে 'Essay Towards a New Theory of Vision' 1710 খ্রিস্টাব্দে 'Principles of Human Knowledge' এবং 1713 খ্রিস্টাব্দে 'Three Dialogues between Hylas and Philonous' গ্রন্থগুলির প্রকাশের মাধ্যমে জর্জ বার্কলে লকের পথ ধরেও ভিন্ন দিশ্বাস্তে উপস্থিত হয়েছিলেন। ডেভিড হিউম 1736 এবং 1739 খ্রিস্টাব্দে যথাক্রমে 'A Treatise of Human Nature' ও 'An Enquiry Concerning Human Understanding' গ্রন্থ দুটির আলোচনায় অভিজ্ঞতাবাদের যৌক্তিক পরিণতি দর্শনরূপে উপনীত হয়েছিলেন।¹ অভিজ্ঞতাবাদ এই প্রাথমিক দাবির ওপর প্রতিষ্ঠিত যে, ইন্ডিয়ানুভবে (বাহ্য এবং আন্তর) 'ধারণা' গ্রহণ করার মধ্যে দিয়েই সকল জ্ঞানের শুরু; ইন্ডিয়ানুভবের সীমাই হল সকল জ্ঞানের সীমা। সপ্তদশ এবং অষ্টাদশ শতাব্দীর যুক্তিবিচারের যুগ (Age of Reason) এবং আলোকপ্রাপ্ত যুগের (Age of Enlightenment) সামাজিক ও বৌদ্ধিক পরিমণ্ডলে আধুনিক ব্রিটিশ অভিজ্ঞতাবাদের সূচনা ও প্রসার ঘটেছে।

ইউরোপের মূল ভূখণ্ড (Continental Europe) ছিল বুদ্ধিবাদের পীঠস্থান। বুদ্ধিবাদের প্রাথমিক বক্তব্য ছিল যে, ইন্ডিয়ানুভবের কোনো প্রকারের সাহায্য ছাড়াই আমাদের মন সরাসরিভাবে কতকগুলি সত্যের সঙ্গে পরিচিত হয়। দেকার্ত, স্পিনোজা, লাইবনিজ প্রমুখ দার্শনিক ওই বক্তব্যের আলোকে নিজ নিজ তন্ত্র (System) গড়ে তুলেছিলেন। এরই বিপরীত কোটিতে অবস্থান করে লক, বার্কলে ও হিউমের চিন্তা অগ্রসর হয়েছে।

একাদশ খ্রিস্টাব্দে পারসিক দার্শনিক অভিসেনা (Avicenna) বলেছিলেন যে, জ্ঞানসংগ্রহের পূর্বে মানবের মন অলিখিত ফলকের (Tabularasa) মতো থাকে। বাহ্যবস্তুর সঙ্গে ইন্ডিয়ের পরিচয় বা সম্পর্কের মাধ্যমে

¹ "They may thus be regarded as successive contributions to a single Philosophical enquiry. The direction is fixed by Locke. Berkeley follows Locke a certain distance, and then diverges from him. Hume continuing the line of Berkeley, introduces new themes of his own." (P-9, British Empirical Philosophy, A.J. Ayer)

মনে জ্ঞান উপস্থিত হয়। সার্বিক প্রত্যয়গুলি গড়ে গঠে ন্যায়-পদ্ধতি প্রয়োগের সাহায্যে। আধুনিক পাশ্চাত্য দর্শনের প্রথম পর্বে ফ্রান্সিস বেকন (1561-1626) লিখেছিলেন 'Novum Organum' বা নতুন পদ্ধতির উত্থাপক গ্রন্থটি, যেখানে অ্যারিস্টটলের ন্যায়তন্ত্রের বিপরীতে পরীক্ষামূলক বিজ্ঞানের উপযুক্ত আরোহী পদ্ধতি গঠন করা হয়েছিল। তেমনি ব্রিটিশ দার্শনিক থমাস হবস (1588-1679) দাবি করেছিলেন যে, সংবেদন গ্রহণ করার মধ্যে দিয়ে জ্ঞানের শুরু হয় এবং সকল জ্ঞানকেই সংবেদনের মূল উৎস দিয়ে বোঝা যায়। তবে হবস গাণিতিক পদ্ধতির সাফল্য বিষয়ে আস্থাভাবন ছিলেন বলেই অনেক ব্যাখ্যাকার হবসকে কন্টিনেন্টাল র্যাশ্যোনালিস্টদের কাছাকাছি রাখতে চান।

ফ্রান্সিস বেকনের (1561-1625) অন্যতম কৃতিত্ব হল ইংরেজি ভাষাকে দার্শনিক চিন্তাভাবনা প্রকাশের উপযোগী করে তোলা। তিনি কোনো বিশেষ বিজ্ঞানের বিষয়ে আলোচনা করেননি। কিন্তু একদিকে আমাদের নির্বিচার বক্তব্য ও কুসংস্কারকে (বেকনের ভাষায় Idol) চিহ্নিত করেছিলেন এবং অপরদিকে প্রাকৃতিক বিজ্ঞানের প্রয়োজন সাধক পদ্ধতি (method) গড়ে তুলেছিলেন। বেকন সর্বদা ঘোষণা করেছিলেন যে, প্রকৃতি আমাদের কাছে কোনো বন্ধ করা গ্রন্থ নয় (Nature is not a sealed book for us); আমরা অবশ্যই ওই বইয়ের পাতাগুলি খুলব এবং তার পাঠ নেব। তবে বেকনের প্রভাব পরবর্তীকালে খুব বেশি পড়েনি, যদিও অবশ্য নিজের আরোহ পদ্ধতির গঠনে বেকনের বক্তব্যের উপস্থিতি খুঁজে পাওয়া যায়। সমসাময়িক বিজ্ঞানগুলির বিষয়ে তাঁর জ্ঞান গভীর ছিল না। তিনি এমন একটি সময়ে কোপার্নিকাসের মতবাদের বিরোধিতা করেছিলেন যখন গ্যালিলিগো এবং কেপলার কোপার্নিকাসের পক্ষ নিয়েছিলেন। সি.আর. মরিস মনে করেন যে, বেকন কখনোই মন এবং বিশ্বজগতের মহান সম্পর্কটিকে দেখতে পাননি এবং আধুনিক দর্শনের গভীরে যে প্রশ্ন উপস্থিত আছে তা প্রকাশ করতে ব্যর্থ হয়েছিলেন।

হবসের সম্পর্কেও একই বক্তব্য রয়েছে। ব্রিটিশ রাষ্ট্রনৈতিক দর্শনের আলোচনায় হবসের গুরুত্বপূর্ণ বক্তব্য থাকলেও তা লকের বক্তব্যকে ছাপিয়ে যায়নি। হবস এ ব্যাপারে নিঃসন্দেহান ছিলেন যে আমরা অভিজ্ঞতা থেকে বর্তমানের বিবরণগুলিকে শেখার সঙ্গে সঙ্গে ভবিষ্যতের দৃষ্টান্ত বিষয়ে নিশ্চয়তা পাই। কিন্তু তিনি বিবরণটির গভীরে প্রবেশ না করে বিচারবিষয়ভাবে নিজের অভিজ্ঞতাকে বিচারের হাতিয়ার করেছিলেন।

দেকার্তের প্রসঙ্গ উঠলে দেখা যায় যে লক এবং পরবর্তীকালে কান্ট, যেসকল মৌলিক জ্ঞানতাত্ত্বিক প্রশ্নগুলি তুলেছিলেন তার সম্মুখীন না হয়ে দেকার্ত নিশ্চিত জ্ঞান পেতে চেয়েছিলেন। দেকার্তের মতে, ইন্দ্রিয় প্রত্যকে নিশ্চিত জ্ঞান পাওয়া যায় না। গাণিতিক যুক্তির সাহায্যে বাস্তবত্বের অস্তিত্ব প্রমাণ করা যায় না। কিন্তু, নিশ্চিত জ্ঞান আদৌ পাওয়া যায় কিনা সে প্রশ্ন দেকার্তের মনে হয়নি। কান্ট এজন্যই দেকার্তকে বিচারবিষয়বাদের সঙ্গে ফেলিয়েছিলেন। দর্শনের আলোচনায় বিচারমূলক লক্ষ্য (Critical aim) হল মানবীয় বৌদ্ধিক ক্ষমতার পুঙ্খানুপুঙ্খ বিচার করা। এই বিচারমূলক সিদ্ধান্তের ভিত্তিতেই অধিবিদ্যক তন্ত্র (metaphysical system) গড়ে তোলা যেতে পারে। যদিও কান্ট বিচারমূলক পদ্ধতির আবশ্যিকতাকে রূপদান করেছিলেন, তথাপি লকের নেতৃত্বে ব্রিটিশ অভিজ্ঞতাবাদীরা এ বিষয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।¹

অভিজ্ঞতাবাদীরাই সর্বপ্রথম চেষ্টা করেছিলেন মানুষের মনের কার্যাবলিকে প্রণালীবদ্ধভাবে বোঝার জন্য। বিভিন্ন জ্ঞানকে অভিজ্ঞতার আলোকে সাজিয়ে নেওয়ার জন্য এবং জ্ঞানের বিলুপ্তিকে অনুমান করার জন্য। অনেকের মতে, গঠনমূলক দর্শন গড়ে তোলার অভিজ্ঞতাবাদী প্রয়াস সঠিক পথে অগ্রসর হতে না পারলেও তাদের মূল প্রকল্পটি সম্পূর্ণভাবে বাতিল হয়ে যায়নি, বা ভবিষ্যতে বাতিল হতে পারে এমন নয়। কারণ এই প্রশ্ন আরও বৃহৎ দৃষ্টিভঙ্গির মধ্যে স্থান পেয়েছে।

লক, বার্কলে এবং হিউম মূলগতভাবে একই ধরনের দার্শনিক প্রশ্ন উত্থাপন করেছেন, প্রশ্নগুলিকে সাধারণভাবে সমন্বয়িকোণ থেকে বিবেচনা করেছেন এবং তাঁদের দেওয়া সমাধানগুলির মধ্যে পারস্পরিক

1 "We are indebted to the celebrated Locke for opening out this new line of enquiry." (Immanuel Kant, Critique of Pure Reason, P-121-122, ed. N.K. Smith)

কিছুই দেখা গেছে। তিনজনেই প্রাথমিক কিছু বস্তুবোঝার ব্যাপারে (যেমন, ধারণার উৎস) ঐক্যমত ছিলেন, তবে জ্ঞানতত্ত্বের মূল প্রশ্নগুলির সমাধানের বিষয়ে তাদের মধ্যে উল্লেখযোগ্য মতপার্থক্য ছিল। এঁরা তিনজনেই মনে করেন যে, বস্তুস্থিতি বা ঘটনাগত বিষয় সম্পর্কিত কোনো বচনকেই গ্রহণ করা হবে না, যদি না তা আমাদের প্রত্যক্ষ-প্রত্যক্ষের সঙ্গে যুক্ত হয়।¹ এজন্যই ওই ত্রয়ীকে অভিজ্ঞতাবাদী বলা হয়।

আধুনিক ভাববাদ এবং অভিজ্ঞতার দর্শনের (Philosophy of Experience) আবির্ভাবের পশ্চাতে লক, বার্কলে এবং হিউমের অনস্বীকার্য ভূমিকা রয়েছে। সমালোচনামূলক দর্শনের (Critical Philosophy) পরিবেশ করার জন্য কান্ট লকের প্রশংসা করেছেন। আবার কান্ট মনে করিয়ে দিয়েছেন যে হিউম তাঁকে তার বিশ্বস্তবাদের মোহমুক্ত করেছিলেন।

বর্তমান গ্রন্থে লক, বার্কলে এবং হিউমের কয়েকটি বিশেষ বিষয় সম্পর্কিত বস্তু আলোচিত হবে।

12 জীবনী ও রচনা [Life and Writings]

জন লক 1632 খ্রিস্টাব্দের 29 আগস্ট ইংল্যান্ডের ব্রিস্টলের কাছে রিংটন নামক স্থানে জন্মেছিলেন। 1644 খ্রিস্টাব্দে 28 অক্টোবর ইংল্যান্ডেরই ওয়েস্টম নামক স্থানে তিনি মারা যান। ব্রিটিশ ইতিহাসের একটি অন্যতম সংকটজনক রাজনৈতিক ও সামাজিক বাতাবরণের মধ্যে তিনি জীবনযাপন করেন। তিনি ওই কালের টানাপোড়েন থেকে সরে থাকেননি, বরং সক্রিয়ভাবে অংশ নিয়েছেন, তাত্ত্বিক নেতৃত্ব দিয়েছেন। ইতিহাসিকভাবে উল্লেখযোগ্য ওই যুগের কয়েকটি ঘটনা হল—রাজা প্রথম চার্লস এবং পার্লামেন্টের মধ্যে পোষাইন দ্বন্দ্ব; প্রেসবিটেরিয়ানস্² এবং ইন্ডিপেন্ডেন্টস্³ শক্তির উত্থান; প্রথম চার্লসের ফাঁসি (1649), নিভার ক্রমওয়েলের শাসন; ইংল্যান্ডের সিংহাসনের ওপর স্টুয়ার্ট রাজবংশের শাসনের পুনঃপ্রতিষ্ঠা (রিস্টোরেশন); দ্বিতীয় চার্লস ও দ্বিতীয় জেমসের রাজত্ব; 1688-র গ্লোরিয়াস রিভোলুশন; উইলিয়াম মেরীর রাজত্ব প্রতিষ্ঠার সাংবিধানিক মীমাংসা। লকের একাধিক রচনার সমাজ ও রাজনৈতিক জীবনের নিশ্চয়তার চিত্র ফুটে উঠেছে, তিনি সমস্যার সমাধান খুঁজতে চেয়েছেন। ব্যক্তি মানুষদের অলঙ্ঘনীয় কৃতিক অধিকার, তাদের পারস্পরিক চুক্তির ভিত্তিতে রাষ্ট্রের উদ্ভব প্রভৃতি বিষয়ে লক যে গুরুত্বপূর্ণ বস্তু বলেছিলেন তা পরবর্তী দুশো বছরের রাজনৈতিক ভাবনাকে প্রভাবিত করেছে।

লকের পিতা ছিলেন একজন আর্টিন, যিনি রাজা প্রথম চার্লসের সঙ্গে পার্লামেন্টের দ্বন্দ্বের সময়ে পার্লামেন্টের পক্ষ নেওয়ার কারণে অনেক সম্পদ হুইয়েছিলেন। তবে ব্যাপক সামাজিক অস্থিরতার মধ্যেও লকের স্থূল জীবনের শিক্ষা ব্যাহত হয়নি। লক শিক্ষা শুরু করেন ওয়েস্টমিনিস্টার মঠের স্কুলে। স্কুলের পড়া শেষ করে পার্লামেন্টারি কমিটির স্কলারশিপ পেয়ে (পিতা যেহেতু পার্লামেন্টের পক্ষে ছিলেন) অক্সফোর্ডে ভর্তি হন এবং 1652-তে ম্যাট্রিকুলেশন পাস করেন। 1656 খ্রিস্টাব্দে তিনি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের না বিভাগের স্নাতক হন এবং 1658 খ্রিস্টাব্দে স্নাতকোত্তর ডিগ্রি পান। লক প্রথমে 1660-এ গ্রিক ভাষার অধ্যাপক নিযুক্ত হন, পরে 1662 খ্রিস্টাব্দে অলংকার শাস্ত্র এবং 1663 খ্রিস্টাব্দে নীতি দর্শনের অধ্যাপক হন। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের সঙ্গে লকের জীবনের বত্রিশ বছর জড়িত ছিল। 1684-তে প্রথম চার্লস লকের সলোশিপ বন্ধ করে দেন, কারণ তাঁকে রাজনৈতিক দিক থেকে অনির্ভরযোগ্য বলে মনে করা হয়েছিল।

¹ ... they all agree that unless it is validly based upon our sense-experience we can have no sufficient ground for maintaining any proposition about a matter of fact, And it is for this reason that they are given the title of Empiricists." (P-10, British Empirical Philosophers, ed. A.J. Ayer)

² প্রেসবিটেরিয়ান বলতে বোঝায় প্রোটেস্ট্যান্ট চার্চের অন্তর্ভুক্ত, যা মূলত স্কটল্যান্ড এবং মার্কিন যুক্তরাষ্ট্রে দেখা পিয়েছিল। যাদের দাবি ছিল যে ধর্মীয় তথা চার্চের কার্যাবলি পরিচালিত হবে সমমর্মদাসম্পন্ন কর্মকর্তাদের দ্বারা। ইংল্যান্ডের চার্চের ইতিহাসে 1640-1660-এ স্বতন্ত্রবাদীরা অ-ক্যাথলিক ধর্মীয় স্বাধীনতা দাবি করেছিলেন। ধর্মীয় এবং চার্চের ব্যাপারে থাকবে স্থানীয় ধর্মমণ্ডলীর নিয়ন্ত্রণ।

পরীক্ষামূলক বিজ্ঞানের প্রতি লকের প্রবল আকর্ষণ ছিল বলেই তিনি গভীরভাবে মেডিসিন বিদ্যায় আগ্রহ করেন। তবে মেডিসিনকে পেশা হিসেবে নিতে চাননি, বরং প্রাকৃতিক বিজ্ঞানের টানে ওই কাজ করেছিলেন।

1668 খ্রিস্টাব্দে লক রয়াল সোসাইটির ফেলো নির্বাচিত হন, যেখানে রসায়নবিদ রবার্ট বয়েল ছিলেন মুখ্য চরিত্র। ওই সভায় লক আবহাওয়া বিষয়ক কিছু ভাবনাচিন্তা প্রকাশ করার সঙ্গে সঙ্গে রবার্ট বয়েলের 'General History of the Air' নামক রচনাটির সম্পাদনা করেন। 1691 খ্রিস্টাব্দে রবার্ট বয়েলের মৃত্যুর পর লক, বয়েলের 'Elements of Natural Philosophy' নামে একটি লেখা প্রকাশ করেন, যেখান থেকে ভৌত জগৎ সম্পর্কিত তৎকালীন বৈজ্ঞানিক আবিষ্কারগুলি উপস্থিত ছিল।

ইতিমধ্যে 1666 খ্রিস্টাব্দে লকের সঙ্গে লর্ড অ্যাশলের পরিচয় হয়, যিনি সফটেসবুরির প্রথম আর্চবিশপ (Earl of Shaftesbury) পদ পেয়েছিলেন। এই সময়ে লক সফটেসবুরিতে বসবাস করতে শুরু করেন। তিনি অ্যাশলের লিভারের জটিল সমস্যা দূর করার জন্য সহকারীদের সঙ্গে জটিল শল্য চিকিৎসার মাধ্যমে অ্যাশলেকে সারিয়ে তোলেন। তিনি 1667-তে অ্যাশলের গৃহচিকিৎসক, অ্যাশলের পুত্রের শিক্ষক এবং অ্যাশলের মন্ত্রণাদাতা নিযুক্ত হন। কিন্তু অ্যাশলের সঙ্গে বন্ধুত্বের মূল্য লককে অন্যভাবে দিতে হয়েছিল। বিট চার্লসের রাজত্বের শেষ দিকে সিংহাসনের পরবর্তী দাবিদার কে হবে সেই প্রশ্নকে কেন্দ্র করে বিতর্ক শুরু হয়েছিল। আর্ল অব সফটেসবুরি রাজার ভ্রাতা ডিউক অব ইয়র্কের সিংহাসন দাবির বিরোধিতা করেছিলেন। এই যুক্তিতে যে ডিউক ছিলেন ক্যাথলিক খ্রিস্টান। রাজরোষে পড়ে সফটেসবুরি 1682-তে আমস্টারডামে পালিয়ে যেতে বাধ্য হন। পরের বছর লকও তাঁকে অনুসরণ করেন। রাজস্বমত বিদেশেও লককে শাসন দিতে ছাড়েনি। 1684 খ্রিস্টাব্দে লক অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কৃত হন, আর 1685-তে বিট চার্লস নতুন রাজা দ্বিতীয় জেকবের সরকার অন্যান্য যড়যন্ত্রকারীদের সঙ্গে লককেও প্রত্যাগমনের দাবি জানানোর হুমকি দেয়। লক পালিয়ে যেতে বাধ্য হন।

1688 খ্রিস্টাব্দে ইংল্যান্ডে 'গৌরবোজ্জ্বল বিপ্লব' (Glorious Revolution) ঘটে। রাজা দ্বিতীয় জেমসের সারিয়ে তার প্রোটেস্ট্যান্ট কন্যা মেরি এবং ডাচ জামাতা উইলিয়ামের ক্ষমতা প্রতিষ্ঠিত হয়। এর ফলে বিট সাংবিধানিক রাজতন্ত্র ও সংসদীয় গণতন্ত্রের পথে অগ্রসর হয়। এই ঘটনা লকের জীবনের মোড় ঘুরিয়ে দেয়, তিনি ইংল্যান্ডে ফিরে আসেন। লককে নানা সরকারি পদ গ্রহণের কথা বলা হলেও, তিনি কিছু গ্রন্থ লিখতে পারেন না। যাকে দর্শন চর্চার জন্য যথেষ্ট সুযোগ পান। 1671-এ লক 'Essay Concerning Human Understanding' গ্রন্থের ড্রাফট তৈরি করেছিলেন, কিন্তু নানা কর্মকাণ্ডে জড়িত থাকার কারণে ওই গ্রন্থের কাজ সম্পূর্ণ হয়নি। 1689 খ্রিস্টাব্দে বিশাল আকারে Essay গ্রন্থটি প্রকাশ পায়।

লক কখনও বিবাহ করেননি। তিনি কর্মজীবন থেকে সরে এসে স্থায়ীভাবে Oates চলে এলেন তাঁর বন্ধু Sir Francis এবং Lady Masham-এর গৃহে। 1692 খ্রিস্টাব্দ থেকে তিনি সেখানে বসবাস করতে থাকেন। Lady Masham ছিলেন কেম্ব্রিজের নামি দার্শনিক Ralph Cudworth-এর কন্যা, যার সঙ্গে লক সহজেই বৌদ্ধিক ভাবনা বিনিময় করতে পারতেন। লক Lady Masham এবং অন্যান্য মহিলাদের বৌদ্ধিক গুণাবলিকে সম্মান করতেন যা তখনকার সময়ের পুরুষদের মধ্যে বিরল ব্যাপার ছিল। 1670-এ আইজাক নিউটনের সঙ্গে লকের বন্ধুত্ব গড়ে উঠেছিল। তিনি নিউটনের বিজ্ঞানসাধনার অনুরাগী ছিলেন এবং নিজের লেখায় 'the incomparable Mr. Newton' বলে উল্লেখ করেছেন।

লকের আন্তরিক বিনয় তাঁকে সর্বদাই পেছনের সারিতে রেখেছিল, যার জন্য শুধুমাত্র দীর্ঘ পরিচয় পরেই কেবল বন্ধুরা লকের চরিত্র এবং মনের সজীবতাকে আবিষ্কার করতে পারতেন। 1696-এ তিনি 'Commissioner of Trade'-এর পদ গ্রহণ করলেও, মন্দ স্বাস্থ্যের কারণে পদত্যাগ করতে চাইলেন। 1700 খ্রিস্টাব্দে তাঁর পদত্যাগ গৃহীত হল। লক এরপর শান্ত জীবনে ফিরে গেলেন। 1704 খ্রিস্টাব্দের শরতে লকের শরীর ভাঙতে শুরু করল। এই অসুস্থতার দিনগুলিতে Lady Masham লককে আন্তরিকভাবে সেবা করেন। 1704 খ্রিস্টাব্দের 28 অক্টোবর লক মারা গেলেন। মৃত্যুকালে Lady Masham লককে Psalms থেকে পাঠ করে শুনিয়েছিলেন।

লকের বহুচর্চিত রচনাগুলির তালিকা হল—

1689 – Essay Concerning Human Understanding.

1690 – Two Treatise of Civil Government.

– A Letter on Toleration (লাতিন ভাষায়, ছদ্মনামে প্রকাশিত)।

1693 – Some Thoughts Concerning Education.

1695 – The Reasonableness of Christianity.

1706 – লকের মৃত্যুর (1704) দু-বছর বাসে প্রকাশিত হয় The Conduct of the Understanding.

13

লকের ওপর পূর্ববর্তী এবং সমসাময়িক চিন্তাবিদদের প্রভাব [Influence of Previous and Contemporary Philosophers on Locke]

লকের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ দীর্ঘ দার্শনিক রচনা 'Essay Concerning Human Understanding' রচিত হয় 1689-এর শেষের দিকে। 1671-এ দুটি এবং 1685-তে একটি, এভাবে সর্বমোট তিনটি খন্ডে লকের পর গ্রন্থটি প্রকাশ পায়। খন্ডা রচনা ও মূল রচনার মধ্যে এত দীর্ঘ সময় অতিবাহিত হওয়ার, এবং নানা রাজনৈতিক কাজে অংশ নেওয়ার কালে লক রচনার বিষয়ে সম্পূর্ণ সতর্ক থাকতে পারেননি। এর ফলে লকের রচনার মধ্যে অনেক অসংগতি, পুনরাবৃত্তি এবং অনেকার্থতা থেকে গেছে বলে ব্যাখ্যাকরণ মনে করেন। লক নিজের আশঙ্কাকে এর কারণ বলে জানিয়েছেন— "...too lazy or too busy to make it shorter."¹

ব্যুৎপত্তি দার্শনিক দেকার্তের কয়েকটি রচনা লকের ওপর সর্বাপেক্ষা বেশি প্রভাব ফেলেছিল। লকের মৃত্যুর পাঁচ বছর বাসে 1637-এ দেকার্তের 'Discourse on Method' প্রকাশ পায়। 1641 এবং 1644 প্রকাশে যথাক্রমে দেকার্তের 'Meditations' এবং 'Principles of Philosophy' নামে আসে। দেকার্তের Regulae গ্রন্থের পাণ্ডুলিপি লক হ্যান্ডবুকে গিয়ে পড়েছিলেন বলে অনেকে মনে করেন। দেকার্তের প্রতি অজ্ঞতা জানিয়ে লক লিখেছিলেন, দুর্বোধ্য ভাষায় দর্শনের কথা বলার যে বিবরণটি দীর্ঘ সময় ধরে প্রচলিত ছিল তার থেকে সর্বপ্রথম আনাকে মুক্ত করেছিলেন।² 'Essay' গ্রন্থে নানা প্রসঙ্গে দেকার্তের ব্যবহার করা একধিক ধারণা উপস্থিত থেকেছে। যেমন, স্পষ্ট ও বিবিক্ত ধারণা, স্বজ্ঞালব্ধ (Intuitive) এবং প্রমাণমূলক (Demonstrative) জ্ঞানের মধ্যে পার্থক্য, প্রমাণমূলক জ্ঞানের ক্ষেত্রে যুক্তির ক্রিয়া (function of reason) ইত্যাদি। যদিও লকের দাবি ছিল যে দেকার্ত তাঁকে স্বলানস্টিক ভাবনা ও অ্যারিস্টটলের ন্যায়-যুক্তির অশ্বতা থেকে মুক্ত করেছেন, তথাপি তিনি বা দেকার্ত কেউই ওই যুক্তি সম্পূর্ণভাবে পেরেছিলেন এমন নয়। লকের দর্শনে রব্য, বিকার, সারধর্ম, আকস্মিক ধর্মের ধারণা পূর্বের মতোই গুরুত্বপূর্ণ ছিল। তেমনি তিনি দেকার্তের কাছ থেকে কারণ-কার্যের আবশ্যিক সম্পর্ক বিষয়ক বস্তুগ্ৰহণ করেছিলেন, যা পরবর্তীকালে হিউম খণ্ডন করেছিলেন।

কিন্তু দেকার্তের কাছে ওই স্বপ্ন থাকলেও 'Essay' গ্রন্থের প্রথম অধ্যায়েই বিস্তৃত আলোচনার মধ্যে লক স্বজ্ঞাত ধারণাতত্ত্ব খণ্ডন করে মনকে যথার্থভাবে মুক্ত করতে চেয়েছেন। তিনি দেকার্তের একাধিক সিদ্ধান্ত খণ্ডিত করেছেন— (1) চিন্তা হল মনের সারধর্ম; (2) বিস্তৃতি হল দেহের সারধর্ম; (3) গণিতের জ্ঞান সকল জ্ঞানের কাছেই আদর্শ; (4) পদার্থবিদ্যার জ্ঞানের ভিত্তি হিসেবে অধিবিদ্যাকে গ্রহণ না করে লক পর্যবেক্ষণ পর্দাঙ্কনের আরোহী পথ গ্রহণ করেছিলেন, যা তার Essay নামক গ্রন্থের Book-IV এর মূল আলোচ্য বিষয়। তবে ব্যতিক্রম হল এই যে, লক বিকার তত্ত্বের আলোচনা প্রসঙ্গে বলেছিলেন যে নৈতিকতাকে গণিতের মতো প্রমাণভিত্তিক যুক্তিতে প্রতিষ্ঠিত করা যায়। যদিও এই ধরনের নীতিবিদ্যার গ্রন্থ তিনি রচনা

¹ Epistle to the Reader, 1st letter to Stillingsfleet.

² "...the great obligation of my first deliverance from the unintelligible way of talking of the Philosophy in use in his time." (Ibid)

করেননি, এবং আদৌ তা করতে পারবেন কিনা সে বিষয়ে সন্দেহ ছিলেন।¹

অনেকে মনে করেন যে লকের ওপর দেকার্তের প্রভাব নেতিবাচক হলেও, তিনি ফরাসি দার্শনিক গ্যাসেন্ডির (1592-1655) করা দেকার্তের 'Meditations' গ্রন্থের সমালোচনা এবং আধুনিক রসায়ন শাস্ত্রের পথিকৃৎ রবার্ট বয়েলের (1627-1691) দ্বারা সাদর্থকভাবে প্রভাবিত হয়েছিলেন। লকের 'Essay' গ্রন্থের রচনার সাথে রবার্ট বয়েল সরাসরি যুক্ত ছিলেন। গ্যাসেন্ডির সঙ্গে লকের কখনো সাক্ষাৎ হয়নি, লক নিজের ওপর গ্যাসেন্ডির প্রভাব স্বীকার করেননি। কিন্তু তিনি গ্যাসেন্ডির রচনার সঙ্গে বিশেষভাবে পরিচিত ছিলেন এবং দেকার্তের বিরুদ্ধে গ্যাসেন্ডির আপত্তি ভালোভাবে জানতেন। কাজেই গ্যাসেন্ডির বক্তব্যের সঙ্গে লকের 'Essay'-এ সাদৃশ্যগুলি এত বেশি যে তাকে নিছক আকস্মিক ঘটনা বলা যাবে না। লাইবনিজ লককে গ্যাসেন্ডিপন্থী বলেছিলেন।² লক সহজাত ধারণা খণ্ডন করার ক্ষেত্রে গ্যাসেন্ডি এবং গ্যাসেন্ডিপন্থীদের সমর্থন পেয়েছিলেন। গ্যাসেন্ডি লককে দুটি বিষয়ে নিশ্চিত হতে সাহায্য করেছিলেন—জ্ঞানের শুরু ইন্দ্রিয় সংবেদনে এবং দীর্ঘকাল অথবা বিচারশক্তি হল সত্য ও জ্ঞান সংগ্রহের পথে অপরিহার্য। মনের মধ্যে এমন কিছু নেই যা পূর্বে ইন্দ্রিয়ের মধ্যে ছিল না—এই এপিক্যুরীয় বক্তব্যের অনুরূপ বক্তব্য হল, সংবেদন এবং অন্তর্বেদন (Sensation and reflection) হল ধারণার উৎস। এ ছাড়াও একাধিক বিষয়ে লকের বক্তব্যের সাদৃশ্য বক্তব্য গ্যাসেন্ডির লেখা পাওয়া যায়—দেহ ও মনের নিবিড় সম্পর্ক; জড় বস্তুও চিন্তা করতে পারে, এমন মত; প্রাণীদের মধ্যে স্মৃতিক্ষমতা আছে; জড় বস্তুর সার্বভৌমকে আবিষ্কার করার অসম্ভবতা ইত্যাদি। তা ছাড়া, তথাকথিত জ্ঞান অভিজ্ঞতা একটি স্বপ্ন হতে পারে, দেকার্তের এমন বক্তব্য উভয়েই খণ্ডন করেছিলেন।³

রবার্ট বয়েল (1627-1691) দেকার্তকে ব্যক্তিগতভাবে প্রভাবিত করেছিলেন। লক পরিচিত ছিলেন বয়েলের বৈজ্ঞানিক পরীক্ষানিরীক্ষার সঙ্গে এবং কোনো কোনো ক্ষেত্রে তাতে তিনি অংশ নিয়েছিলেন। উভয়েই সূচনা থেকে রয়াল সোসাইটির সদস্য ছিলেন। তারা এমন একটি গোষ্ঠীর সঙ্গে যুক্ত ছিলেন, যেখানে প্রায়শই বৈজ্ঞানিক বিষয়ে আলোচনা হত। লঙ্কনের এমনই এক আলোচনাচক্র 1670 খ্রিস্টাব্দে Essay গ্রন্থটি রচনার চিন্তার জন্ম কীভাবে হয়, সে-কথা লক বিস্তৃতভাবে পাঠকদের উদ্দেশ্যে গ্রন্থের শুরুতেই তুলে ধরেছেন। 'The Origin of Forms and Qualities' (1666) নামক গ্রন্থে রবার্ট বয়েল মুখ্য ও গৌণগুণের বিভাজনের কথা বলেছিলেন। লকের 'Essay' গ্রন্থের একটি মৌলিক তত্ত্ব ওই পরিভাষাতেই বাক্য হয়েছে। বয়েলের 'Corpuscular Physics'-এর বক্তব্য লকের লেখার সর্বত্র উপস্থিত আছে। লকের লেখায় একাধিকবার জড় বস্তুর উদাহরণ হিসেবে গোল্ডের কথা এসেছে, যা বয়েলের 'alchemical production of gold'-এর ওপর নির্ভরতা থেকে এসেছে।

লকের দর্শনের একটি প্রধান তাড়না ছিল সপ্তদশ শতাব্দীর বৈজ্ঞানিক সাফল্যের দার্শনিক তাৎপর্য নির্ণয় করা। লক এ কথা প্রমাণাত্মকভাবে মেনেছিলেন যে, জড় বস্তুসমূহের Corpuscular atomic Structure আছে। জড় জগতের চরিত্র ও কার্যাবলি মৌলিকভাবে যান্ত্রিক। বস্তুগুলি অসংখ্য অপ্রত্যক্ষযোগ্য কণার সমাহার। ওই কণাগুলি পরস্পরের সঙ্গে এবং আমাদের ইন্দ্রিয়সমূহের সঙ্গে যান্ত্রিকভাবে নিজস্ব বেগের সাহায্যে কাজ করে।

লক একটি স্পষ্ট ও নির্দিষ্ট পরিকল্পনা নিয়েই 'Essay' গ্রন্থটি রচনা করতে চেয়েছিলেন। মানুষের বোধশক্তি (human understanding) তাকে প্রাণীকুল থেকে পৃথক করে। এই বোধশক্তি বিষয়েই তাঁর গবেষণা। তিনি বোধশক্তিকে তুলনা করেছেন চক্ষুরিঞ্জিরের সঙ্গে। এদিক থেকে যে, চোখের সাহায্যে আমরা সবকিছু দেখি ও প্রত্যক্ষ করি বাটে, কিন্তু চোখ নিজেই দেখে না; তেমনি বোধশক্তি যদি নিজেকে নিজের

- 1 "I am bold to think that morality is capable of demonstration as well as mathematics." (B III, XI 16)
- 2 "Leibniz labelled Locke as a Gassendist." (A.D. Woozley, P-12, Introduction, An Essay Concerning Human Understanding.)
- 3 "The refutation of Descartes' methodological skepticism... ence might be a dream." (Woozley...)

করতে চায় তাহলে প্রয়োজন হবে উপযুক্ত কৌশল প্রয়োগ ও পরিশ্রম।¹ জ্ঞান তত্ত্বের আলোচনায় লকের ভূমিকাকে প্রশংসা করেছিলেন কান্ট। কান্ট বিচারবুদ্ধির আদালতে (tribunal of reason) বিশুদ্ধ বিচারবুদ্ধির ক্ষমতার বিচারের কথা বলেছিলেন। লক সম্পর্কিতভাবে কান্টের এই বক্তব্যের পূর্বসূরি হয়েছেন। 'Essay' গ্রন্থ রচনার উদ্দেশ্য ঘোষণা করেছিলেন লক—মানবীর জ্ঞানের উৎপত্তি, নিশ্চয়তা এবং বিস্তৃতি, এই সঙ্গে বিশ্বাস, মতামত ও সম্মতির মাত্রা বিষয়ে অনুসন্ধান করা।² সমগ্র গ্রন্থের মধ্যে ওই দুটি বিষয়ে বিশেষ আলোচনা করা হয়েছে—তিনি বিশ্বাসকে জ্ঞান থেকে পৃথক করেছেন। লক সেই ক্ষেত্রগুলিকে চিহ্নিত করতে চেয়েছেন যেখানে জ্ঞান অর্জন করা যোতে পারে এবং যেখানে বিশ্বাস নিয়েই সন্তুষ্ট থাকতে হয়। এ বিষয়ে লকের বক্তব্য উপস্থিত হয়েছে Book IV-এ, যেখানে তিনি দেকার্ত কৃত প্রাক্‌সিন্ধ অথবা আবশ্যিক জ্ঞান এবং অভিজ্ঞতা নির্ভর জ্ঞানের সকল পার্থক্যের বিরোধিতা করেছেন। লকের মতে, প্রাক্‌সিন্ধ জ্ঞান ও অভিজ্ঞতানির্ভর বা বস্তুস্থিতি বিষয়ক জ্ঞানের মধ্যে পার্থক্য করতে হবে। আবার অভিজ্ঞতানির্ভর জ্ঞান পৃথক পৃথক অভিজ্ঞতানির্ভর বিশ্বাস থেকে এবং পুনরায় এগুলিকে বিশ্বাসের (faith) সঙ্গে পৃথক করতে। এই চারটি ক্ষেত্রের প্রতিটির নিজস্ব প্রয়োগ ক্ষেত্র আছে। জগৎ বিষয়ক আমাদের জ্ঞানের অগ্রগতি হতে পারে যদি ওই পার্থক্য বিষয়ে আমরা সচেতন থাকি।

1.4 লক-এর জ্ঞানতত্ত্ব [Theory of Knowledge—Locke]

■ সহজাত ধারণা বর্জন—প্রথম পদক্ষেপ

'Essay' গ্রন্থের পাঠকদের উদ্দেশ্যে লক বলেছিলেন যে তিনি একজন সহকারি শ্রমিক হিসেবে নিয়োজিত হতে চান যাতে জ্ঞানের ভূমিকাকে কিছুটা পরিষ্কার করতে পারেন এবং জ্ঞানের পথে জমে থাকা আবর্জনা কিছুটা সরাতে পারেন।³ সহজাত ধারণাই এই আবর্জনা যাকে Essay গ্রন্থের প্রথম অধ্যায়ে বিস্তৃত আলোচনার মধ্যে দিয়ে তিনি বর্জন করেছেন।

■ সহজাত ধারণা কাকে বলে?

সহজাত ধারণাগুলি এমন ধারণা যা মানুষ জন্মকালে পায় এবং সঙ্গে করেই জন্মগ্রহণ করে। লক লক্ষ্য করেছেন যে, কিছু মানুষের মধ্যে এমন গৌড়া মত আছে যে বোধশক্তির ভিতর কতকগুলি সহজাত সূত্র, কিছু প্রাথমিক প্রত্যয়, কিছু বৈশিষ্ট্য আছে যেগুলি, যেন মনে ছাপা থাকায়, আত্মা তার প্রথম আবির্ভাবেই গ্রহণ করে এবং জগতে নিয়ে আসে।⁴ স্বভাবতই এই ধারণাগুলির সঙ্গে অভিজ্ঞতার যোগ না থাকায় অভিজ্ঞতার সেগুলি গৃহীত, পরিবর্তিত বা পরিত্যক্ত হয় না। লক এই ধারণাগুলিকে দু-ভাগে ভাগ করেছেন—তাত্ত্বিক অথবা দুরূপী (Speculative) এবং প্রায়োগিক (practical) সূত্র। প্রথম শ্রেণির মধ্যে পড়ে যৌক্তিক (logical)

1 "The understanding, like the eye, whilst it makes us see and perceive all other things, takes no notice of itself; and it requires art and pains to set it at a distance, and make it its own object." (Essay, Introduction Ch. John Locke)

2 "...to inquire into the original, certainty, and extent of human knowledge; together with the grounds and degrees of belief, opinion and assent." (Essay)

3 "It is ambitious enough to be employed as an under-labourer in clearing the ground a little, and removing some of the rubbish that lies in the way to knowledge...." (The Epistle to the Reader, Introduction, Essay, John Locke)

4 "It is an established opinion amongst some men that there are in the understanding certain innate principles; some primary notions, ... characters, as it were, stamped upon the mind of man, which the soul receives in its very first being; and brings into the world with it."

(p-67, Essay, J. Locke, edit by A.D. Woozley—এই গ্রন্থের সর্বত্র এই Edition ব্যবহৃত)

এবং অধিবিদ্যক (metaphysical) সূত্রগুলি। দ্বিতীয় শ্রেণির মধ্যে আছে নৈতিক কিছু ধারণা এবং সম্পর্কিত ধারণা। যৌক্তিক সহজাত বচনের উদাহরণ হল 'It is impossible for the same thing to be, and not to be'; একইভাবে সহজাত হল এই অধিবিদ্যক বচন, 'Whatever is, is' যা সত্য বলে কয়েকটি সত্য বলে গৃহীত।

■ সহজাত ধারণার দুটি ব্যাখ্যা

সহজাত ধারণার সবল ও দুর্বল দুটি ব্যাখ্যা আছে, দুটি আকারে বিষয়টি প্রকাশ পেয়েছে। সবল আকারটি প্রটোর এই বক্তব্যের মধ্যে প্রকাশ পেয়েছে যে, আমরা জ্ঞান সঙ্গে নিয়েই পৃথিবীতে জন্মি অন্যভাবে বলা যায়, জন্ম থেকেই আমরা অনেকগুলি বচনকে সত্য বলে জানি। 'Meno' নামক ডায়লগে প্রোট বলেছিলেন যে, সত্য বচনগুলিকে আমরা জন্মকালে অথবা জন্মের পূর্বে ভুলে গিয়েছিলাম এবং তাই যাকে নিক করা বলি তা আসলে ওই ভুলে যাওয়া বচনগুলিকে স্মৃতির মাধ্যমে মনে ফিরিয়ে আনার প্রক্রিয়ামাত্র।

দুর্বল দাবি অনুযায়ী আমরা জ্ঞান সংগ্রহের ক্ষমতা নিয়ে জন্মাই, ঠিক যেমন সাধারণ পরিস্থিতিতে হস্ত করার, হাঁটাচলা করার এবং ভাষা শিক্ষা করার ক্ষমতা নিয়ে জন্মাই। লকের মতে, "তারা বলেন ক্ষমতা সহজাত, জ্ঞান হল অর্জিত।"¹ যদি স্বাভাবিকভাবে বেড়ে উঠি তাহলে এগুলি সবই করতে পারি। এই ব্যাখ অনুযায়ী, একটি ধারণা মনের মধ্যে ছাপা থাকে, কিন্তু মন সে ব্যাপারে অজ্ঞ থাকে।

লক ওই দুটি দিক থেকেই সহজাত ধারণা বিষয়ক দাবি খণ্ডন করেছেন। তিনি চেয়েছিলেন মানববুদ্ধির সঠিক প্রয়োগ সীমা নির্ধারণ করতে, মানুষের মনে ধারণার উৎস নির্ণয় করতে। Essay গ্রন্থের Book-I-এর আলোচনার মধ্যে দিয়ে লক সহজাত ধারণা খণ্ডন করেছেন—প্রথমে তাত্ত্বিক সূত্র এবং পরে ব্যবহারিক সূত্র বর্ণিত হয়েছে। আমরা এর সংক্ষিপ্ত আলোচনা করব। লকের আলোচনায় প্রধানত সহজাত বচনের বিষয়টি এসেছে।

1.5 কোনো সহজাত ধারণা এবং সূত্রবাক্য নেই [No Innate Ideas and Principles]

সহজাত ধারণা এবং সূত্রবাক্যের অস্তিত্ব দাবিকে মিথ্যা প্রমাণ করতে পারলেই তবে দেখানো যাবে যে অভিজ্ঞতার পূর্বে শূন্য বা অলিখিত মনে কীভাবে ধারণার আগমন হয়। 'Essay' গ্রন্থের Book-I-এ লক যে বিস্তৃত আলোচনা করেছেন তার মুখ্য অংশটি উপস্থিত করা হবে। সহজাত ধারণা খণ্ডন পর্বের দুটি সমভাবে গুরুত্বপূর্ণ দিক আছে। তিনি বলেন, যদি দেখানো যায় যে, কেবল মাত্র স্বাভাবিক শক্তির (natural faculty) সাহায্য নিয়ে মানুষ সকল প্রকারের জ্ঞান সংগ্রহ করতে পারে, তবে তা সহজাততত্ত্ব খণ্ডন করার পক্ষে যথেষ্ট হবে। লক এখানে বুদ্ধিবাদী জ্ঞানতত্ত্বের বিকল্প গঠন করতে চাইছেন। তবে তিনি ওই সর্বপ্র পূর্বে উপনীত হওয়ার পূর্বে সহজাত তত্ত্বের ভিত্তিসূত্র 'সর্বজনীন গ্রাহ্যতা'-কে বিশদ আক্রমণ করেছেন।

এই আলোচনায় লক তিনটি বিষয় ধরেনিয়েছিলেন বলে মনে হয়। প্রথমত, সহজাত তত্ত্বের সমর্থকরা বিশ্বাস করেন যে ওই তত্ত্বের প্রতি সর্বজনীন সম্মতি (Universal Consent) আছে, কোনো ব্যতিক্রম নেই। দ্বিতীয়ত, সার্বিক সম্মতিকে তত্ত্বের সমর্থকরা কতকগুলি ধারণা ও বচনের পক্ষে স্পষ্ট প্রমাণ বলে মনে করেন। তৃতীয়ত, ধারণার সহজাত হওয়ার পক্ষে আর অন্য কোনো প্রমাণ নেই। এভাবে প্রতিপক্ষের বক্তব্যকে সীমিত ও অনুদারভাবে উপস্থিত করার জন্যই লক লড়কুটোর মানুষের সঙ্গে লড়াই করেছেন, এমন কথা কেউ কেউ বলেন।²

প্রথমত, যদি এ কথা সত্য হয়ও, অর্থাৎ যদি তর্কের খাতিরে ধরে নেওয়া যায় যে, কিছু নিশ্চিত সত্য

1 "The Capacity, they say, is innate, the knowledge acquired." (p-69 Ibid)

2 "In Characterizing his opponent's position in this somewhat restricted and uncharitable way, Locke is perhaps already guilty of setting up something of a straw man as his target." (Locke, p-26, E.J. Lowe, Routledge)

যে ব্যাপারে সকলে একমত, তথাপি প্রমাণ হয় না যে সেগুলি সহজাত। কোনো বচন না ধারণার সার্বিক প্রমাণের ব্যাপারে তার সহজাত চরিত্র প্রমাণ করে না।¹ লক তাই দেখাতে চান কীভাবে মানুষ সার্বিক সম্মতিতে পৌঁছায়। 'সার্বিক সম্মতি' অন্তর ধারণার পর্যাপ্ত শর্ত নয়।

দ্বিতীয়ত, এমন কোনো তথাকথিত সহজাত ধারণা নেই যার পক্ষে সর্বজনীন সম্মতি খুঁজে পাওয়া যাবে। "...there are none to which all mankind give an universal assent" — Essay)। 'যা কিছু বিশ্বাস্য, তা অস্তিত্ববান', 'একই বস্তুর পক্ষে হওয়া এবং না হওয়া অসম্ভব'—এই জাতীয় তাত্ত্বিক সূত্র তাই সার্বিকভাবে গৃহীত যে এদের বিষয়ে প্রশ্ন তুললে অস্বাভাবিক বলে মনে হবে। এগুলিকে সহজাত বলে মনে দাবি করে। লক দ্বিমত পোষণ করে বলেন যে, মানবজাতির এক বিরাট অংশ এগুলি সম্পর্কে আদৌ আহ্বিত নয়। লকের এই সমালোচনাটি দুভাবে উপস্থিত হয়েছে—

(ক) বস্তুর অভিজ্ঞতার ভিত্তিতে বলা যায় যে, শিশুরা এবং নির্বোধ ব্যক্তির ওই তাত্ত্বিক সূত্রগুলির বিষয়ে আদৌ চিন্তা করে না। এ কথা সত্য বলেই ওই ধারণা সার্বিক সম্মতির বিষয় নয়। এবং তাই তাহলে সহজাত নয়।

(খ) মনের মধ্যে কোনো কিছু ছাপা থাকবে অথচ মন তা জানবে না, এমন বস্তু স্ববিরোধী।² মনের মধ্যে ছাপা থাকা বলতে অবশ্যই বোঝায় মন তা প্রত্যক্ষ করে বা বুঝতে পারে।³ যদি শিশুদের এবং নির্বোধ ব্যক্তিদের আত্মা বা মন থাকে যার ওপর ওই সূত্রগুলির ছাপ আছে, তারা অবশ্যই সেগুলিকে প্রত্যক্ষ করবে এবং সেগুলির সত্যতায় সম্মতি দেবে। যেহেতু তারা তা করে না, তাই ওই জাতীয় ছাপ নেই।

তৃতীয়ত, সহজাত ধারণার দুর্বল ব্যাখ্যাটিকে আক্রমণ করে লক বলেছেন, কোনো একটি ধারণা মনে মুদ্রিত আছে অথচ মন সে বিষয়ে অজ্ঞ এবং কখনো সেটি লক্ষ করেনি বললে ধারণাটিকে 'কিছু নয়' (nothing) বলা যাবে।⁴

চতুর্থত, যদি দাবি করা হয় যে, একটি ধারণা জ্ঞাত না হয়েও মনের মধ্যে থাকতে পারে, তাহলে একই যুক্তিতে সকল সত্য বচনই, যাতে মন কখনও সম্মতি দিতে পারে, সেগুলিকেও মনের মধ্যে মুদ্রিত আছে বলা যাবে। এমন হতেই পারে যে মনের মধ্যে থাকা বচনগুলিকে কোনোদিনই জানা হল না, ব্যক্তি অজ্ঞ থেকেই মারা গেল।

পঞ্চমত, যদি বলা হয় যে, বচনগুলিকে জানবার সামর্থ্য (capacity of knowing) আমাদের আছে, অর্থাৎ যদি বচনগুলি আমাদের নজরে আসে তবে যুক্তি সেগুলিকে গ্রহণ করতে বাধ্য, তাহলে আমরা জানতে পারি এমন প্রতিটি সত্যই সহজাত হবে। সেক্ষেত্রে সহজাত ধারণাবাদীরা বিরোধীদের থেকে ভিন্ন কথা বলবেন না।⁵ কারণ কেউই অস্বীকার করেন না যে আমাদের মন অনেক সত্যকে জানতে পারে। যদি অজ্ঞাতসারে মনের মধ্যে সত্য বচন থাকতে পারে, তাহলে সকল ধারণাই সহজাত হবে অথবা আগতুক হবে—এদের মধ্যে পার্থক্য করার চেষ্টা ব্যর্থ হবে।⁶ লক বলেন, 'বোধশক্তির মধ্যে থাকা' এবং 'বুঝতে না পারা'; 'মনের মধ্যে থাকা' এবং 'কখনও প্রত্যক্ষিত না হওয়া'—এগুলি একই ব্যাপার, ঠিক যেন এমন বলা হচ্ছে যে মনের মধ্যে কোনো কিছু আছে এবং নেই। লক অবচেতন মানসিক অবস্থাকে দেকার্তের মতোই স্বীকার করবেন না।

ষষ্ঠত, লকের মতে, কোনো সূত্রকেই সহজাত বলা যাবে না যদি না ওই সূত্রবাক্যের মধ্যে উপস্থিত

1 "If it were true in matter of fact, that there were certain truths, wherein all mankind agreed, it would not prove them innate." (p-68, Locke, Essay)

2 "... it seeming to me near a contradiction, to say, that there are truths imprinted on the soul, which it perceives or understands it not;" (p-68 Essay, Ibid)

3 "No proposition can be said to be in the mind, which it never yet new, which it never yet conscious of." (Ibid)

4 "To say a notion is imprinted on the mind, and yet at the same time to say, that the mind is ignorant of it, and never yet notice of it, is to make the impression nothing." (Ibid)

5 "Whilst it pretends to assent the contrary, says nothing different from those who deny sinate principles." (p-69 Essay, Ibid)

6 "If truths can be imprinted on the understanding without being perceived, I can see no difference there can be between any truths the mind is capable of knowing in respect of their original : they must all be innate or all adventitious; in vain shall a man go about to distinguish them." (P-69, Essay, Ibid)

ধারণাগুলিও সহজাত নয়, অর্থাৎ যদি না মানুষ সেগুলির বিষয়ে পূর্বেই সচেতন হয়।¹ কিন্তু আমরা 'অসম্ভাব্যতা' (impossibility), বা তাদাত্মতার (identity) ধারণাকে সহজাত বলাতে পারি না। অথচ ওই ধারণাগুলি না থাকলে 'একই বস্তুর পক্ষে হওয়া এবং না-হওয়া অসম্ভব' এই সূত্রকে সহজাত বলা যাবে না।

তাত্ত্বিক ক্ষেত্রে যেমন সহজাত সূত্র নেই, তেমনি ব্যবহারিক (practical) ক্ষেত্রেও সহজাত নীতি যে নেই তা লক একাধিক যুক্তি দিয়ে দেখিয়েছেন। নৈতিক এবং ধর্মীয় ক্ষেত্রে সহজাত সূত্র নেই, কারণ—

(ক) বিশ্বাস (faith) এবং ন্যায়পরতাকে (justice) সকল মানুষ সহজাত সমধর্ম বলে মনে করে না। ন্যায়পরতা এবং প্রতিশ্রুতি রক্ষার ব্যাপারে সকলে একমত বলে মনে হয় না। লক বলবেন দুর্বৃত্ত ও ভুলদরপন নিজেদের মধ্যে সুবিধাজনক বলে ওই নীতিগুলি মেনে চলে, কিন্তু এটা কল্পনা করাও অসম্ভব যে তারা সূত্র হিসেবে সকলের জন্য ন্যায়পরতার নীতি গ্রহণ করবে।

(খ) কেউ বলতে পারেন যে বাস্তবিক ক্ষেত্রে না মানলেও সকলের চিন্তাতেই নৈতিক সূত্রগুলি গৃহীত হয়। উত্তরে লক বলবেন, (1) মানুষের আচরণই তার চিন্তাকে সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে।² (এক্ষেত্রে আচরণবাদী ব্যাখ্যার ইঙ্গিত রয়েছে)। (2) এ কথা খুবই আশ্চর্যজনক এবং অযৌক্তিক মনে হয় যে, সহজাত ব্যবহারিক সূত্রগুলি কেবল চিন্তাকর্মের মতোই শেষ হয়।³ ব্যবহারিক সূত্রগুলি প্রকৃতির কাছ থেকে যা অবশ্যই কাজের ক্ষেত্রে সমতা আনবে। তা যদি হয় তাহলে তাত্ত্বিক সূত্র ও ব্যবহারিক সূত্রের মধ্যে পার্থক্য থাকে না। লক এখানে 'ভালো-র জন্য প্রবণতা' (inclination of appetite to good) এবং 'বোধশক্তিতে সত্যের প্রভাব' (impression of truth on the understanding)-এর মধ্যে পার্থক্য করেছেন। প্রথমগুলিকে অবশ্যই সহজাত ব্যবহারিক সূত্র বলা যায়, কারণ প্রকৃতি মানুষকে সুখের প্রতি আকাঙ্ক্ষা (desire of happiness) এবং দুর্দশার প্রতি বিড়ম্বার (aversion to misery) মধ্যে স্থাপন করেছে। ফলে সকল যুগে এগুলি সার্বিক তাড়না হিসেবে দেখা দেয়। কিন্তু এগুলি বোধশক্তিতে সত্যের প্রভাবের জন্য নয়, তাই ব্যবহারিক বা নৈতিক সহজাত নীতি নেই।⁴

(গ) নৈতিক নীতিগুলি প্রমাণের (proof) অপেক্ষা রাখে, যা প্রমাণে অপেক্ষা রাখে তা সহজাত নয়, সূত্রের নৈতিক নীতিগুলি সহজাত নয়।⁵ 'একই বস্তুর পক্ষে হওয়া এবং না-হওয়া একই সঙ্গে সম্ভব নয়, এই তাত্ত্বিক সূত্রটির সত্যতা বিষয়ে প্রশ্ন তোলা অর্থহীন, কারণ এটি স্বতঃসত্য বলে যিনি শব্দগুলির অর্থ জানেন তিনি সম্মতি দেবেন। কিন্তু 'তেমন ব্যবহার করো যেমন তোমার প্রতি করা হবে'—এই নৈতিক সূত্রটি স্বতঃসত্য নয়। তেমনি লক বলেন, পুণ্যকর্ম (virtue) সকলের দ্বারা সমর্থিত হয় বলে সহজাত এমন নয়। ধারণাটি লাভজনক বলে সম্মতি পায়।⁶

(ঘ) ঈশ্বরের ধারণাটি সহজাত নয়, কারণ পৃথিবীর সর্বত্র মানব-প্রজাতি ঈশ্বর বিষয়ে একই ধারণা পোষণ করে না। নাস্তিকরা ঈশ্বরে বিশ্বাস করে না। বহু আদিম উপজাতির কাছে ঈশ্বরের ধারণা নেই। এমনকি

1 "if the ideas which made up those truths were not, it was impossible that the propositions made up of them should be innate." (P-36, Locke, Essay, ed. P. Pettison)

2 "It have always thought the actions of men the best interpreters of their thoughts." (P-28 Ibid)

3 "It is very strange and unreasonable to suppose innate practical principles that terminate only in contemplation." (P-28 Ibid)

4 "Nature, I confess, has put into man a desire of happiness, and an aversion to misery; these, indeed, are innate practical Principles, which (as practical principles ought) do continue constantly to operate and influence all our actions without ceasing; these may be observed in all persons and all ages, steady and universal; but these are inclinations of the appetite to good, not impressions of truth on the understanding." (P-29 Ibid)

5 Moral rules need a proof; ergo, not innate. (Ibid)

6 Virtue generally approved, not because innate, but because profitable. (Ibid)

যদি সকলের মনে ঈশ্বরের ধারণা থাকেও তথাপি তা সহজাত প্রমাণিত হয় না। কারণ এমন হতে পারে যে, মানুষ যুক্তি প্রয়োগ করে জগতে পরিকল্পনা বা উদ্দেশ্যের উপস্থিতির ভিত্তিতে ঈশ্বরের অস্তিত্ব অনুমান করতে পারে।

1.6

লকের আক্রমণের লক্ষ্য [Target of Locke's Attack]

সহজাত ধারণার উপস্থিতির বিরুদ্ধে 'Essay' গ্রন্থের Book-I এ লক যে যুক্তিজাল বিস্তার করেছেন তার লক্ষ্য কি কোনো বিশেষ দার্শনিক? দার্শনিক সম্প্রদায়? কাল্পনিক মানুষ (man of straw)? দার্শনিক মতবাদ? এই জাতীয় প্রশ্নে ব্যাখ্যাকারদের মধ্যে মতভেদ দেখা গেছে। একটি মত হল যে, দেকার্ত সহজাত ধারণা মেনেছেন এবং একে অপরিসীম গুরুত্ব দিয়েছেন, তিনিই হলেন লকের আক্রমণের লক্ষ্য। এই বক্তব্যের বিরুদ্ধ বক্তব্য হল, লক অন্তর ধারণার যে পক্ষ-যুক্তিকে আক্রমণ করেছেন তা দেকার্তের নয়। আরেকটি মত যে, লক স্পষ্টভাবে হারবার্ট অফ শারবুরির নাম করেছেন, যিনি হলেন আক্রমণের লক্ষ্য। কিন্তু কপোলস্টোনের মতবাদ হল যে, লক নিজেই বলেছেন তিনি এ বিষয়ে লেখার সময় হারবার্টের সঙ্গে আলোচনা করেছিলেন। কাজেই লক হারবার্টের বক্তব্যকে আক্রমণের লক্ষ্য করেননি এবং স্পষ্টভাবে বলেননি যে তাঁর মনে কোনো দার্শনিকের নাম ছিল।¹

কপোলস্টোনের মতে, লক যখন বলছেন, 'কিছু মানুষের মনে এই ধরনের মতামত আছে', তখন ধরতে হবে যে তিনি 'সাধারণভাবে তত্ত্বটিকে' আক্রমণ করে লিখছেন কোনো বিশেষ ব্যক্তি যথা দেকার্ত, কেন্ত্রিজ প্রিন্সিপালস্টোর নয়। কপোলস্টোন লিখেছেন, "He includes in a global fashion all the upholders of the theory" (P-74, Copleston, vol V)।

কপোলস্টোনের বক্তব্যকে সামনে রেখে আমরা দুটি বিষয় উল্লেখ করতে পারি।

প্রথম উল্লেখযোগ্য বিষয় হল এই যে, এন্টনি কেনির মতে 'সহজাত ধারণা কি আছে?' (Are there innate ideas?) এই প্রশ্নের একাধিক অর্থ আছে যেগুলিকে ভেঙে নিলে লক এবং দেকার্তের বক্তব্যের পার্থক্য আর তীব্র বলে মনে হয় না। (1) বিবেচ্য প্রশ্নটির অর্থ হতে পারে, মাতৃগর্ভস্থ শিশুরা কি চিন্তা করে? দেকার্ত এবং লক উভয়েই মনে করেন যে, অজাত শিশুদের সরল চিন্তা থাকে, যেহেতু তারা 'যন্ত্রণা' এবং উজ্জ্বলের সংবেদনকে সরল চিন্তা বলেছেন। দেকার্ত বা লক কেউই দাবি করেননি যে ওই শিশুদের জটিল বিজ্ঞানিক অথবা অধিবিদ্যক চিন্তা থাকে। (2) প্রশ্নটিকে 'চিন্তন কর্ম' হিসেবে না নিয়ে 'চিন্তনের সামর্থ্য' বলা যায়। সে ক্ষেত্রে জিজ্ঞাস্য হবে, 'মানব সত্তা কি সহজাত, সাধারণ বোধশক্তির সামর্থ্যের অধিকারী?' দেকার্ত এবং লক উভয়েই সদর্থক উত্তর দেবেন। (3) বোধশক্তির সাধারণ ক্ষমতা বিষয়ে প্রশ্ন না তুলে কিছু বিশেষ বচন সম্পর্কে আমরা প্রশ্ন তুলতে পারি। যেমন 'এক এবং দুই হল তিনের সমতুল্য' অথবা 'একই বস্তুর পক্ষে হওয়া এবং না-হওয়া অসম্ভব'। দেকার্ত এবং লক উভয়েই ওই বাক্যগুলিকে সম্মতি দেবেন অভিজ্ঞতার ভিত্তিতে নয়, বরং বাক্যগুলি স্বতঃসিদ্ধ বলে। লক দাবি করবেন যে ওই বচনগুলিকে বুঝতে পারার আগে থাকবে শিক্ষা করার একটি প্রক্রিয়া। দেকার্ত বলবেন যে সকল সহজাত ধারণাই এমন সূত্র নয় যাকে বুঝতে পারলেই সম্মতি দেওয়া যায়, বরং কতকগুলি বিষয়ে স্পষ্টতা ও বিবিক্ততা অর্জনের জন্য প্রয়োজন পরিশ্রমসাধ্য অনুশীলন। (4) প্রশ্ন তোলা যেতে পারে যে, এমন কী কোন সূত্র (Principle) আছে যা সার্বিক সম্মতি দাবি করতে পারে? সার্বিক সম্মতি সহজাত চরিত্র প্রতিষ্ঠা করেন না, এমন দাবি লকের। তা ছাড়া কোনো আত্মিক বা ব্যবহারিক সূত্র সার্বিক সম্মতি পায় না। সার্বিক সম্মতি সহজাত চরিত্রকে প্রতিপাদন করে না, আবার

¹ Hence he did not set out to attack Lord Herbert specifically; and he does not tell us which philosopher or philosophers he had in mind when started to attack the theory of innate ideas. (Ibid)

সহজাত চরিত্র সার্বিক সম্মতিকে প্রতিপাদন করে না। এন্টনি কেনি তাই মনে করেন, "In fact, to a large extent the arguments of Locke and Descartes pass each other by." (P-130, The Oxford Illustrated History of Western Philosophy)। দ্বিতীয় উল্লেখযোগ্য বিষয় হল যে, যদিও সহজাত ধারণার বিরুদ্ধে লকের আক্রমণের প্রধান কারণ হল অভিজ্ঞতাবাদের দাবি প্রতিষ্ঠা করা, তথাপি ভিন্ন ভিন্ন সময়ে সহজাতভাবে জ্ঞান যে ঈশ্বরের দেওয়া অধিকারের ভিত্তিতে রাজা রাজ্যশাসন করেন। কিন্তু উদারনৈতিক চিন্তাবিদ লক রাষ্ট্রের উৎপত্তি বিষয়ে সামাজিক চুক্তি মতবাদের অন্যতম প্রধান প্রবক্তা। জনগণ নিজেদের মধ্যে সামাজিক চুক্তি করে রাষ্ট্রগঠন করেছে। লক সহজাত ধারণা নির্ভর ঐশ্বরিক মতবাদ ত্যাগ করেছিলেন। যদিও লক প্রতিপক্ষের নাম উল্লেখ করেননি, তথাপি তিনি সকল প্রকারের ধর্মতাত্ত্বিক, রাজনৈতিক, অধিবৃত্তিক ও নৈতিক মতবাদগুলির বিরোধিতা করেছেন।

সহজাত ধারণার দাবি খণ্ডন করার পর Book-I-এর শেষ কয়েকটি ছত্রে লক ঘোষণা করেছেন যে মানুষেরা অবশ্যই নিজেদের চেষ্টাতেই চিন্তা করবে এবং জানবে। প্রিংগিল প্যাটিসন মনে করেন লকের এই বক্তব্যের মধ্যে রয়েছে সহজাত ধারণার বিরুদ্ধে লাগাতার লড়াই চালিয়ে যাওয়ার নৈতিক উদ্দেশ্য। লকের মতে কোনো ব্যক্তির বক্তব্য মেনে নেওয়ার মধ্যে শ্রদ্ধার পরিচয় দেওয়া হয় না; সর্বশ্রেষ্ঠ শ্রদ্ধা সাধারণ কারণেই হয় ("... the greatest reverence is due to truth")। যখন মানুষ দেখে যে এমন কতকগুলি সার্বিক বচন রয়েছে যেগুলিকে বুঝতে পারলে আর সন্দেহ করা যায় না, তখন সেগুলিকে সহজাত বলে মনে করে। আর একবার গ্রহণ করা হয়ে গেলে অলস ব্যক্তির নতুন করে অনুসন্ধান করতে চায় না। যুক্তির সরিয়ে রেখে বিশ্বাসে ভর করে সবকিছুকে সহজাত বলে চিহ্নিত করে। কিন্তু যদি অনুসন্ধান করা যায় যে কেমন করে সাধারণ ধারণা ও বচনগুলি গড়ে ওঠে তাহলে আর কোনো ধারণার সহজাত চরিত্র থাকে না।



1.7

লক কর্তৃক সহজাত ধারণা খণ্ডনের মূল্যায়ন [Evaluation of Locke's Refutation of Innate Ideas]

(1) এমন নয় যে লকই প্রথম সহজাত ধারণাকে খণ্ডন করে অভিজ্ঞতাবাদে এই ভিত্তিসূত্রকে গড়ে তুলেছিলেন যে, আমাদের সকল স্বাভাবিক ধারণাসমূহ ও জ্ঞান অভিজ্ঞতাজাত এবং কোনো সহজাত ধারণা নেই। ত্রয়োদশ শতাব্দীতে সেন্ট থমাস অ্যাকুইনাস সকল সহজাত ধারণাকে অস্বীকার করেছিলেন এবং জ্ঞানের ভিত্তিকে অভিজ্ঞতায় স্থাপন করেছিলেন। যদিও অ্যাকুইনাস অভিজ্ঞতাবাদী ছিলেন না তথাপি তিনি মনেছিলেন যে, ইন্দ্রিয় অভিজ্ঞতা এবং অন্তর্বেদন (reflection) ধারণার উৎস।

(2) নিজের বিরোধীদের মতোই লক সহজাত ধারণার সমস্যাটি উৎপত্তির সমস্যা (genetic problem) হিসেবে দেখেছিলেন। কীভাবে এবং কখন আমরা কতকগুলি বচনকে গ্রহণ করতে পারি, এটাই লকের বিবেচনা। Book-I-এ সহজাত ধারণা বর্জন করে তিনি Book-II-তে ধারণার উৎপত্তির অনুসন্ধান করেছেন। ফলে হিউমের মতো লক 'দার্শনিক তত্ত্ব হিসেবে অভিজ্ঞতাবাদ' এবং 'মনস্তাত্ত্বিক প্রকল্প হিসেবে অভিজ্ঞতাবাদ'-এর মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করেছিলেন।² দার্শনিক অভিজ্ঞতাবাদ ধারণার উৎস নয়, তার ব্যবহার (Use) আলোচনা করে।

(3) সহজাত ধারণার বিরুদ্ধে লকের আক্রমণকে পরোক্ষ (indirect) বলা যায়, যা 'সার্বিক সম্মতির

1 ".....we get the key to the really moral purpose of Locke's persistent war against innateness." (A.S. Pringle Pattison, editor Introduction to Locke's Essay, footnote, P-39)

2 "By hindsight we may criticise him, as also Hume afterwards, for confusing empiricism as a philosophical theory with empiricism as a hypothesis of psychology." (A.D. Woodley, Introduction, P-21, Essay, Locke)

যুক্তিটিকে আগ্রহ করে। এর ফলে মতবাদটির পক্ষযুক্তি থাকে না, কিন্তু তাতে যুক্তিটি আকারগত দিকে বাতিল হয়ে যায় না। তবে এ কথা ঠিক যে-কোনো মতবাদের পক্ষযুক্তি খণ্ডিত হলে তার বিশেষ মর্যাদা থাকে না।¹

(4) লকের যুক্তি হল যে, যদি বাস্তবিকই এমন কিছু সত্য থাকে যে বিষয়ে মানবসমাজ একমত, তথাপি সেগুলি সহজাত বলে প্রমাণিত হবে না যদি সার্বিক সম্মতির (universal consent) কোনো বিকল্প ব্যাখ্যা দেওয়া যায়। লক এক্ষেত্রে অনাযাভাবে ধরে নিয়েছেন যে সহজাত তত্ত্বই শেষ ব্যাখ্যা বা বিকল্প যে-কোনো ব্যাখ্যার চেয়ে নিম্নমানের।² সহজাত ধারণাবাদীরা এমন বস্তুর জন্য দায়বদ্ধ না হলেও লক এটি তাদের বক্তব্য বলে দাবি করেছেন যে, সার্বিক সম্মতি সহজাত সত্যের সঙ্গে নিবিড়ভাবে যুক্ত। ধরা যাক যে, একটি সত্য যদি সার্বিক সম্মতি পায় তবে তা সহজাত হবে; কিন্তু তার থেকে এ কথা প্রতিপাদিত হয় না যে, যদি একটি সত্য সহজাত হয় তবে তা সর্বসম্মতি পাবে। কাজেই লকের এই ঘোষণায় ভুল ছিল যে, সহজাত তত্ত্ববাদের মতে সার্বিক সম্মতি সহজাত হওয়ার পক্ষে প্রমাণ।³

(5) লক দাবি করেছিলেন যে, শিশুরা এবং অশিক্ষিত লোকেরা কোনভাবেই বিরোধবাদক নিয়ম বা তদায্য নিয়ম বিষয়ে চিন্তা করতে বা সম্মতি দিতে পারে না। কিন্তু এই দাবিটি সাক্ষাৎভাবে বাধ্যবাধক (immediately compelling) হয়ে ওঠে না। সম্মতি যে সর্বদাই প্রকাশ্য (explicit) হবে এমন নয়। লক কাজেই 'Second Treatise of Government' নামক রচনায় বহুবার 'প্রচ্ছন্ন সম্মতি' (tacit consent) কথাটি ব্যবহার করেছেন। কাজেই এমন বলা যেতে পারে যে শিশুরা এবং অশিক্ষিতরা সূত্রগুলিতে প্রকাশ্য সম্মতি দিতে অক্ষম কারণ এটিকে প্রত্যক্ষ করতে বা বুঝতে পারে না।

(6) লক দাবি করেছেন যে, মনে কোনো কিছু উপস্থিত থাকবে অথচ মন তা জানবে না, এমন হতে পারে না। এক্ষেত্রে লক অনুমোদন করেছেন যে, মনের মধ্যে থাকা প্রতিটি বচন বিষয়ে বর্তমানে সচেতন না হলেও চলবে। কোনো কোনো সত্য বর্তমানে মনের সামনে না থাকলেও আমরা সেগুলিকে মনে করতে পারি। তবে অবশ্যই ওই সত্যগুলি সম্পর্কে অতীতে কখনো সচেতন হয়েছিলাম যাতে তা স্মৃতিতে রক্ষিত থাকে। সহজাত তত্ত্বের সমর্থকরা বলবেন, কেন লকের দেখানো পথেই কেবল প্রথমবারের অভিজ্ঞতার পর কোনো সত্যকে মনে সংরক্ষিত করে রাখা যাবে তা বিতর্কিত বিষয়। তা হাড়া লকের কাছে অবচেতনের ধারণা না থাকায় তিনি দেকার্তের মতোই মন ও চেতনাকে সমব্যাপক বলে ভুল করেছিলেন।

(7) লক স্পষ্টতই এই ভুল দাবি করেছিলেন যে, সহজাত জ্ঞানকে বর্জন করলে মনকে 'অলিখিত কগজ'-এর মতো ভাবা যাবে। কারণ মন নিষ্ক্রিয়ভাবে ধারণা সংগ্রহ করে এমন না বলে কান্টের মতো এই প্রকল্পকে সামনে আনা যেত যে জ্ঞানগত অভিজ্ঞতায় আমাদের মন সক্রিয় থাকে। এই সত্তাবনাকে বাতিল করার মতো কোনো জোরালো যুক্তি লকের আলোচনায় উপস্থিত নেই।⁴

(8) ভাষাবিদ নোয়াম চোমস্কি লক্ষ করেছেন যে, প্রাণীকুলের সঙ্গে মানুষের একটি মৌলিক তফাৎ হল, মানবশিশু যে-কোনো ভাষা-পরিমণ্ডলের মধ্যে থেকে সেই ভাষাকে আয়ত্ত করার সামর্থ্য রাখে। কিন্তু এক জাতীয় প্রাণীর ব্যবহৃত ধ্বনি অন্য প্রাণী প্রয়োগ করতে পারে না। আসলে বিভিন্ন ভাষার মধ্যে যে মৌলিক ব্যাকরণগত কাঠামো আছে তা সকল মানব সন্তানের মধ্যে সহজাতভাবে উপস্থিত থাকে। বাস্তব সত্তা বিষয়ে

1 "Most of his attack on innate principles is indirect demolishing the arguments advanced in favour of them, a method of attack which, while depriving the doctrine of supporting reasons, does not formally refute the doctrine itself; ..." (Ibid P-17)

2 "From the supposition that if a truth is universally assented to, it is therefore innate, it does not follow that if a truth is innate, it is therefore assented to." (E.J. Lowe, P-27, Locke, Routledge.)

3 "So Locke is at best misleading in his assertion that the 'Argument of Universal Consent'... to prove innate Principles ...[is] a Demonstration that there are none such." (Ibid)

4 "

আমরা যে সকল গুরুত্বপূর্ণ জ্ঞান সংগ্রহ করতে পারি তার কারণ হল জ্ঞানার্জনের সামর্থ্যের সহজাত মানবপ্রজাতির মধ্যে বিদ্যমান।¹



ধারণা তত্ত্ব—জন লক [Theory of Ideas]

জ্ঞান সম্পর্কিত আলোচনা নির্ভর করে 'ধারণা' (idea)-র উদ্ভব প্রকৃতি ইত্যাদি বিষয়ের ওপর।² কারণে প্রথমে সহজাত ধারণা খণ্ডন করার পরেই লক ধারণার উদ্ভব, প্রকৃতি, শ্রেণিবিন্যাস, বিস্তৃতি নিয়ে 'Essay' গ্রন্থের Book-II-তে আলোচনা করেছেন। লক মনে করেছেন যে সূচনা পর্বে মন হল সাদা কাগজের মতো এবং তাই প্রশ্ন ওঠে "মনে ধারণাগুলি কীভাবে আসে?" এই প্রশ্নের উত্তর খুঁজতে তিনি "সাদা ঐতিহাসিক পাশ্চতি" প্রয়োগ করেছেন, অর্থাৎ যেমনভাবে মনে ধারণা উপস্থিত হয় ও বর্ধিত হয় তার মনস্তাত্ত্বিক বিবরণ দিয়েছেন। তিনি প্রশ্ন তুলেছেন, "মন কোথা থেকে যুক্তির এবং জ্ঞানের উপকরণগুলি পায়?" লক নিম্নোক্ত উত্তর দিয়েছেন—অভিজ্ঞতার ওপরেই আমাদের সকল জ্ঞানের ভিত্তি, সকল জ্ঞানকেই শেষ পর্যন্ত অভিজ্ঞতা থেকে পেতে হবে।³

■ ধারণা³ কাকে বলে? [What is an Idea?]

'Essay' গ্রন্থের ভূমিকাতে লক প্রশ্ন তুলেছেন, "What 'idea' stands for?" লকের মতে, "যা কিছু বোধশক্তির বিষয় হয় কোনো মানুষ যখন চিন্তা করে, তা হল ধারণা" (...whatsoever is the object of the understanding when a man thinks—Introduction, Essay)। বোধশক্তির বিষয় (object of the understanding) বলতে ঠিক কী বোঝায় তা স্পষ্ট নয়, কারণ লক 'ধারণা' শব্দটিকে অনেকার্থকভাবে প্রয়োগ করেছেন। এখানে 'বিষয়' (object) হল ব্যক্তিনিষ্ঠ বা মানসিক (subjective or mental content) বিষয়, বাস্তবিক বিষয় নয় অথবা এমন কিছু নয় যাকে ধারণার মাধ্যম দিয়ে বোঝা যায় বা ধারণা থেকে পৃথক। মানুষ যখন চিন্তা করে তখন চিন্তার বিষয়টিকে ধারণা বললে ওই শব্দটিকে ব্যাপক অর্থে ব্যবহার করা হয়। সেক্ষেত্রে অভিজ্ঞতালব্ধ ধারণা ছাড়াও বিমূর্ত ধারণা, কাল্পনিক ধারণা প্রভৃতিও এসে পড়ে। লক তাই বলেছেন, 'আমি ধারণা শব্দটিকে প্রয়োগ করে বোঝাতে চাই, অলীক মূর্তি, প্রত্যয়, প্রজ্ঞাতি অথবা

- 1 "If Chomsky's views about the innate contribution to language acquisition are accepted, we find that grammar then provides a striking example of strong innate constraints on the form of human thought." (P-42, From Language to Liberty, Kumar Mitra)
- 2 "To this I answer, in one word, from EXPERIENCE; in that all our knowledge is founded, and from that it ultimately derives itself." (Essay, Book-II, Chap-1)
- 3 লকের রচনায় 'ধারণা' শব্দটি অনেকার্থকভাবে ব্যবহৃত হয়েছে। কয়েকটি অর্থ হল— (a) একটি অর্থে 'ধারণা' শব্দটি ইন্দ্রিয়গ্রাহ্য গুণগুলিকে (Sensible qualities) বোঝায়। যেমন, নমনীয়তা, কাঠিন্য, শীতলতা, উষ্ণতা, সাদা, লাল, মিষ্ট এই জাতীয় অনুভব বা প্রত্যক্ষকারীর মনের অবস্থাকে বোঝায়। (b) কোনো কোনো প্রসঙ্গে লক ধারণা বলতে মানসচিত্তকে বুঝিয়েছেন। বার্কলে এবং হিউম এই অর্থে 'ধারণা' শব্দটি ব্যবহার করেছেন। (c) লক আবার 'ধারণা' বলতে কোনো কিছু সম্পর্কে চিন্তন ক্রিয়াকে বুঝিয়েছেন (an act of thinking about something)। (d) লক 'ধারণা' শব্দটিকে প্রত্যয়, প্রজ্ঞাতি, পদ প্রভৃতির শব্দান্তর হিসেবে প্রকাশ্যভাবে ব্যবহার করেছেন। ভাষার শব্দগুলি বাদের চিহ্ন (sign) ধারণা হল সেগুলি এবং এই ধারণা বোঝায় প্রত্যয়কে (concept)। (e) ধারণা শব্দটি লকের লেখায় যে বিষয়টির সঙ্গে জড়িয়ে গেছে তা হল—The term 'idea' is used to denote certain supposed entities which exist or occur in the mind (মনের মধ্যে আছে অথবা ঘটছে এমন কোনো বস্তু)।—John Locke on understanding, Gilbert Ryle, taken from P-19, Locke and Berkeley, ed. by C.B. Martin and D.M. Armstrong.

কিছু মন প্রয়োগ করে চিন্তার ক্ষেত্রে।¹ 'Essay' গ্রন্থের দ্বিতীয় অধ্যায়ে তিনি ধারণার পরিচয় দিয়েছেন, ধারণা থাকে মনে এবং মন যা কিছু নিজের মধ্যে প্রত্যক্ষ করে, অথবা যা সাক্ষাৎ প্রত্যক্ষের বা অথবা বোধ-অনুভবের বিষয়, তাকেই আমি ধারণা বলি।² এক্ষেত্রে দুটি পৃথক ধরনের মানসিক ঘটনা, প্রত্যক্ষরূপ (percept) এবং প্রত্যয় (concept), একইভাবে উপস্থিত রয়েছে। লক বলেছেন, সকলেই আমরা মনের বিষয়ে সচেতন এবং মন যে বিষয়ে চিন্তা করছে সে বিষয়েও সচেতন। ইন্দ্রিয়গুলি ব্যবহার করে শব্দ ইত্যাদিকে ধারণার আকারে মনের মধ্যে পাই। তেমনি সাক্ষাৎভাবে পাই চিন্তার অর্থপূর্ণ উপাদান। অন্য মানুষের মনেও যে এমন ধারণা থাকে তা বুঝতে পারি তাদের শব্দপ্রয়োগ ও আচরণের মাধ্যমে। লক 'চিন্তা' শব্দটিকে দেবার্তের মতোই ব্যাপক অর্থে প্রয়োগ করেছেন। ওই আলোচনার ভিত্তিতে ধারণার কয়েকটি বৈশিষ্ট্য লক্ষ করা যেতে পারে—

- (1) চিন্তা কর্মের বিষয় (object) বা উপাদান হল ধারণা।
- (2) ধারণা মনে সাক্ষাৎভাবে উপস্থিত থাকে।
- (3) ধারণা প্রত্যক্ষরূপ (percept) অথবা প্রত্যয় (concept) হতে পারে।
- (4) অসীম বিষয়েও (অসীম মূর্তি) ধারণা হয়।
- (5) মন নিষ্ক্রিয়ভাবে সরল ধারণা গ্রহণ করে।
- (6) মন সক্রিয়ভাবে জটিল ধারণা গড়ে তোলে।
- (7) মন এবং বাস্তব বস্তুর মধ্যে তৃতীয় বিষয় হিসেবে ধারণার অবস্থান। এই বস্তুর ফলে একদিকে জ্ঞানতাত্ত্বিক দ্বৈতবাদ (মন এবং বাস্তব বস্তু) তৈরি হয়, অপরদিকে মন এবং বস্তুর মধ্যে প্রাচীর গড়ে ওঠে।³
- (8) ধারণার সাহায্যেই জ্ঞান গড়ে ওঠে—জ্ঞান হল দুটি ধারণার মিল অথবা অমিল প্রত্যক্ষ করা।

ধারণার উৎপত্তি [Origin of Ideas]

কোনো অন্তর বা সহজাত ধারণা নেই। সূচনাপর্বে অর্থাৎ জন্মগ্রহণকালে মন অলিখিত কাগজের মতো, এটি অন্ধকার কক্ষের (Dark room) মতো বাহ্য এবং অভ্যন্তরীণ সংবেদনের মধ্যে দিয়ে ধারণা মনে প্রবেশ করে। উৎপত্তির দিক থেকে ধারণাগুলিকে লক দুই শ্রেণিতে ভাগ করেছেন—ইন্দ্রিয়ানুভব থেকে প্রাপ্ত ধারণা (সংবেদন) এবং অন্তর্বেদন (অন্তর নিরীক্ষণ) থেকে প্রাপ্ত ধারণা। প্রথম ক্ষেত্রে ইন্দ্রিয়গুলির সঙ্গে বহির্জগতের সংস্পর্শ ঘটায় ফলে রং, শব্দ, স্পর্শ, গন্ধ ইত্যাদির ধারণা মনে আসে। দ্বিতীয় ক্ষেত্রে, মানসিক ঘটনা বা বস্তু যেমন চিন্তা করা (thinking), সংশয় করা (doubting), বিশ্বাস করা (believing), যুক্তি করা (reasoning), জানা (knowing), ইচ্ছা করা (willing) এবং নিজের মনের বিভিন্ন প্রকাশের ক্রিয়া।

সংবেদনের (sensation) পরিচয় দিয়ে লক বলেছেন, আমাদের ইন্দ্রিয়গুলি বিশেষ বিশেষ বস্তুর সঙ্গে সংস্পর্শিত হয়ে মনে পৃথক পৃথক ধরনের সংবেদন পৌঁছে দেয়। এভাবেই আমাদের কাছে আসে নানা ধারণা, যেমন গন্ধ, উত্তাপ, শীতল, কোমল, কঠিন, তিক্ত, মিষ্ট—এককথায় যাদের আমরা ইন্দ্রিয়লভ্য গুণ বলি। লক বলেন, "This great source of most of the ideas we have, depending wholly upon our senses, and derived by them to the understanding, I call SENSATION."⁴ লক বলেন, ধারণাবস্তু মনের কাছে এগুলি পৌঁছে দেয় ফলে সেখানে নানা প্রত্যক্ষ তৈরি হয়।

¹ "I have used it to express whatever is meant by phantom, nation, Species, or whatever it is which the mind can be employed about in thinking..." (Introduction, Essay)

² "Whatsoever the mind perceives in itself, or is the immediate object of perception, thought or understanding, that I call idea..." (E 11, 8, P-66-pattison)

³ "... On Locke's view an idea is a sort of tertium quid forming a total barrier between the mind and the independent reality which it desires to know." (P-109, Knowledge and Perception H.A. Prichard)

⁴ ইন্দ্রিয়গুলির ওপর নির্ভর করে এবং সেখান থেকে বোধশক্তিতে আহরণ করে আমাদের কাছে যেসব ধারণা আছে তাদের বেশিরভাগেরই নিরাতি উৎসকে আমি সংবেদন বলি। (P-43, Ibid)

ধারণার অপর উৎস হল অন্তর্বেদন বা অন্তর নিরীক্ষণ (reflection)। এগেগেরে আমরা নিজের মনের ভিতরের কার্যকলাপ লক্ষ করি যেখানে কিছু ধারণা পাওয়া যায়। যখন মন বাহ্যজগৎ থেকে ধারণা সংগ্রহ করার পর তার নিজের ভিতর আকায় এবং ওই ধারণাগুলির বিষয়ে কার্যকলাপ (সংশয়, বিশ্বাস ইত্যাদি) লক্ষ করে অন্তর্বেদনে ধারণা লাভ করে। লক বলেন, "... I call this reflection, the ideas it affords being such only as the mind gets reflecting on its own operations within itself."

লক সংবেদন এবং অন্তর্বেদনকে মনের দুটি বিরাট এবং প্রধান কার্য বলেছেন। এই দুটি ক্রিয়া এক সপ্তম ঘণ্টে যাতে যে-কোনো ব্যক্তি চাইলে তার নিজের ভিতর এদের লক্ষ করতে পারে। সংবেদনের বিষয় বাহ্য জগৎ বস্তু; আমাদের মনের ভিতরের ক্রিয়া হল অন্তর্বেদনের বিষয়। এই দুটি একমাত্র উৎস থেকে আমাদের সকল ধারণা শুরু।¹

গঠনগত দিক থেকে লক ধারণাকে দুই ভাগে ভাগ করেছেন—(a) সরল ধারণা, (b) জটিল ধারণা।

1.9 সরল ধারণা [Simple Ideas]

লকের মতে, যে সকল গুণগুলি আমাদের ইন্দ্রিয়সমূহকে প্রভাবিত করে সেগুলি বস্তুর নিজের মতে এমনভাবে ঐক্যবদ্ধ ও মিশ্রিত হয়ে থাকে যে তাদের মধ্যে কোনো বিচ্ছিন্নতা বা দুরত্ব থাকে না। কিন্তু ওই গুণগুলি আমাদের মনে যে ধারণা উৎপন্ন করে তা ইন্দ্রিয়ের মাধ্যমে সরল ও অমিশ্রভাবে আসে। একই মোমবাতিতে হাত দিলে কোমলতা এবং উত্ত্বার অনুভব হয়। বরফের শীতলতা ও কাঠিন্য একই সঙ্গে কান থাকলেও আমাদের মনে পৃথক পৃথক ধারণা তৈরি হয়। এগুলি সংবেদনের সরল ধারণা। তেমনি জ্ঞান, বিশ্বাস, বিচার ইত্যাদি অন্তর্বেদনের (reflection) সরল ধারণা।

লক একাধিক দিক থেকে সরল ধারণাগুলিকে চিহ্নিত করেছেন—

- (1) সরল ধারণাগুলির বিভক্ত করে অন্য ধারণা পাওয়া যায় না। আমাদের মনের সামনে সরল ধারণা একরূপে উপস্থিত হয়।²
- (2) সরল ধারণাগুলিকে প্রত্যক্ষ অত্যন্ত স্পষ্ট ও বিবিস্তৃতভাবে আসে।³
- (3) সরল ধারণাগুলি সংবেদনের পথ বেয়ে বাহ্যবস্তু থেকে অথবা মনের ভিতর থেকে অন্তর্দর্শনের মাধ্যমে দিয়ে আসে।
- (4) বোধশক্তির এই ক্ষমতা আছে যে তার মধ্যে সংরক্ষিত সরল ধারণাগুলিকে একাধিকবার মনের সামনে আনা, পরস্পর তুলনা করা এবং অসংখ্যভাবে ঐক্যবদ্ধ করে নতুন জটিল ধারণা গড়তে পারে। কিন্তু সম্পূর্ণ নতুন সরল ধারণা গড়া বা গৃহীত সরল ধারণাকে ধ্বংস করার ক্ষমতা বোধশক্তির নেই। সরল ধারণা যেন দৃশ্যমান জগতের পরমাণুর (atom) অনুরূপ, নতুন পরমাণু গড়া বা পরমাণু ধ্বংস করা যায় না। তা যদি হত তাহলে অল্প ব্যক্তির রাজের ধারণা থাকত।⁴ বহির ব্যক্তির বিভিন্ন শব্দের স্পষ্ট ধারণা থাকবে।

- 1 আমি একে অন্তর্বেদন (অন্তর্দর্শন) বলি, যা কেবল সেই প্রকারের ধারণা প্রদান করে যা মন নিজের ভিতর নিজের ক্রিয়ার ফলে পেয়ে থাকে। (P-44 Ibid)
- 2 "These two, I say, viz, external material things as the objects of Sensation, and the operations of our own minds within as the objects of Reflection, are to me, the only originals from whence all our ideas take their Beginings." (P-44 Essay, Ibid)
- 3 "... (Simple idea) being each in itself uncompounded, contains in it nothing but one uniform appearance or conception in the mind, and is not distinguishable into different ideas." (P-53, Essay, Ibid)
- 4 "...there is nothing can be plainer to a man than the clear and distinct perception he has of those simple ideas." (Ibid)
- 5 "I would have any one try to fancy any taste which had never affected his palate,and when he can do this; I will also conclude, that a blind man hath ideas of colours, and a deaf man true distinct notions of sound." (P-54 Ibid)

5) সরল ধারণাগুলিকে মন নিষ্ক্রিয়ভাবে গ্রহণ করে। আমরা ইচ্ছা করি বা না করি সরল ধারণাগুলি মনে ছাপা হয়ে যায়। বোধশক্তি সরল ধারণাকে অস্বীকার করতে পারে না, বা মুছে দিতে পারে না। ঠিক যেমন একটি আয়না বা দর্পণ প্রতিচ্ছবিকে ফিরিয়ে দিতে, বদলে দিতে অথবা মুছে দিতে পারে না।¹

সরল ধারণা গ্রহণকালে মন নিষ্ক্রিয় থাকে, এই বক্তব্যের যথার্থ অর্থটি স্পষ্ট করা প্রয়োজন। ধারণা কালে মনের সকল ক্রিয়াকে লক অস্বীকার করেননি। সরল ধারণার সাহায্যে অটিল ধারণা গড়ার ক্ষেত্রে মন যে ঐচ্ছিক সক্রিয়তা থাকে, লক সরল ধারণার ক্ষেত্রে তা মানেননি।² তিনি পরে ওই অনৈচ্ছিকতাকে বিবয়ের গ্যারেটি হিসেবে নিয়েছিলেন যে, আমাদের সরল ধারণাগুলি বাস্তব এবং সত্য। সরল ধারণাকে উপস্থিত হতে হলে মন অবশ্যই উদ্দীপকের প্রতি মনোযোগ দেবে, ইন্দ্রিয় ছাপ গ্রহণের জন্য উপযুক্ত হবে।³

সরল ধারণার বিভাগ [Division of Simple Ideas] :

সরল ধারণাগুলি কীভাবে মনের সামনে আসে সেই বিবেচনা সরল ধারণার বিভাগ গড়ে তোলে।

- (1) কতকগুলি ধারণা আমাদের মনে কেবলমাত্র একটি ইন্দ্রিয়ের মাধ্যমে আসে। যেমন রং, শব্দ, স্বাদ, উত্তাপ, শীতলতা প্রভৃতির ধারণা।
- (2) কতকগুলি ধারণা আমাদের মনে একাধিক ইন্দ্রিয়ের মাধ্যমে উপস্থিত হয়। যেমন স্থান বা বিস্তৃতি, আকার, স্থিতি বা গতি প্রভৃতির ধারণা।
- (3) কতকগুলি ধারণা কেবলমাত্র অন্তর্বেদন বা অন্তর্দর্শনের মাধ্যমে আসে। যেমন চিন্তা ও ইচ্ছা।
- (4) কতকগুলি ধারণা সংবেদন ও অন্তর্বেদন উভয়ের পথ ধরে আসে। যেমন সুখ, দুঃখ, অস্তিত্ব প্রভৃতির ধারণা। সংবেদন থেকে পাওয়া ধারণা—

কেবলমাত্র একটি ইন্দ্রিয়ের মাধ্যমে আসা ধারণা প্রসঙ্গে লক বলেছেন, এক-একটি ইন্দ্রিয় এক-একটি শেষ গুণকে গ্রহণ করার উপযোগী। চোখের সাহায্যে আসে আলোক এবং বিভিন্ন ধরনের বর্ণ—শ্বেত, পীত, ল ইত্যাদি। সকল ধরনের শব্দ, আওয়াজ কেবলমাত্র কানের সাহায্যে আসে। স্বাদ এবং গন্ধ আসে যথাক্রমে দিকা এবং জিহ্বার মাধ্যমে। কোনো একটি ইন্দ্রিয় বিকল হলে সেই জাতীয় সংবেদন পাওয়া যাবে না।

স্পর্শেন্দ্রিয়ের মাধ্যমে আসে উত্তাপ, শীতলতা এবং কাঠিন্য বিষয়ক ধারণা।

দেশ বা বিস্তৃতি, আকৃতি, স্থিতি এবং গতির ধারণা আসে চক্ষু এবং স্পর্শের মাধ্যমে।

অন্তর্বেদন থেকে পাওয়া সরল ধারণা—

বাহ্য ইন্দ্রিয়গুলির মাধ্যমে ধারণা পাওয়ার পর আমাদের মন অন্তর্মুখীন হয় এবং ওই ধারণাগুলির বিষয়ে নিজের ক্রিয়া লক্ষ করে। লকের মতে, মনের দুটি প্রধান এবং ব্যাপক ক্রিয়া হল প্রত্যক্ষণ বা চিন্তন (perception or thinking) এবং ইচ্ছাশক্তি বা ইচ্ছাকর্ম (volition or willing)। চিন্তা করার ক্ষমতাকে লক বোধশক্তি এবং ইচ্ছাশক্তির ক্ষমতাকে বলে ইচ্ছা। মনের এই ক্ষমতাগুলিকে মৌলিক মানসিক শক্তি বলে।

¹ "These simple ideas, when offered to the mind, the understanding can no more refuse to have, nor alter when they are imprinted, nor blot them out and make new ones itself, than a mirror can refuse, alter, or obliterate, the images or ideas, which the objects set before it do therein produce." (P-52 Essay, Ibid)

² "What he means to emphasize is the involuntariness of 'bare naked perception' as contrasted with the voluntary activity involved in 'framing' complex ideas out of simple ones received." (Foot note by Pringle Pattison, P-52 Essay, Ibid)

³ "Locke said it (mind) was wholly passive, but could not have meant it is the sense it is taken, i.e., that the stimulus is inscribed upon the mind without any help at all from the mind." (Locke's Concept of Experience—J.W. Yelton)

অন্তর্বেদনের সরল ধারণার কয়েকটি প্রকাশ হল—স্মৃতিচারণ (rememberance), প্রভেদ করা (discerning), যুক্তি করা (reasoning), বিচার করা (judging), জ্ঞান (knowledge), বিশ্বাস (faith) ইত্যাদি।

■ সংবেদন এবং অন্তর্বেদন উভয়ের কাছে পাওয়া :

কৃতকগুলি সরল ধারণা সংবেদন এবং অন্তর্বেদন উভয়ের সহায়তায় পাওয়া যায়। আনন্দ এবং ব্যথা অস্তিত্ব এবং ঐক্য, শক্তি, পরস্পরা হল এই তালিকাভুক্ত। এই তালিকার শক্তির ধারণাটিকে বিচার করা দেখা যাবে কেমন করে উভয় উৎস থেকে সরল ধারণা আসে। আমরা নিজেদের কাজ করতে এবং বিচার করতে দেখি, আমরা ইচ্ছামতো দেখের বিভিন্ন অংশ নাড়াতে পারি। তেমনি আমাদের ইচ্ছায়ের সাহায্যে আমরা বস্তু একে অপরকে তৈরি করে বলে দেখতে পাই। ফলে সংবেদন এবং অন্তর্বেদন উভয় দিক থেকেই সরল বিষয়ক সরল ধারণা পাওয়া যায়।

■ মূখ্য ও গৌণগুণ [Primary and Secondary Qualities]

যা কিছু মন নিজের মধ্যে প্রত্যক্ষ করে, অথবা যা সাক্ষাৎ প্রত্যক্ষের বা চিন্তার অথবা বোধ-অনুভবের দ্বারা তাকেই আমি ধারণা বলি এবং আমাদের ধারণা উৎপন্ন করার শক্তিকে আমি বস্তুর গুণ বলি যেখানে শক্তিটি রয়েছে।

সরল ধারণাগুলির বিষয় অতিরিক্ত আলোচনা প্রসঙ্গে (Some further considerations concerning our simple ideas) লক ধারণা এবং গুণের মধ্যে পার্থক্য করেছেন। ধারণাগুলির অবস্থান মনের মধ্যে, বস্তু থেকে বস্তুর মধ্যে (Ideas in the mind, qualities in bodies)। আমাদের মনে শুভ্র, শীতল ও গোলাকার ধারণা উৎপন্ন করার শক্তি আছে একটি তুষার গোলকের মধ্যে। লক এগুলিকে তুষার গোলকটির গুণ বলে চিহ্নিত করবেন। আমাদের মনে উৎপন্ন সংবেদন (sensation) বা প্রত্যক্ষণ (perception) হল ধারণা।

গুণ হল বস্তুর শক্তি, এগুলিকে কোনোভাবেই বস্তু থেকে বিচ্ছিন্ন করা যায় না। বস্তুর মধ্যে নানা পরিবর্তন আসা সত্ত্বেও, বস্তুগুলির ওপর চাপ তৈরি করা সত্ত্বেও, এই গুণগুলি অপরিবর্তিত ও অবিচ্ছিন্ন থাকে। যেমন একটি গমের দানার ঘনত্ব, বিস্তৃতি, আকৃতি এবং গতি আছে। যদি দানাটিকে দু-ভাগে ভাগ করা হয় তাহলেও বিভক্ত অংশ দুটিতে ওই গুণগুলি (ঘনত্ব ইত্যাদি) উপস্থিত থাকবে। বস্তুর তথা গমের দানার ওই অবিচ্ছিন্ন গুণগুলিকে লক প্রাথমিক বা মৌলিক বা মূখ্যগুণ বলেছেন।¹

দ্বিতীয় একপ্রকার গুণের কথা বলেছেন লক যা হল গৌণ গুণ। এই গুণগুলি বস্তুর নিজস্ব শক্তি নয়, বরং আমাদের মনে বিভিন্ন সংবেদন তৈরি করার জন্য বস্তুর প্রাথমিক গুণ দ্বারা সৃষ্ট।² এশ্রেণিতে প্রাথমিক গুণ হল অংশের আয়তন, আকার, গঠন; অপর গুণগুলি হল বর্ণ, শব্দ, স্বাদ ইত্যাদি, যাদের লক নাম দিয়েছেন গৌণগুণ।

এই প্রসঙ্গে লক তৃতীয় এক ধরনের গুণের (tertiary) কথা বলেছেন যেগুলি বস্তুর গুণ হিসেবে আমাদের মধ্যে ধারণার সৃষ্টি করে এমন নয়, বরং একটি বস্তু অপর একটি বস্তুর ওপর ক্রিয়া করে তার মধ্যে পরিবর্তন আনে। এই পরিবর্তনের ফলে পরিবর্তিত বস্তুটি আমাদের ইচ্ছায়ের ওপর পূর্বের থেকে ভিন্নভাবে ক্রিয়া করে যেমন সূর্যের উত্তাপে একটি মোমের টুকরো তরল অবস্থা প্রাপ্ত হলে তাকে তৃতীয় প্রকার গুণ বলা যাবে এশ্রেণিতে কোনো দ্রব বা প্রত্যক্ষকারীর উপস্থিতি প্রয়োজনীয় নয়।

প্রশ্ন হল, বস্তুগুলি (তথা প্রাথমিক গুণগুলি) কীভাবে আমাদের মনে ধারণা উৎপন্ন করে? গৌণ

- 1 "Whatsoever the mind perceives in itself, or is the immediate object of perception, thought or understanding, that I call idea; and the power to produce any idea in our mind, I call quality of the subject wherein that power is." (E-B-II chap-8)
- 2 "These I call original or Primary qualities of body, which I think we may observe to produce simple ideas in us, viz, solidity, extention, figure, motion or rest and number." (Essay, p-67, ed. by Pringle Pattison)
- 3 "Such qualities, which in truth are nothing in the objects themselves, but powers to produce various sensations in us by their primary qualities." (E-II, ch-8)

জির ধারণাই বা কীভাবে উৎপন্ন হয়? লকের মতে, বস্তুগুলি থেকে ইন্দ্রিয়াতীত কণাসমূহ (insensible corpuscles) অথবা অদৃশ্য দেহসমূহ (imperceptible bodies) নির্গত হয় এবং আমাদের চক্ষুইন্দ্রিয়ের কাছে গতি হয় তার মধ্য দিয়ে মস্তিষ্কে কিছু গতি প্রেরণ করে যা আমাদের মনে ধারণার সৃষ্টি করে।¹ তবে মুখ্য গুণের ধারণার মধ্যে বিরাট পার্থক্য আছে। মুখ্য গুণের ধারণার সঙ্গে বস্তুর সাদৃশ্য আছে, কারণ এর আকার (pattern) যথার্থই বস্তুতে অস্তিত্ববান।² কিন্তু গৌণগুণগুলি আমাদের মনে যেসব ধারণার সৃষ্টি করে সেগুলির সঙ্গে বস্তুর সাদৃশ্য নেই। গৌণগুণের ধারণার অনুরূপ কোনো কিছুর বাস্তবিক অস্তিত্ব কেবলমাত্র ওই সংবেদনগুলির সৃষ্টিকারী শক্তি বস্তুর মধ্যে থাকে। মিস্টতা, নীলাভ, উয়তা থাকে কেবল মনে, কিন্তু বস্তুতে থাকে আয়তন, আকার, গঠন, গতি।

লক মুখ্য গুণগুলিকে 'যথার্থ গুণ' (real qualities) বলেছেন কারণ সেগুলি যথার্থই বস্তুতে অস্তিত্ববান। কোনো ব্যক্তির ইন্দ্রিয়গুলি আয়তন, সংখ্যা, আকার এবং গতিকে প্রত্যক্ষ করুক অথবা না করুক। কিন্তু স্বাদ, উত্তাপ, শ্বেতত্ব অথবা শীতলতা যথার্থই বস্তুতে থাকে না, যেমন থাকে না কোনো খাদ্যবস্তুতে স্বাদ অথবা যত্ন। যদি ইন্দ্রিয়গুলিকে সরিয়ে নেওয়া হয়—চোখ আলো দেখবে না, কান শব্দ শুনবে না, নাক স্বাদ নেবে না, নাক ছাণ গ্রহণ করবে না তাহলে সকল রং, স্বাদ, গন্ধ মুছে যাবে এবং শেষ হবে। মুখ্যগুণগুলি তাদের কারণ যে আয়তন, আকার এবং অংশের গতিতে রূপান্তরিত হবে। [এখানে উল্লেখ যেতে পারে যে, বার্কলে লকের এই যুক্তিকে ব্যবহার করে মুখ্য বা যথার্থ গুণগুলিকেও গৌণগুণের মতো নিয়ে এসেছিলেন। Pringle-Pattison বলেছেন, "In both cases their esse is percipi, and they would 'vanish and cease' with the disappearance of sentient life." (Foot note of Essay, Book II, ch-8)³ লক তাই গৌণগুণগুলিকে আরোপিত (imputed) ও ইন্দ্রিয়লভ্য (sensible) আখ্যা দিয়েছেন। অন্যদিকে মুখ্যগুণগুলি হল বস্তুর বাস্তবিক শক্তি যা আমাদের প্রত্যক্ষ নিরপেক্ষভাবে গ্রহণ এবং এদের থেকে পাওয়া ধারণাগুলি বস্তু যেমন তেমনই হয় (We have by these an idea of a thing as it is in itself)।

এই তত্ত্ব গঠনের ক্ষেত্রে লক রবার্ট বয়েলের জড় কণাবাদ দ্বারা প্রভাবিত হয়েছিলেন—অসংখ্য অবিভাজ্য কণার সমন্বয়ে জগৎ গঠিত হয়েছে। গ্যালিলিয়ো এবং দেকার্ত মুখ্য ও গৌণ গুণের মধ্যে ভেদ করেছিলেন লক গ্রহণ করেছিলেন।

উপরের আলোচনার ভিত্তিতে মুখ্য ও গৌণগুণের স্পষ্ট পার্থক্যকে উপস্থিত করা যেতে পারে—

- (1) আগেই বলা হয়েছে যে, মুখ্যগুণগুলি বস্তুর সঙ্গে অবিচ্ছেদ্য সম্পর্কে যুক্ত, এগুলি বস্তুর শক্তি। কিন্তু গৌণগুণগুলি বস্তুর ধর্ম নয় বলে বস্তুর বাইরে অবস্থান করে।
- (2) মুখ্যগুণের ধারণার সঙ্গে বস্তুর ধর্মের সম্পূর্ণ সাদৃশ্য (perfect resemblance) আছে, কিন্তু গৌণগুণের ধারণার সঙ্গে বস্তুর আদৌ কোনো সাদৃশ্য নেই।
- (3) গৌণগুণের ধারণা ব্যক্তি থেকে ব্যক্তিতে ভিন্ন হয়, কারণ তা ব্যক্তির ইন্দ্রিয়সমূহের গ্রহণ ক্ষমতার ওপর নির্ভর করে। কিন্তু মুখ্যগুণের ধারণার ক্ষেত্রে ওই ইন্দ্রিয় নির্ভরতা থাকে না বলে বস্তুর আয়তন, আকৃতি, গতি প্রভৃতি বিষয়ে দ্রষ্টার মনে ভিন্নতার সৃষ্টি হয় না।
- (4) কোনো দ্রষ্টার অস্তিত্ব না থাকলেও বস্তুর মুখ্য তথা যথার্থ ধর্মগুলি উপস্থিত থাকবে। কিন্তু গৌণগুণের ধারণা সেক্ষেত্রে অবলুপ্ত হবে।

And since the extension, figure, number and motion of bodies of an observable bigness, may be perceived at a distance by the sight, it is evident some singly imperceptible bodies must come from them to the eyes, and thereby convey to the brain some motion which produces these ideas which we have of them in us. (E.BK-II, ch.8)

'...the one the perfect resemblance of the other, as they are in a mirror.' (Ibid)

উক্ত ক্ষেত্রেই তাদের অস্তিত্ব হল প্রত্যক্ষণ, এবং সেগুলি অদৃশ্য হবে এবং বিরত থাকবে সচেতন জীবন সেরে গেলে।

(5) এক অর্থে গৌণগুণের ধারণাগুলি মুখ্যগুণের ধারণার ওপর নির্ভরশীল। বস্তুর ধর্ম বা শক্তিগুলি সঙ্গে ইন্ড্রিয়ের ক্রিয়ার ফলেই গৌণগুণ ও তার ধারণার আবির্ভাব ঘটে।

প্রশ্ন ওঠে যে, গৌণগুণগুলি কি সম্পূর্ণভাবে ব্যক্তিনিষ্ঠ (subjective)? অনেকে বস্তুনিষ্ঠতার ব্যা-
মেনোছেন, কারণ গৌণগুণগুলির ধারণার ক্ষেত্রে ব্যক্তিভিন্নতা আছে, দ্রষ্টার ওপর নির্ভরতা বা সাপেক্ষ
আছে, বস্তুর গুণের সঙ্গে সাদৃশ্য নেই। কিন্তু এই ব্যাখ্যা গ্রহণযোগ্য নয়। কপোলস্টোন লিখেছেন, "It
not terminologically accurate to say that according to Locke Secondary qualities
'subjective'." (p-87 vol.V)। এই মন্তব্যের সমর্থনে কয়েকটি যুক্তি দেখানো যায়—

প্রথমত, লকের মতে, গৌণগুণগুলি বস্তুর নিজস্ব শক্তি নয়, বরং আমাদের মনে বিভিন্ন সংবেদন সৃষ্টি
করার জন্য বস্তুর প্রাথমিক গুণ দ্বারা সৃষ্ট। ওই শক্তিগুলি যদি যথার্থই বস্তুতে না থাকে তাহলে তার
সরল ধারণা উৎপন্ন হবে না।

দ্বিতীয়ত, গৌণগুণগুলির ধারণা হল ব্যক্তিনিষ্ঠ। কারণ বর্ণ, শব্দ প্রভৃতির যে ধারণা আমাদের মধ্যে উৎপন্ন
হয়, তা বস্তুর জগতের কোনো বর্ণ, শব্দ ইত্যাদির অনুলিপি নয়। এখন যদি ব্যক্তিনিষ্ঠ বলতে বুঝি দ্রষ্টার
মনে উপস্থিতি, তাহলে মুখ্যগুণের ধারণাও ব্যক্তিনিষ্ঠ হবে। লক কিন্তু তা মানবেন না। মুখ্যগুণের ধারণা
সঙ্গে বস্তু ধর্মের আনুপূর্বিক সাদৃশ্য আছে যা গৌণগুণের ক্ষেত্রে নেই।

তৃতীয়ত, লক যখন বলেন যে, গৌণগুণ হল কিছু সংবেদন উৎপন্ন করার জন্য বস্তুর শক্তি ছাড়া কিছু
নয় (nothing but), তখন তিনি প্রচ্ছন্নভাবে এই সাধারণজ্ঞানকে অস্বীকার করছেন যে, বস্তুর রং বস্তু
উপরিভাগ থেকে আমাদের দৃষ্টিগোচর হয়। কিন্তু তা বলে লক এ কথা অস্বীকার করছেন না যে লাল বস্তু
হল ভৌতবস্তুর গুণ বা ধর্ম। E.J. Lowe-এর মত হল, লক এখানে বলতে চেয়েছেন যে, এই গুণটি,
বস্তুতে আছে, তা হল কেবল একটি শক্তি, অথবা প্রবণতা, সামর্থ্য যাকে লাল বর্ণের ধারণা বা সংবেদনে
সঙ্গে মিশিয়ে চলবে না। তবে ওই শক্তিকে শেষ পর্যন্ত বস্তুর প্রাথমিক গুণের সাহায্যে বুঝতে হবে।¹

■ মুখ্য-গৌণ গুণ বিভাজনের মূল্যায়ন [Evaluation of Primary-Secondary Division] :

লক কৃত গুণের বিভাজনটির অনেক ত্রুটি দেখানো হয়েছে, কিন্তু আমরা মাত্র কয়েকটি অসুবিধা তুলে ধরব
প্রথমত, লকের মতে, ধারণা হল প্রত্যক্ষের, চিন্তার অথবা বোধশক্তির সাক্ষাৎ বিষয়। আমরা কোম
বস্তুকে সরাসরি জানি না, বরং পরোক্ষভাবে ধারণার সাহায্যে জানি। তা যদি হয়, অর্থাৎ আমরা যদি কেবলম
ধারণার প্রতিনিধিত্বের মাধ্যমে বস্তুকে জানতে পারি—তাহলে মুখ্যগুণগুলি যে বস্তুর গুণ তা কীভাবে জানব
কীভাবে বস্তুধর্ম ও ধারণার সাদৃশ্যকে নির্ণয় করব? লকের বক্তব্য—কাঠামোর মধ্যে ওই প্রশ্নের মীমাংসা হ
না, মুখ্য ও গৌণগুণের বিভাজন বৈধ হয় না।²

দ্বিতীয়ত, সাদৃশ্য নির্ণয়ের ওই অসুবিধা বিষয়ে সচেতন থেকেই লক কারণতার ধারণার আশ্রয় নিয়েছিলেন
যখন আমাদের মনে এমনভাবে অসংখ্য সরল ধারণা উপস্থিত হয় যেন তা আমাদের ইচ্ছা-অনিচ্ছার ওপ
নির্ভর করে না। তখন এই ব্যাপারটা খুবই সম্ভব যে বাহ্যবস্তুগুলি আছে এবং সেগুলিই হল ধারণার কারণ
বিশেষ করে মন যখন দর্পণের মতো নিষ্ক্রিয় থেকে ধারণা গ্রহণ করে তখন বিষয়টি মানতে হবে। সাধারণজ্ঞানে
দৃষ্টি থেকে এই বস্তুর ওপর নির্ভর করা যায়। কিন্তু লকের মতে মনের সঙ্গে কেবল ধারণারই পরিচয়
হয় কোনো বস্তুর নয়, ফলে ধারণার কারণ হিসেবে মনের বাইরে উপস্থিত বস্তুকে বৈধভাবে জানা যায় না।
তৃতীয়ত, লক দাবি করেছিলেন যে, মুখ্যগুণগুলিকে বস্তু থেকে বিচ্ছিন্ন করা যায় না, এগুলি হল বস্তু

1 He is simply saying that this quality, as it is in the objects which possess it is just a 'power'
—or, as we might now prefer to call it, a 'disposition' or 'capacity'—Whose nature is not
to be confused with that of the idea or sensation of redness which we typically enjoy upon
being visibly confronted with red objects. (P-49)

2 "On Locke's representative theory of perception he has no means of establishing the validity
of his distinction primary and secondary qualities". (P-89, A History of Philosophy, vol-V
F. Copleston)

এই যুক্তিকে গৌণগুণের ক্ষেত্রে প্রয়োগ করে বলা যায় যে গৌণগুণগুলি মুখ্যগুণের সঙ্গে অবিচ্ছিন্ন হয়ে থাকে। তাই গৌণগুণ যদি বস্তুতে না থাকে তাহলে মুখ্যগুণও বস্তুতে থাকবে না। উদাহরণস্বরূপ বলা যায় রং (গৌণগুণ) এবং আকার (মুখ্যগুণ) অবিচ্ছিন্ন হয়ে থাকে। কোনো আকারের কল্পনা করা যায় না যে রং নেই—আকারকে রঙের সীমানা বলা যায়। এখন লক আকারকে মুখ্যগুণ বলে মেনেছেন, তাহলে রংও হবে মুখ্যগুণ।

চতুর্থত, লক পরিবর্তনশীলতাকে গৌণগুণের পরিচয় বলে মেনেছেন। তা যদি হয় তাহলে আকার ও আকৃতিও গৌণগুণ বলতে হবে। কাছ থেকে যে বস্তুকে বড়ো দেখায় তা দূর থেকে ছোটো বলে মনে হয়। এই পরিবর্তনশীলতার যুক্তিতে গৌণগুণকে বস্তুচ্যুত করলে তথাকথিত মুখ্যগুণগুলিও বস্তুর আশ্রয় হারায়। সপ্তমত, লক দাবি করেছেন যে, কেবলমাত্র মুখ্যগুণগুলি বস্তু থেকে অবিচ্ছেদ্য, কারণ এমন কোনো বস্তু বা দেহ থাকতে পারে না যার কোনো আকার অথবা আকৃতি নেই। লকের এই বক্তব্য সত্য হতে পারে কিন্তু কোনো বস্তুর একটি বিশেষ আকার নষ্ট হতে পারে।¹ একটি মোমের টুকরো ঘনক (cubical) আকার থেকে গোলক (spherical) আকারে বদলে যেতে পারে। একই কথা গৌণগুণ সম্পর্কে বলা যায়। উত্তাপের (গৌণগুণ) বিষয়ে আলোচনা করলে দেখি যে একটি বস্তু আর উত্তপ্ত না হলেও বস্তুটির কোনো তাপ (temperature) থাকবে। গতি (motion) একটি মুখ্যগুণ, কিন্তু একটি বস্তু গতিহীন (motionless) হতে পারে। আসলে লক যদি নির্ধারিত (determinate) প্রাথমিক গুণের কথা না বলে নির্ধারক (determinable) প্রাথমিক গুণের কথা বলতেন তাহলে তার বক্তব্য সঠিক হত।² একটি গমের দানাকে দুটি অংশে ভাগ করলে ভিন্ন অংশেই বিস্তৃতি এবং আকার থাকে বটে, কিন্তু নির্ধারিত একই মাত্রায় নয়।

ষষ্ঠত, লকের মতে গৌণগুণগুলি আমাদের মনে সংবেদন উৎপন্ন করার শক্তি ছাড়া কিছুই নয়। যদি লকের কথা মেনেও নেওয়া যায় তাহলেও গৌণগুণগুলিকে খাঁটি বা আসল (genuine) ধর্ম বলতে বাধা থাকে না, এগুলিকে ব্যক্তিনিষ্ঠ বলে প্রমাণ করা যায় না। লকের সঙ্গে এ ব্যাপারে একমত হওয়া যায় যে, গৌণগুণগুলির সংজ্ঞা দিতে হবে কোনো দ্রষ্টার সঙ্গে তার সম্পর্কের ভিত্তিতে। কিন্তু একটি ধর্ম সম্বন্ধবিষয়ক (relational property) হয়েও বস্তুনিষ্ঠ (objective) হতে পারে। 'সত্যজিৎ রায়ের চেয়েও লম্বা' হল একটি সম্বন্ধনিষ্ঠ ধর্ম। কিন্তু মিলখা সিং সত্যজিৎ রায়ের চেয়ে লম্বা ছিলেন তা স্পষ্টভাবে একটি বাস্তবিক ঘটনাকে নির্দেশ করছে।

সপ্তমত, লকের দাবি হল যে, গৌণগুণগুলি কারও দ্বারা প্রত্যক্ষিত না হয়ে থাকতে পারে না। এই দাবিটি লকের অপর মূল দাবির সঙ্গে সংগতিপূর্ণ নয় যে গৌণগুণগুলি হল বস্তুর শক্তি যা আমাদের মনে রূপ, রস, গন্ধ, স্বাদের সরল ধারণা উৎপন্ন করে।

লক সঠিকভাবেই বলেছিলেন যে, গৌণগুণগুলি হল বস্তুর সেই শক্তি যা আমাদের মনে সংবেদন উৎপন্ন করে। তিনি যুক্তি দিয়ে এটাও দেখিয়েছেন যে একই বস্তু থেকে তৈরি সংবেদন পরিস্থিতি অনুযায়ী ভিন্ন হতে পারে। কিন্তু গৌণগুণগুলি মানবকেন্দ্রিক (anthropocentric) হলেও ব্যক্তিনিষ্ঠ এবং কাল্পনিক হয়ে পড়ে না। গৌণগুণগুলি বস্তুর শক্তি দ্বারা উদ্দীপিত এবং দ্রষ্টার ইন্দ্রিয়ক্ষমতা ও পরিস্থিতি নির্ভরভাবে গৃহীত হয়।

1.10 অন্তর্বেদনে পাওয়া সরল ধারণা [Simple Ideas of Reflection]

'Essay' গ্রন্থে লক এ বিষয়ে বিস্তৃত আলোচনা করেছেন। আমরা খুবই সংক্ষিপ্তভাবে বিষয়টি উল্লেখ করব।

(1) প্রত্যক্ষকরণ (Perception) : প্রত্যক্ষকরণ হল মনের প্রথম কর্মশক্তি (faculty) যা সংবেদনে

"It may be true that a body must have some shape of other, but any particular shape can surely be lost ..." (P-133, The Oxford Illustrated History of Western Philosophy, ed. A. Kenny)

"But this is true only if he is speaking of determinable and not of determinate primary qualities." (P-90, Vol-V, A History of Philosophy, Copleston)

পাওয়া ধারণাগুলিতে প্রয়োগ করা হয়। কাজেই এটি অন্তর্বেদন থেকে পাওয়া প্রথম সরল ধারণা যাকে অনেকে সাধারণভাবে চিন্তাকর্ম (thinking) বলে থাকেন। কারণ প্রকাশ্য ও সাধাসিধে প্রত্যক্ষের ক্ষেত্রে সরল ধারণা গ্রহণে বাধা হয়। প্রত্যক্ষ যে কী তা সবচেয়ে ভালোভাবে বোঝা যাবে যদি কেউ অন্তর্দর্শনে নিজের কাজগুলিকে লক্ষ করে—দেখা, শোনা, অনুভব করা ইত্যাদি। দেখে যে-কোনো পরিবর্তনই হোক না কেন তা যদি মনে না পৌঁছায়, বহিরলক্ষে যে-কোনো ছাপই পড়ুক না কেন তা যদি ভেতরে লক্ষ করা না হয়, তা হলে কোনো প্রত্যক্ষ হয় না।²

লকের অভিজ্ঞতাবাদের মনস্তাত্ত্বিক ভিত্তি দাবি করে যে, প্রত্যক্ষ হল জ্ঞানের পথে প্রথম পদক্ষেপ এবং জ্ঞানের সকল উপাদানের প্রবেশপথ। আমাদের সকল বৌদ্ধিক কর্মশক্তিসমূহের (faculty) মধ্যে প্রথম ক্রিয়া হল প্রত্যক্ষ, যার মাধ্যমে সকল ধারণা মনে স্থান পায়।

(2) সংরক্ষণ (Retention) : জ্ঞানের পথে অগ্রগতি দ্বিতীয় যে কর্মশক্তির সাহায্য পায় তা হল সংরক্ষণ বা সংবেদন অথবা অন্তর্দর্শন থেকে পাওয়া সরল ধারণাগুলিকে মনের মধ্যে রাখা। এই সংরক্ষণের একটি দিক হল ধ্যান (contemplation) বা বিষয়ের প্রতি মনোনিবেশ করা। অপরটি হল স্মৃতি (memory) যা মনে পূর্বে উপস্থিত ছিল কিন্তু বর্তমানে অনুপস্থিত ধারণাগুলিকে পুনরায় উপস্থিত করার শক্তি। লক বলেন, 'This is memory, which is, as it were, the storehouse of our ideas' (E. BK-II, Chap-X)। মনোযোগ (attention), পুনরাবৃত্তি (repetition), সুখ (pleasure) এবং দুঃখ (pain) আমাদের মনে ধারণাগুলিকে দৃঢ়ভাবে স্থাপন করে।

(3) প্রভেদ করা (Discerning) : এটি মনের সেই কর্মশক্তি (faculty) যা বিভিন্ন ধারণার মধ্যে প্রভেদ করতে সাহায্য করে। লক মনে করেন যে, মনের সামনে বিভ্রান্তিকর তালগোল পাকালে ধারণাসমূহের উপস্থিত থাকাকাটাই যথেষ্ট নয়। মন যদি না বিভিন্ন বস্তু এবং তাদের গুণগুলিকে স্বতন্ত্রভাবে প্রত্যক্ষ করে, তাহলে খুব অল্প জ্ঞানই পাওয়া যায়। প্রভেদ করার কর্মটা তাই গুরুত্বপূর্ণ।

(4) তুলনা করা (Comparing) : বিস্তৃতি, মাত্রা, কাল, স্থান অথবা অন্য কোনো পরিস্থিতির দিক থেকে ধারণাগুলিকে পরস্পরের সঙ্গে তুলনা করাটা হল অপর একটি গুরুত্বপূর্ণ ক্রিয়া। এই কাজের আওতার আসে বিশাল সংখ্যক ধারণা যা সম্পর্ক (relation) হিসেবে বিবেচিত হয়।

(5) মিশ্রিত করা (Compounding) : সংবেদন এবং অন্তর্বেদন থেকে সংগৃহীত কিছু সরল ধারণাকে মিশ্রিত করে মন জটিল ধারণা গড়ে তোলে। যেমন কতগুলি একক (unit) যুক্ত করে পাওয়া যায় বারোটটির (dozen) ধারণা।

(6) নামকরণ করা (Naming) : সংবেদনগুলি শিশুর মনে বারংবার উপস্থিত হতে থাকলে সেগুলি স্মৃতিতে দৃঢ়ভাবে বাঁধা পড়ে এবং তারা চিহ্নের (sign) ব্যবহার শিখতে থাকে। চিহ্নগুলি শব্দের সঙ্গে যুক্ত হয় এবং সেগুলি নাম হিসেবে বস্তু বা ব্যক্তিকে নির্দেশ করে।

(7) বিমূর্তীকরণ (Abstraction) : যদি প্রতিটি ধারণারই পৃথক নাম থাকত, তাহলে নামের সংখ্যার কোনো শেষ থাকত না, তা অসীম সংখ্যক হয়ে উঠত। এই বিষয়টিকে প্রতিহত করার জন্য আমাদের মন বিশেষ বিশেষ বস্তু থেকে পাওয়া ধারণাগুলিকে সাধারণ ধারণায় (general) পরিণত করে। এই কাজ করার জন্য বিশেষ ধারণাগুলিকে তাদের সকল স্থান, কাল ও অন্যান্য সম্পর্ক থেকে বিচ্ছিন্ন করে যেভাবে মনের সামনে প্রতিভাত হয় তা দেখা হয়। একেই বলে বিমূর্তীকরণ যার মাধ্যমে ধারণাগুলি বিশেষ সত্তা থেকে

1 'For in bare, naked perception, the mind is, for the most part, only passive; and what it perceives, it cannot avoid perceiving.' (E.Bk-II, Chap-IX)

2 'This is certain, that whatever alterations are made in the body, if they reach not the mind; whatever impressions are made on the outer parts, if they are not taken notice of within, there is no perception.' (Ibid)

অগ্রসর হয়ে একই ধরনের ধারণাগুলির সাধারণ প্রতিনিধি (General representative) হয়ে ওঠে।¹ এই পদ্ধতিতে বিশেষ ধারণা থেকে আমরা সার্বিক (universal) ধারণাতে যাই।

1.11 জটিল ধারণা [Complex Ideas]

সরল ধারণাগুলি থেকে আমাদের মন জটিল ধারণা তৈরি করে। বিভিন্ন প্রকার সরল ধারণার সাধারণ বৈশিষ্ট্য হল যে মন নিষ্ক্রিয়ভাবে এগুলি গ্রহণ করে। মন কেবল এখানেই আটকে থাকে না, কেবল সংবেদন এবং অন্তর্দর্শনেই আমাদের সকল ধারণা থেমে থাকে না, যদিও সেগুলিই একমাত্র উৎস যেখান থেকে ধারণা নাম দেওয়া যায়। যেমন— সৌন্দর্য, কৃতজ্ঞতা, সেনাদল ইত্যাদি। লক বলেন, মন এমন কতগুলি কাজ করে যার ফলে সরল থেকে জটিল ধারণা গড়ে ওঠে। সরল ধারণাগুলি এখানে উপাদান (material) এবং জটিল ধারণাসমূহের ভিত্তি।² সরল থেকে জটিল ধারণার সৃষ্টির পথে লক মনের তিনটি ক্রিয়াকে চিহ্নিত করেছেন—

(1) সংযুক্ত বা মিশ্রিত করা (Combining) : যে ক্ষেত্রে কতগুলি সরল ধারণাকে যুক্ত করে যৌগিক বা জটিল ধারণা গড়ে তোলা হয়। যেমন—শ্বেতবর্ণের, মিষ্টত্বের এবং কাঠিন্যের সরল ধারণাগুলিকে যুক্ত করে পাই চিনির ডেলার জটিল ধারণা।

(2) সম্বন্ধ (Relation) : সরল অথবা জটিল দুটি ধারণাকে একই সঙ্গে গ্রহণ করা যাতে তাদের একই সঙ্গে দেখা যায়। ধারণা দুটি এক্যবন্দ্য হয় না, তাদের মধ্যে সম্পর্ক চিহ্নিত হয়। ছাত্র-শিক্ষকের জটিল ধারণাটিতে ছাত্র ও শিক্ষক মিশে যায় না, তাদের স্বাতন্ত্র্য বজায় রেখেও সম্পর্ক দেখানো হয়।

(3) বিমূর্তীকরণ (Abstraction) : এই প্রক্রিয়ার মধ্য দিয়েই সাধারণ ধারণা (General idea) গড়ে ওঠে। এক জাতীয় বিভিন্ন বস্তুসমূহের সাধারণ দিকটিকে বিচ্ছিন্ন করে (separating them) বিমূর্ত জটিল ধারণা গড়ে ওঠে। এভাবেই বহু বিচিত্র ধরনের মানুষের ধারণার সাধারণ দিকটিকে সক্রিয় মন বেছে নেয় মনুষ্যত্বের ধারণা হিসেবে।

■ বিভিন্ন প্রকারের জটিল ধারণা [Different Types of Complex Ideas]

লকের মতে সরল ধারণাগুলি সবই বস্তু থেকে আসে, এবং এখ্যাপারে মনের বাড়তি কিছু করার নেই, কেবল নিষ্ক্রিয়ভাবে, যেমনভাবে আসে তেমনভাবে, গ্রহণ করা ছাড়া। কিন্তু সরল ধারণাসমূহকে সংগ্রহ করার পরে মন নিজের শক্তির বলে জটিল ধারণা গড়তে পারে। লকের মতে অসংখ্য ধরনের জটিল ধারণা গড়ে উঠলেও তাদের তিনটিতে পর্যাবসিত করা যায়—(1) বিকার (Mode), (2) দ্রব্য (Substance) এবং (3) সম্পর্ক (Relation)।

(1) বিকারসমূহ (Modes) : বিকার বলতে লক সেই ধরনের জটিল ধারণাকে বোঝাবেন যেগুলি যতই জটিল হোক না কেন তাদের মধ্যে কোনোভাবেই নিজে থেকে অবস্থান করার প্রত্যয় থাকে না, বরং দ্রব্যের ওপর নির্ভরশীল অথবা দ্রব্যের ভালো বলে বিবেচিত হয়। লক বলেছেন, "Modes, I call such complex ideas which, however compounded, contain not in them the supposition of subsisting by themselves, but are considered as dependences on, or affections of substances" (E. BK-II Ch-12)। উদাহরণ হিসেবে লক ত্রিকোণ, কৃতজ্ঞতা, হত্যা ইত্যাদি শব্দগুলির সাহায্যে যে ধারণা চিহ্নিত হয় সেগুলিকে বুঝিয়েছেন।

1 'This is called abstraction, whereby ideas taken from particular beings become general representatives of all of the same kind; and their names general names, applicable of whatever exists conformable to such abstract ideas.' (E, BK-II, Chap-II)

2 But as the mind is wholly passive in the reception of all its simple ideas, as the materials and foundations of the rest, the others are formed. (E, BK-II, Chap-XII)

লক সরল বিকার (Simple modes) এবং মিশ্র বিকারের (Mixed modes) মধ্যে পার্থক্য করেছেন। প্রথমটির প্রসঙ্গে লকের বক্তব্য হল, এমন কিছু বিকার আছে যেগুলি একই সরল ধারণার নানা পরিবর্তন অথবা মিশ্রণের ফলে তৈরি হয়, অন্য ধারণার সঙ্গে মিশ্রিত হয় না, যেমন এক ভজনের ধারণা। একটি ধারণার সীমার মধ্যে থাকে বলে লক একে সরল বিকার বলাবেন [...I call simple modes, as being contained within the bounds of one simple idea. (E. BK-II, Ch-XII)]। লক বিদ্বুতভাবে সরল বিকারের বিভিন্ন প্রকাশ আলোচনা করেছেন বটে, কিন্তু আমরা কেবল ওই বিকারগুলির নাম উল্লেখ করেই প্রসঙ্গান্তরে যাব। এগুলি হল যথাক্রমে দেশ, স্থায়িত্ব, সংখ্যা, অসীমতা, গতির বিকার, শব্দের বিকার, বর্ণ, স্বাদ এবং গন্ধ।

দ্বিতীয় ধরনের বিকার অর্থাৎ মিশ্র বিকারের ক্ষেত্রে বিভিন্ন ধরনের সরল ধারণার সমন্বয় (Combination) দেখা যায়। যেমন, সৌন্দর্যের ধারণা গঠিত হয় বর্ণ এবং আকারের বিশেষ গঠন থেকে, যার জন্য ব্রহ্মীর কাছে বিষয়টি নয়ন-মনোহর হয়ে ওঠে। এই ধরনের মিশ্র বিকারের ধারণা গঠনের ক্ষেত্রে মনের কাজ হল ভিন্ন ধরনের সরল ধারণাগুলিকে যুক্ত করা। জটিল ধারণাটির অনুরূপ কোনো কিছু প্রকৃতিতে থাকতে পারে বটে, তবে এটি কোনোভাবেই আবশ্যিক নয়।

কৃতজ্ঞতা, মস্ততা, ভগ্নামি, পবিত্র কিছুকে অপবিত্রকরণ, হত্যা—এগুলি মিশ্র বিকারের দৃষ্টান্ত। এখানে প্রতিটি ক্ষেত্রেই একাধিক ভিন্ন ধরনের সরল ধারণার মিশ্রণ ঘটেছে।¹ কিন্তু এগুলির অবস্থান কোথায়? হত্যা কর্মের মধ্যেই কেবল হত্যার ধারণার বাহ্যিক অস্তিত্ব আছে, যা ক্ষণকালীন। তবে মানুষের মনে কোনো ধারণার দীর্ঘকালীন অস্তিত্ব থাকে কেবল ওই বিষয়ে চিন্তা করার সময়। লক এই জাতীয় বিষয়কে ধারণাশ্রয়ী (notion) বলেছেন, কারণ সরল ধারণাগুলির সাহায্যে জটিল ধারণা গঠন করার সময় সেটির প্রকৃতিতে অস্তিত্ব আছে কিনা তা পরীক্ষা করা হয় না।² এই জাতীয় 'নোশানগুলি' মনের সক্রিয়তায় গঠিত এবং পরস্পরযুক্ত হয়, যা লকের কাছে বিমূর্ত ধারণা (abstract idea) হিসেবে গণ্য।

প্রশ্ন হল, মিশ্র বিকারগুলি বিভিন্ন পৃথক সরল ধারণার সাহায্যে গড়ে ওঠার সময় এদের ঐক্য (unity) কীভাবে তৈরি হয়? লক এখানে নামের (name) তথা শব্দের (words) ভূমিকাকে গুরুত্বপূর্ণ বলে মনে করেছেন। লকের মতে, ওই ঐক্য হল মনের ক্রিয়ার ফল (It is plain it has its unity from an act of the mind)। মন একাধিক ভিন্ন জাতীয় সরল ধারণাকে যুক্ত করে এবং সেটিকে জটিল ঐক্য হিসেবে দেখে, যার বিভিন্ন অংশ থাকে। ওই ঐক্যকে সাধারণত সম্পূর্ণ ঐক্য হিসেবে দেখা হয় এবং একটি নাম দেওয়া হয়। নামের সাহায্যেই মানুষ ওই বিমূর্ত ঐক্য বিষয়ে কথা বলে, কিন্তু ঐক্য গঠনকারী সরল ধারণাগুলির সম্পর্কে প্রায়শই কিছু বলে না। লকের মতে, মিশ্র বিকারের জটিল ধারণা পাওয়ার একটি প্রধান উপায় হল নামের ব্যাখ্যা করা। যেখানে কোনো নাম নেই সেখানে অনুরূপ ধারণারও অস্তিত্ব নেই।

প্রশ্ন হল, কীভাবে আমরা মিশ্র বিকারের জটিল ধারণা সংগ্রহ করি? লকের মতে, এখানে তিনটি পদক্ষেপ লক্ষ করা যায়— প্রথমত, বস্তু বিষয়ে অভিজ্ঞতা ও পর্যবেক্ষণের মাধ্যমে তা পাওয়া যায়। দুজন ব্যক্তিকে কুস্তি করতে দেখে আমরা কুস্তির ধারণা পাই। দ্বিতীয়ত, বিভিন্ন সরল ধারণাকে ঐচ্ছিকভাবে যুক্ত করে মিশ্র বিকারের ধারণা পেতে পারি। যিনি ছাপাখানা আবিষ্কার করেছিলেন তার মনে প্রথমে বিষয়টি ছিল। পরে তা বাস্তবায়িত হয়েছে। তৃতীয়ত, নিত্য ব্যবহৃত পদ্ধতি হল, না-দেখা ক্রিয়াটির নামকে, অথবা দৃষ্টিতে ধরা দেয় না এমন বিমূর্ত ধারণার নামকে ব্যাখ্যা করে এগোনো যায়। শিশুরা এভাবেই বহু শব্দের অর্থ শিক্ষা করে।

1 These mixed modes, being also such combinations of simple ideas as are not looked upon to be characteristic marks of any real beings that have a steady existence but scattered and independent ideas put together by the mind, are thereby distinguished from the complex ideas of substance. (E, BK-II, Ch. 22)

2 "And hence, I think, it is that these ideas are called notions; as if they had their original and constant existence more in the thoughts of men, than in the reality of things;" (E, BK-II, chapt-22)

(2) দ্রব্য বিষয়ক জটিল ধারণা (Complex Idea of Substance) : লকের 'Essay' গ্রন্থের অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হল দ্রব্যের ধারণা বিষয়ক তত্ত্ব। 'দ্রব্য' নামটি একটি জটিল ধারণার নাম, বাহ্যজগতের কোনো বস্তুর নাম নয়। লকের মনস্তাত্ত্বিক বিশ্লেষণ দেখায় যে, মনের সামনে অসংখ্য সরল ধারণা উপস্থিত হয় সংবেদনের পথে বাহ্যবস্তু থেকে, অথবা অন্তর্দর্শনের পথে মনের নিজের কার্যকলাপের সঙ্গে পরিচিত হয়ে। মন এটা লক্ষ করে যে, কিছু সংখ্যক সরল ধারণা নিয়তই একই সঙ্গে আসে, যাতে মনে হয় যেন সেগুলি একটি বস্তুতে অবস্থান করে এবং শব্দ (নাম) ব্যবহার করে বোঝানো হয় যে তারা একটি মাত্র বিষয়ের (subject) মধ্যে ঐক্যবদ্ধ হয়। কোনো একটি বস্তুর দিকে তাকালে (ফুলের গাছ) একাধিক সরল ধারণা ভেসে আসে—বর্ণচ্ছটা, গন্ধ, স্পর্শ, আকার ইত্যাদি। এই সকল সরল ধারণা নিজে থেকে অবস্থান করতে পারে কিনা সে প্রশ্ন ওঠে। বিষয়টি বুঝতে না পেরে, অর্থাৎ ধারণাগুলির স্বতন্ত্র অস্তিত্ব বুঝতে না পেরে, আমরা ধরে নিই যে অবশ্যই কোনো ভিত্তি বা অধঃস্তর (substratum) আছে যেখানে ধারণাগুলি অবস্থান করে এবং যেখান থেকে সেগুলি উপস্থিত হয়। একেই লক দ্রব্যের ধারণা বলেছেন।¹

■ সাধারণভাবে এবং বিশেষভাবে দ্রব্যের ধারণা

বিশুদ্ধ দ্রব্যের সাধারণ (Pure substance in general) পরিচয়কে কেউ নিজের মনের মধ্যে খুঁজলে দেখবে যে সেখানে অন্য কোনো ধারণা নেই কেবল এই বিশ্বাস বা কল্পনা আছে যে, আমাদের মনে সরল ধারণা প্রেরণ করে যে গুণগুলি তাদের এক অজ্ঞাত আধার আছে।² লক বলেন, আমরা যে ধারণাকে সাধারণ নাম 'দ্রব্য' আখ্যা দিই, সেটি আর কিছুই নয় যে গুণগুলিকে আমরা অস্তিত্ববান দেখি তাদের কল্পিত অজানা আধার। আমরা কল্পনা করি যে গুণগুলি নিজে থেকে থাকতে পারে না তাই তাদের জন্য প্রয়োজন দ্রব্যের আধার।³ গুণ থাকলে দ্রব্য থাকবে। 'গুণ কার?' এই প্রশ্ন তুললে গুণীকে মানতে হবে, যদিও তা আমাদের জ্ঞানের বিষয় নয়। এভাবে দ্রব্যের ধারণার সাধারণ পরিচয় মেলে যা সকল গুণ-সংকলনের ক্ষেত্রেই প্রযোজ্য। কাজেই গুণের আধারকে মানলেও সে বিষয়ে কোনো স্পষ্ট ও স্বতন্ত্র ধারণা নেই।

দেখা গেল যে, লক দ্রব্যের ধারণা বিষয়ে আলোচনা করেছেন, তার অস্তিত্ব বিষয়ে নয়। দ্রব্যের ধারণাটি আমাদের অভ্যাসের সঙ্গে জড়িয়ে আছে এমন বললে দ্রব্যের অনুমান অনাবশ্যক হয়ে পড়ে না এবং দ্রব্য বলে কিছু নেই এমন বক্তব্যও আসে না। লকের মতে দ্রব্য বিষয়ক অনুমানটির ন্যায্যতা আছে, যদিও এটি যে অনুমান তা মানতেই হয়। আমরা দ্রব্যকে প্রত্যক্ষ করি না, আকস্মিক গুণগুলির আধার বলে অনুমান করি। দ্রব্য হল সেই আধার যেখানে প্রাথমিক গুণ বা শক্তি উপস্থিত থাকে এবং সেখান থেকে আমাদের মনে সরল ধারণার জন্ম দেয়। কাজেই দ্রব্যকে নিছক কাল্পনিক বিষয় বলা যাবে না—'It is not to say that substance is a mere figment of the imagination' (Copleston, HP, Vol-V, P-92)।

বিশেষ দ্রব্যের ধারণা (Ideas of Particular Substances) সম্পর্কে লক বলেছেন যে, আমরা বিশেষ ধরনের দ্রব্যের ধারণায় উপনীত হই আমাদের ইন্দ্রিয়গুলির অভিজ্ঞতা ও পর্যবেক্ষণ দ্বারা সংগৃহীত ধারণাগুলিকে যুক্ত করে। লক্ষ করি যে গুণগুলি একত্রে থাকে এবং তাই ধরে নিই যে সেগুলি ওই দ্রব্যের বিশেষ

1 "...not imagining how these simple ideas can subsist by themselves, we accustom ourselves to suppose some substratum wherein they do subsist, and from which they do result, which therefore we call substance." (Essay, BK-II, Ch-23)

2 "...if any one will examine himself concerning his notion of pure substance in general, he will find he has no other idea of it at all, but only a supposition of he knows not what support of such qualities which are capable of producing simple idea in us..." (Essay, BK-II, ch-23)

3 "The idea, then, we have, to which we give the general name 'substance', being nothing but the supposed, but unknown, support of those qualities we find existing, which we imagine cannot subsist *sine re substante* (the offence of breaking), without something to support them, we call that support substantia; which according to the true import of the word, is, in plain English, standing under or upholding" (Essay, BK-II, ch-23)

অভ্যন্তরীণ গঠন অথবা অজ্ঞাত সারধর্ম থেকে প্রবাহিত হয়।¹ এভাবে মানুষ, স্বর্ণ, জল ইত্যাদির মিশ্র ধারণা পাই। এর অতিরিক্ত কিছু পাওয়া যায় কিনা তা মনের মতো খুঁজে দেখতে পাঠককে অনুরোধ করবেন লক।² দার্শনিকের চেয়ে একজন কর্মকার বা একজন স্বর্ণকার ভালোভাবে জানে যে প্রত্যক্ষযোগ্য স্বাভাবিক গুণগুলিকে একত্রিত করলে ব্যবহার সঠিক জটিল ধারণা পাওয়া যায়। যে-কোনো ধরনের ব্যবহার বিষয়ে বস্তুর গড়ে ওঠে এভাবে—এটি একটি বস্তু যার এই-এই ধরনের গুণ আছে। যেমন, একটি দেহ হল এমন বস্তু বা বিস্তৃত, আকারপ্রাপ্ত, গতির সামর্থ্যযুক্ত; আত্মা হল একটি বস্তু যার চিন্তা করার সামর্থ্য আছে। আমাদের কথা বলার এই কারণে এমন বার্তা পৌঁছে দেয় যে, সর্বদাই ব্রহ্ম হল বিস্তৃতি, আকার, ঘনত্ব, গতি, চিন্তাকর্ম অথবা অন্যান্য পরিবর্তনশীল ধারণার অতিরিক্ত কিছু, যদিও এটি কী তা আমরা জানি না (We know not what it is)।

লকের মতে, বিশেষ ব্রহ্মগুলি সম্পর্কে আমাদের স্পষ্ট ধারণা থাকে কারণ এগুলি ইন্দ্রিয়গ্রাহ্য গুণের সরল মিলিত অবস্থা। তিন ধরনের ধারণা নিয়ে বিশেষ ব্রহ্ম সম্পর্কিত আমাদের জটিল ধারণা গড়ে ওঠে। প্রথমত, বস্তুতে যথার্থই অবস্থানকারী মূখ্যগুণগুলির ধারণা। দ্বিতীয়ত, ইন্দ্রিয়লভ্য গৌণগুণসমূহ, যেগুলি বস্তুতে যথার্থই অবস্থান করে না, কিন্তু বস্তুর শক্তি যা আমাদের ইন্দ্রিয়গুলির সাহায্যে সরল ধারণা তৈরি করতে পারে। তৃতীয়ত, কোনো ব্রহ্মের মধ্যে প্রাথমিক গুণের পরিবর্তন গ্রহণ বা প্রদানের যে ক্ষমতা আছে তা পূর্বের থেকে ভিন্ন ধারণা আমাদের মনে উৎপন্ন করবে; এগুলিকে লক সক্রিয় এবং নিষ্ক্রিয় শক্তি বলেছেন।

বিশেষ ব্রহ্মগুলির ধারণা তিন ধরনের হয়—জড়বস্তু বিষয়ক ধারণা, মন বা চেতন ব্রহ্ম (Spirit) বিষয়ক ধারণা এবং ঈশ্বর ব্রহ্মের ধারণা।

জড়বস্তু বিষয়ক ধারণা গড়ে ওঠে ইন্দ্রিয় সংবেদনে পাওয়া বিভিন্ন সরল ধারণাগুলি, যেমন, বর্ণ, গন্ধ, স্বাদ ইত্যাদি, কোন আশ্রয়ে থাকবে সেই জিজ্ঞাসা আমাদের কাছে এই অনুমান এনে দেয় যে নিশ্চয়ই একটা কমপ্যালেবু থাকবে ব্রহ্ম হিসেবে যেখানে গুণগুলি অবস্থান করে। ব্রহ্মটি প্রত্যক্ষ করা না গেলেও ওই অজানা বস্তুকে না মানলে গুণগুলির ব্যাখ্যা হয় না।

তেমনি আত্মা বা মন নামে এক ব্রহ্ম মানতে বাধ্য হই যেখানে চিন্তা করা, জানা, সংশয় করা ইত্যাদি গুণগুলি থাকবে। আমাদের এই স্পষ্ট প্রত্যয় থাকে যে একটি আধার থাকবে যেখানে সচেতন কর্মগুলি আশ্রয় পায়। অন্তর্দর্শনে পাওয়া সরল ধারণাগুলি সীমিত আত্মার ধারণায় নিয়ে যায়।

যখন ঈশ্বরের ধারণা গঠন করি তখন নিজেদের মধ্যে থেকেই অস্তিত্ব ও স্থায়িত্বের ধারণা, জ্ঞান ও শক্তির ধারণা, সুখ ও শান্তির ধারণা এবং অন্য কতগুলি গুণ ও শক্তির ধারণা পাই বা না পাওয়ার চেয়ে পাওয়াই ভাল (Which it is better to have than to be without)। এই সকল ধারণাগুলিকে আমরা বহু বিস্তৃত করি আমাদের কাছে থাকা অনন্তের ধারণার সাহায্যে এবং এভাবে ঈশ্বরের ধারণা গড়ি।³ ঈশ্বর নিজের সত্তায় সরল, বৌগভাবে গঠিত নন, কিন্তু তাঁর সম্পর্কে আমাদের ধারণাটি জটিল।

ব্রহ্মের ধারণা বিষয়ে কপোলস্টোন বলেছেন, লকের ব্রহ্ম বিষয়ক ধারণাটি অবশ্যই স্কলাসটিসিসম থেকে প্রাপ্ত। তবে এটি অ্যাকুইনাসের বস্তুর সজ্ঞা সমান বলে অনেকে ভুল করেছেন। অ্যাকুইনাস এবং লক উভয়ের কাছে ব্রহ্ম এবং আকস্মিক ধর্মের (accident) মতো স্পষ্ট পার্থক্যটি যুক্তিশীল মনের তৈরি। তবে প্রথমজন অভিজ্ঞতার সামগ্রিক উপাত্তের মধ্যে থেকে পার্থক্য টেনেছিলেন, কিন্তু লকের কাছে ব্রহ্ম হল

- 1 'We come to have the ideas of particular sorts of substances, by collecting such combinations of simple ideas as are by experience and observation of men's senses, taken notice to exist together, and are therefore supposed to flow from the particular internal constitution or unknown essence of that substance.' (E, BK-II, chap-23)
- 2 '... farther than of certain simple ideas coexisting together, I appeal to everyone's own experience.' (Ibid)
- 3 'It is infinity which joined to our ideas of existence, power, knowledge &c., makes that complex idea whereby we represent to ourselves, the best we can, the supreme Being.' (E, BK-II, ch-23)

পরিবর্তনশীল ঘটনার গণচাতে অপরিবর্তনশীল, গোপন ও রহস্যময় অপরিবর্তনীয় সত্তা। কপোলস্টোনের মনে আকুইনাসের বক্তব্য লকের বক্তব্যের চেয়ে অনেক গভীরভাবে সাধারণের বোধের সঙ্গে যুক্ত। লকের অভিজ্ঞতাবাদী আশ্রয়বাক্য দাবি করে যে সংবেদন ও অন্তর্দর্শনের পথে জ্ঞানের উপাদানগুলি মনের অশ্বকার কক্ষে প্রবেশ করবে। আবার তার বক্তব্য দ্রব্যকে আমরা জানি না কিন্তু ইন্ডিয়ালভা গুণগুলিকে আশ্রয় দেওয়ার জন্য জড় দ্রব্য, আত্ম দ্রব্য ও ঈশ্বর দ্রব্য মানতে হয়। এই দুটি যুক্তির নিরিখে একই সঙ্গে মানা যায় না। লক দ্রব্যকে সংবেদনের কারণ বলেছেন, অথচ তিনি ওই কারণকে জানতে পারেন না বলে স্বীকার করেছেন।

(3) সম্পর্ক বিষয়ক জটিল ধারণা (Complex Idea of Relation) : মনের কাছে যেমন সরল ও জটিল ধারণাগুলি থাকে তেমনি থাকে একটি ধারণাকে অপর একটির সঙ্গে তুলনা করার বিষয়টি। লক বলেন মন যখন একটি ধারণাকে এমনভাবে বিবেচনা করে যাতে এটি তার কাছে অপর একটিকে এনে দেয় ও যুক্ত করে, এবং একটি থেকে অপরটিতে চলে যায় তখনই 'সম্পর্ক' (relation) এবং 'কিছুর সঙ্গে' বা প্রসঙ্গে (respect) কথাগুলি এসে পড়ে।¹ একজন মানুষকে যখন বন্ধু, পিতা বা মাতা, স্বামী বা স্ত্রী ইত্যাদি হিসেবে চিহ্নিত করা হয়, তখন তাকে অন্যান্য ব্যক্তিদের সঙ্গে সম্বন্ধ যুক্ত করা হয়। এক্ষেত্রে তিনটি শব্দ এসে পড়ে—সম্পর্ক (relation), সম্বন্ধী (relata) এবং সম্বন্ধযুক্ততা (being related)। মন যখন একটি বস্তুকে এমনভাবে বিবেচনা করে যাতে একটি বেন অপরটির কাছে চলে আসে, তখন একে বলে সম্পর্ক। লক এক্ষেত্রে চারটি বিষয় লক্ষ করেছেন— (a) এমন একটিও বস্তু নেই (সরল ধারণা, দ্রব্য, বিকার, সম্পর্ক অথবা এদের নামবাচক পদ) যেটি অন্যান্য বস্তুসমূহের সঙ্গে অসংখ্য সম্পর্কে যুক্ত নয়।² (b) অনেক সময় পরস্পরযুক্ত বিষয়গুলির চেয়ে তাদের সম্পর্কটি বেশি স্পষ্ট। (c) সকল জ্ঞানের প্রাথমিক উপকরণ যোহেতু পর্যবেক্ষণের জগৎ থেকে আসে, তাই সম্পর্কের যতই ভিন্নতা থাকুক না কেন, শেষ পর্যন্ত সরল ধারণায় উপনীত হয়।³ (d) সম্পর্ক সম্বন্ধীদের থেকে ভিন্ন। যাদের মাঝে মানবের সম্পর্কে পৃথক ধারণা আছে তারাও 'পিতার' (being a father) ধারণা বিষয়ে একমত হতে পারে।

লক একাধিক সম্পর্কের বিষয়ে আলোচনা করেছেন—কারণ-কার্য, অভিন্নতা-পৃথকতা, বাচনিক (propositional), নৈতিক, নৈতিক নিয়মসমূহ, আইন, দৈব নিয়ম, সামাজিক নিয়ম, দার্শনিক নিয়ম ইত্যাদি। আমরা প্রথম দুটি সম্পর্কের সংক্ষিপ্ত পরিচয় দেওয়ার চেষ্টা করব।

■ কারণ-কার্য সম্পর্ক [Relation of Cause and Effect]

যা কোনো সরল অথবা জটিল ধারণা উৎপন্ন করে, তাকে আমরা সাধারণত কারণ দিয়ে চিহ্নিত করি এবং যা উৎপন্ন হয় তাকে বলি কার্য।⁴ যেমন, যে মোমের টুকরোতে উত্তাপ প্রয়োগ করা হয় তা তরল হতে থাকে। এখন 'উত্তাপ প্রয়োগ' করা হল কারণ, এবং 'তরল হওয়া' কার্য। 'তরল হওয়া' একটি সরল ধারণা যা পূর্বে ছিল না, সেটি অবিরত উৎপাদিত হবে যদি কোনো মাত্রার তাপ দেওয়া যায়। তাপের সরল ধারণাকে তরল হওয়ার সরল ধারণার সঙ্গে সম্পর্কে কারণ বলা হবে এবং তরলতা হবে কার্য। তেমনি জটিল ধারণা 'বৃক্ষ' অপর জটিল ধারণা ছহিতে বৃপান্তরিত হবে তাতে আগুন লাগালে। এখানে ছহিয়ের সঙ্গে সম্পর্কে আগুন হবে কারণ, উৎপন্ন ছহি হবে কার্য।

1 'When the mind so considers one thing, that it does, as it were, bring it to and set it by another, and carry its view from one to the other : that is, as the words import, relation and respect...' (E, BK-II, ch-25)

2 '... there is no one thing, whether simple idea, substance, mode or relation, or name of either of them, which is not capable of almost an infinite number of considerations in reference to other things...' (Ibid)

3 '... they all terminate in, and are concerned about, those simple ideas either of sensation or reflection ...' (Ibid)

4 'That which produces any simple or complex idea, we denote by the general name cause; and that which is produced, effect'. (E, BK-II chap.-26)

যেহেতু দুটি ধারণার মধ্যে কারণতার সম্পর্কের কথা বলা হল তাই এটি মনের একটি সৃষ্টি। কিন্তু এই সম্পর্কের বাস্তবিক ভিত্তি আছে বলে লক মনে করেন যা হল শক্তি, যার সাহায্যে এক দ্রব্য অন্য দ্রব্যকে প্রভাবিত করে এবং আমাদের মনে ধারণা উৎপন্ন করে। লক শক্তির ধারণাকে (Idea of Power) এক ধরনের সম্পর্ক বলবেন, ক্রিয়া অথবা পরিবর্তনের সম্পর্ক। এই শক্তিকে সক্রিয় (Active) এবং নিষ্ক্রিয় (Passive) এই দুভাবে দেখা যায়। সক্রিয় শক্তির স্পষ্টতম ধারণা আমরা পাই অন্তর্বেদন বা অন্তর্দর্শন থেকে। যখন একটি গতিশীল বলকে অপর একটি স্থির বলকে সচল করতে দেখি তখন খুব অস্পষ্টভাবে সক্রিয় শক্তির ধারণা পাই। কারণ প্রথম বলটি বাইরে থেকে শক্তি পেয়েছে এবং তা দ্বিতীয়টিতে হস্তান্তর করেছে মাত্র। কিন্তু যদি অন্তর্দর্শন করি তাহলে নিজেদের মধ্যে এক শক্তির সম্বন্ধ পাই, যা একটি ক্রিয়ার সূত্রপাত ঘটায়, চলতে থাকে এবং শেষ হয়। মনের একটি চিন্তা অথবা ইচ্ছা আমাদের দেখে একভাবে কার্যে প্রবৃত্ত করায়। লকের মতে, গতির সক্রিয় শক্তি সেই দ্রব্যে থাকবে না যা নিজে গতির সূচনা করতে পারে না।¹ লক মনে করেন যে, কারণ-কার্য সম্পর্ক হল সর্বাপেক্ষা ব্যাপক সম্পর্ক যা সকল বস্তুর সঙ্গে যুক্ত হয়ে থাকে। কিন্তু সম্পর্ককে ইন্ডিয়ানভাবে পাওয়া যায় না।

■ অভিন্নতা-পৃথকতা সম্পর্ক [Relation of Identity and Diversity]

'Essay' গ্রন্থের দ্বিতীয় অধ্যায়ে সম্পূর্ণ XXVII পরিচ্ছেদ জুড়ে লক অভিন্নতা-পৃথকতা সম্পর্ক আলোচনা করেছেন। আমরা লকের মূল কথাগুলি অনুধাবন করার চেষ্টা করব।

যখন দেখি যে একটি বস্তু কোনো একটি স্থানে একটি নির্দিষ্ট সময়ে উপস্থিত রয়েছে আমরা তখন নিশ্চিত যে বস্তুটি নিজে যা তাই-ই, এটি অন্য বস্তু নয় যা একই সময়ে অন্য একটি স্থানে উপস্থিত রয়েছে, যদিও দুটির মধ্যে অন্যান্য বিষয়ে মিল রয়েছে। কারণ আমরা নিশ্চিত যে একই বস্তু একই সময়ে একাধিক স্থানে থাকতে পারে না। এখানেই অভিন্নতা ও পৃথকতার ধারণা গড়ে ওঠে।

মনে করা যাক A এবং B সংকেত দুটি বস্তুকে বোঝাবে, সংকেত t বোঝাবে সময়ের ক্ষণকে এবং x ও y হবে স্থানের সংকেত। এখন যদি দেখি A নামক বস্তু t সময়ে x-স্থানে আছে এবং দেখি B নামক বস্তু t সময়ে y-স্থানে আছে তাহলে ভাষা ব্যবহারের রীতি অনুসারে আমরা বলি A এবং B দুটি ভিন্ন বস্তু, তাদের মধ্যে যতই মিল থাকুক না কেন। কিন্তু যদি A এবং B উভয়েই t-সময়ে x-স্থানে থাকে তাহলে A এবং B পৃথক নয়, তারা একই বস্তু।

লক বলেন, যেহেতু ইশ্বর হলেন শাস্ত, অপরিবর্তনীয় এবং সর্বব্যাপী, তাই এ ব্যাপারে সংশয় থাকে না যে তাঁর নিয়ত আশ্রয়-অভিন্নতা আছে। কিন্তু সীমিত ও অপূর্ণ বস্তুগুলি নির্দিষ্ট স্থান ও কালে অবস্থান করতে শুরু করে এবং এদের অভিন্নতা নির্ধারিত হবে তারা যে স্থানে যে সময়ে আছে তা দিয়ে। একই বস্তুর অস্তিত্বের দুটি সূচনাকাল থাকে না, বা দুটি বস্তুর একই সূচনাকাল থাকে না। একই ধরনের দুটি বস্তুর পক্ষে এক সময়ের ক্ষণে এবং স্থানে থাকা অসম্ভব।²

লক কিন্তু এই বিষয়টি লক্ষ করেছিলেন যে স্থান ও কালের প্রসঙ্গ এনে অভিন্নতার লক্ষণ দেওয়ার অসুবিধা আছে। যদি দুটি পরমাণু মিশ্রিত হয়ে একটি 'জড়-পুঞ্জ' (mass of matter) গড়ে তোলে তাহলে আমরা বলতে পারি ওই জড়-পুঞ্জটি একই বস্তু যতক্ষণ পরমাণু দুটি যুক্ত হয়ে আছে। কিন্তু পরমাণুকে সরিয়ে নিলে পৃথক বস্তু বা জড়-দেহ পাওয়া যাবে। উদ্ভিদের ক্ষেত্রে এই সমস্যা ওঠে না—একটি গাছ যতক্ষণ বেঁচে আছে ততক্ষণ একই পরিচয় থাকে, যদিও গাছের দেহে নানা উপাদান যুক্ত ও বিযুক্ত হয়। তেমনি

1 'When considering anything as existing at any determined time and place, we compare it with itself existing at another time, and thereon form the ideas of identity and diversity.'

2 'That therefore that had one beginning, is the same thing; and that which had a different beginning in time and place from that, is not the same, but diverse.' (E, BK-II, chap-27)

প্রাণীজগতেও অভিন্নতা বজায় থাকে যন্ত্রের অনুপূর্ণভাবে। আমরা বলি একই যন্ত্র রয়েছে, যদি তার নানা অংশকে পরিবর্তিত করা হয়েছে। তবে প্রাণীর সঙ্গে যন্ত্রের তফাৎ হল যে দ্বিতীয় ক্ষেত্রে গতি আসে বাইরে থেকে, কিন্তু প্রথম ক্ষেত্রে গতি ভিতর থেকে আসে।

লক তিন ধরনের দ্রব্যের শ্রসঙ্গে অভিন্নতার কথা বলেছেন। ঈশ্বর হলেন অনাদি, শাস্ত, অপরিবর্তনীয় এবং বিহু। তাঁর অভিন্নতা বিষয়ে কোনো সংশয় থাকে না। সীমিত আত্মাগুলির প্রত্যেকেরই অস্তিত্ববান হওয়ার নির্দিষ্ট স্থান ও কাল আছে। ওই স্থান ও কালের সঙ্গে সম্পর্কেই অভিন্নতা নির্ণীত হবে। প্রতিটি জড় কণা সম্পর্কে একই কথা প্রযোজ্য। জড়ের সঙ্গে কোনো কিছু যুক্ত বা বিযুক্ত করা যায় না—এটি একই থাকে। এই তিন প্রকারের দ্রব্য একে অপরকে একই স্থান থেকে বহিষ্কার করতে পারে না। আত্মা এবং দেহ একই স্থানে থাকে এবং ঈশ্বর হলেন বিহু বা সর্বত্র উপস্থিত। তথাপি আমাদের এমন মানতে হয় যে এদের প্রতিটি আবশ্যিকভাবে সমধরনের অন্য কিছুকে একই স্থান থেকে বহিষ্কার করবে (exclude any of the same kind out of the same place), অন্যথায় অভিন্নতা এবং পৃথকতা নাম দুটি ব্যর্থ হয়ে যাবে।

ব্যক্তি মানুষের ক্ষেত্রে অভিন্নতার মাপকাঠি কী হবে? লক বলেন, একজন ব্যক্তি অবিরাম আত্ম-অভিন্নতা তার নিরবচ্ছিন্ন জীবন ছাড়া কিছুই নয়। শৈশব থেকে বার্ধক্য পর্যন্ত মানুষের শারীরিক অবস্থার নানা পরিবর্তন হলেও নিরবচ্ছিন্ন অস্তিত্বের জন্য তাকে একই মানুষ বলা হয়। লক 'একই মানুষ' (same man) এবং 'একই ব্যক্তি' (same person)-র মধ্যে পার্থক্য করেছেন। ব্যক্তি হল একজন চিত্তাশীল সত্তা যার যুক্তি এবং পর্যালোচনার ক্ষমতা আছে। এবং যে নিজেকে নিজে বলেই ভাবতে পারে, যে বিভিন্ন কাল ও স্থানে নিজেকে একই চিত্তাশীল বস্তু হিসেবে ভাবতে পারে।¹

1.12 সাধারণ ধারণা বিষয়ে লক [Locke on General Term]

'Ethics' গ্রন্থের দ্বিতীয় অধ্যায়ের তৃতীয় পরিচ্ছেদে লক সাধারণ বিষয়ে আলোচনার শুরুতেই বলেছেন— আমাদের শব্দগুলির সর্ববৃহৎ অংশ, যা সকল ভাষাকে তৈরি করে, হল সাধারণ পদ যা অবহেলার ফল নয় বা আকস্মিক নয়, বরং যুক্তি এবং আবশ্যিকতার ফল।² তিনি সাধারণ পদের উৎপত্তি, অর্থ এবং ব্যবহার নিয়ে আলোচনা করেছেন।

কেন সাধারণ ধারণা প্রয়োজন? লকের যুক্তি হল, এই ব্যাপারটা অসম্ভব যে প্রত্যেক বিশেষ বস্তুর একটি পৃথক স্বাতন্ত্র্যবোধক নাম থাকবে। শব্দের অর্থ এবং ব্যবহারের ক্ষেত্রে (signification and use) আমাদের মন ধারণার সঙ্গে চিহ্ন হিসেবে ধ্বনির সম্পর্ক তৈরি করে, যা বস্তুর নাম দেওয়ার ক্ষেত্রে আবশ্যিক। ওই নামই সকলের কাছে বস্তুকে চেনাবার উপায় হয়।

লক লক্ষ করেছেন যে, (a) যে অসংখ্য বিশেষ বিশেষ বস্তুর সঙ্গে আমাদের পরিচয় হয় তাদের পৃথক পৃথক নাম দেওয়াটা মানুষের সামর্থ্য ও শক্তির বাইরে থাকে। (b) মানুষ তাই কোনোদিনই চেষ্টা করেনি প্রতিটি ভেড়ার, বা মাথার ওপর উড়ে বেড়ানো প্রতিটি কাকের নাম দিতে। (c) যদি সম্ভব হত ও তথাপি তা অপ্রয়োজনীয় হত কারণ তা ভাষার প্রধান লক্ষ্যের অনুগামী হত না। কেউ যদি প্রতিটি গোরুর নাম রেখে অন্য মানুষের সঙ্গে গোরুর বিষয়ে কথা বলতে চাইত, তবে অন্য মানুষের সঙ্গে তার ভাববিনিময় হত না, কারণ তার দেওয়া নাম অন্যরা নাও জানতে পারেন।

1 '... a thinking intelligent being, that has reason and reflection, and can consider itself as itself, the same thinking thing, in different times and places; which it does only by that consciousness which is inseparable from thinking, and as it seems to me essential to it...' (Ibid)

2 'The far greatest part of words, that make all languages, are general terms : which has not been the effect of neglect or chance, but of reason and necessity.' (E. BK-II, ch-III)

কিন্তু অভিজ্ঞতায় দেখি যে আমাদের চারপাশে যা কিছু আছে তা বিশেষ রূপেই আছে। প্রশ্ন ওঠে, আমরা কীভাবে সাধারণ পদগুলিকে পাব? বস্তুসমূহের সাধারণ বৈশিষ্ট্যকে বোঝায় এমন পদ কীভাবে সংগ্রহ করা যায়? লক উত্তরে বলেছেন যে, শব্দগুলি সাধারণ ধারণার চিহ্ন হয়ে ব্যবহৃত হয় সাধারণ হয়ে ওঠে। এই সাধারণ পদগুলিকে বিমূর্তীকরণের (abstraction) মাধ্যমে দিয়ে পাওয়া যায়, বিশেষ পদগুলিকে তাদের দেশ, কাল এবং অন্য সহযোগী ধারণা থেকে পৃথক করা হয়, যা দিয়ে তাদের বিশিষ্ট করা হচ্ছে। এই ধরনের বিমূর্তীকরণের ফলে শব্দগুলি আর একটি বস্তু বা ব্যক্তির চিহ্ন নয়, অনেক বেশি সংখ্যক বস্তুর প্রতিনিধিত্ব করে। প্রতিটি ব্যক্তিরই সাধারণ পদের সঙ্গে যোগ থাকে, বিমূর্ত ধারণার সঙ্গে অনুরূপতা থাকে।²

লক দৃষ্টান্ত দিয়ে দেখাতে চেয়েছেন যে, অভিজ্ঞতার মাধ্যমে কীভাবে শিশুদের মনে মা ও সেবিকার ধারণা ভালোভাবে গড়ে ওঠে। মা এবং সেবিকা বললে শিশুদের মনে যেন ছবির মতো নিজের মা এবং সেবিকার প্রতিচ্ছবি থাকে। শিশু ওই নাম দুটি ব্যবহার করে নিজের মা এবং নিজের সেবিকা যে দুই ব্যক্তি তাদেরই বোঝে। এরকম বহু দৃষ্টান্তের সঙ্গে পরিচিত হয়ে সে নিজের মা, বাবা এবং সেবিকার সঙ্গে আকার এবং অন্যান্য দিকের সাদৃশ্য (resemble) দেখতে পায়। শিশুরা এমন একটি ধারণা গড়ে তোলে যাতে অনেক ব্যক্তি যেন অংশ নেয় ('they frame an idea which they find those many particulars partake in.' BK-III, ch-3)। এভাবে শিশুরা সাধারণ নাম (general name) এবং সাধারণ ধারণা (general idea) গড়ে তোলে। মা, বাবা, সেবিকা, পিটার, মেরি এদের মধ্যে যে সাধারণ বৈশিষ্ট্য আছে সেটাই সামনে আসে, নতুন কিছু হয় না। একেই তারা 'মানুষ' এই সাধারণ নাম দেয়। লক্ষণীয় যে, শিশুদের মনে ধারণা গঠনের ক্ষেত্রে বয়স্কদের যে ভূমিকা সর্বস্বীকৃত তা এখানে লক বলেননি।

লকের মতে, সার্বিকতা এবং সাধারণ চরিত্র (universality and generality) কখনোই বস্তুসমূহের ধর্ম নয়, কারণ বস্তুগুলি সবই ব্যক্তি অথবা বিশেষ। এগুলি হল ধারণা এবং শব্দের ধর্ম, যাকে বোধশক্তি আবিষ্কার বলা যায়। সাধারণ পদগুলির যে অর্থ (signification) তা আর কিছুই নয়, কেবল একটি সম্পর্ক যা 'মানুষ'-কে একটি শব্দের সঙ্গে যুক্ত করেছে।

তাহলে কি সার্বিক ধারণার (universal idea) কোনো বস্তুগত ভিত্তি (objective foundation) নেই? লক তা মনে করেন না। লক স্পষ্ট করেই বলেছেন, তিনি এ কথা ভুলে যাননি অথবা অস্বীকার করেননি যে প্রকৃতি বস্তুসমূহকে সৃষ্টি করার সময় অনেকগুলি বস্তুকে একই রকম করে গড়েছেন। এই বিষয়টি বিশেষভাবে প্রকাশ পায় প্রাণীজাতির মধ্যে এবং সকল উদ্ভিদের বীজের ক্ষেত্রে। তবে মনই কেবল ওই সাদৃশ্যকে লক্ষ করে এবং ক্ষেত্র বিশেষ সাধারণ ধারণা হিসেবে প্রয়োগ করে। যখন একটি সাধারণ ধারণা তৈরি হয়, যেমন সোনার ধারণা, তখন একটি বিশেষ বস্তুকে সোনা হিসেবে দেখা হবে কিনা তা নির্ভর করবে বস্তুটি সোনার বিমূর্ত ধারণার অনুরূপ হয়েছে কিনা তার ওপর।

কপোলস্টোন মনে করেন যে, লক প্রায়শই এমনভাবে বিষয়টি উত্থাপন করেছেন যে বার্কলের মনে হয়েছে সাধারণ ধারণা হল একটি যৌগিক প্রতিবিম্ব (composite image) যাতে অসংগত উপাদানগুলি রয়েছে। যেমন তিনি ব্রিজুজের সাধারণ ধারণার কথা বলেছেন যা তির্যকও নয়, আয়তক্ষেত্রও নয়, সমকোণীও নয়, বিষমবাহুও নয়, কিন্তু একই সঙ্গে সব কিছুই আবার কোনো কিছু নয়। এটি এমন ধারণা যেখানে অনেকগুলি পৃথক ও অসংগত ধারণার কিছু অংশকে একত্রিত করা হয়েছে। কপোলস্টোন মনে করেন, বিমূর্তীকরণ বলতে লক অন্য প্রসঙ্গে যা বলেছিলেন তার দিক লকের বক্তব্য বুঝতে হবে। লক বলেননি

1 'Words become general by being made the signs of general ideas; and ideas become general by separating from the circumstances of time and place, and any other ideas that may determine them to this or that particular existence?' (Ibid)

2 '...general and universal belong not to the real existence of things; but are the inventions and creatures of the understanding... ideas are general when they are set up as the representatives of many particular things.' (E, BK-III, ch-3)

যে একটি ত্রিভুজের সাধারণ ধারণা গড়ে উঠেছে পরস্পর অসংগত অথবা অসংগতিপূর্ণ ধারণা দিয়ে। তিনি বলেছিলেন যে, সাধারণ ধারণা গঠিত হয় বিভিন্ন ধরনের এবং অসংগত ধারণার 'অংশ' (parts) দিয়ে। এর অর্থ হল আমাদের বিভিন্ন ধরনের ত্রিভুজের মধ্যে পার্থক্য ও অসংগতি বর্জন করে এবং ত্রিভুজগুলির মধ্যে যেটুকু মিল বা সাধারণ উপাদান আছে তার ওপর নির্ভর করে 'ত্রিভুজের' ধারণা গড়ে তোলে। কাজেই বিমূর্তিকরণ বললে বুঝতে হবে অসংগতি বর্জন করা এবং অবশিষ্ট সাধারণ বৈশিষ্ট্যগুলিকে একত্রিত করা।

■ লকের ধারণা তত্ত্বের সংক্ষিপ্ত সমালোচনা [A Brief Criticism of Locke's Theory of Ideas] :

- (1) লক 'ধারণা' শব্দটি অনেকার্থকভাবে প্রয়োগ করেছিলেন। কখনও ধারণা হল মনের ভাব, কখনও চিন্তার বিষয়, কখনও প্রতিরূপ, আর কখনও বা বস্তু। 'ধারণা'-র পরিচয় দেওয়ার সময় এই বিষয়ে বলা হয়েছে।
- (2) লকের মতে, সরল ধারণা গ্রহণকালে মন নিষ্ক্রিয় থাকে, যদিও ধারণাগুলিকে পরস্পরের সঙ্গে তুলনা, মিশ্রণ, বৈপরীত্য নির্ধারণ ইত্যাদির জন্য মন সক্রিয় হয়ে ওঠে। বাস্তবিকপক্ষে কোনো সরল ধারণা (সাদা) গ্রহণের সময়েই এর বৈপরীত্য (এটি কালো নয়) আমরা বুঝতে পারি। এই বিষয়টিকে লক অন্তর্দর্শনের ক্ষেত্রে মেনেছেন। আমরা লক্ষ করতে পারি, পরবর্তীকালে কাঁট বলেছিলেন যে এমনকি সংবেদন গ্রহণের ক্ষেত্রেই সংবেদন শক্তির দুটি প্রাকসিদ্ধ আকারের (দেশ ও কাল) দ্বারা জ্ঞান গঠনের কাজ চলতে থাকে।
- (3) লক বলেছিলেন যে, ইন্দ্রিয়ের মাধ্যমে যে সরল ধারণাগুলি মনের মধ্যে প্রবেশ করছে সেগুলি কোনোভাবে মনের প্রকৃতি দ্বারা প্রভাবিত নয়, বাহ্যবস্তুর প্রকৃতি দ্বারা প্রভাবিত। তিনি একে দর্পণের বস্তুর প্রতিফলনের সঙ্গে তুলনা করেছেন। সি. আর. মরিস মনে করেন যে লক একটি বিষয় আদৌ বিবেচনা করেননি যে, দর্পণ ত্রুটিপূর্ণ হলে দর্পণে বিকৃত প্রতিফলন পাওয়া যাবে। লকের এ কথা ঠিক যে দর্পণের ওপর একবার প্রতিফলন পড়ার পরে দর্পণ আর তাকে বিকৃত করতে পারে না। মরিসের মতে, লকের এই নির্ভরতা সঠিক নয় যে ধারণাগুলি হুবহু বস্তুগুলির অনুরূপ হবে।¹ লকের দেওয়া তুলনাটি সঠিক নয়।
- (4) লকের মতে, যদিও যে গুণগুলি আমাদের ইন্দ্রিয়সমূহকে প্রভাবিত করে, সেগুলি এমনভাবে মিশ্রিত থাকে যে কোনো বিচ্ছিন্নতা, দূরত্ব ইত্যাদি থাকে না। তথাপি সেগুলি যে ধারণা উৎপন্ন করে তা ইন্দ্রিয় পথে সরল ও অমিশ্র আকারে প্রবেশ করে। লকের এই বস্তুবোয় মধ্যে অসংগতি আছে।
- (5) এয়ার মনে করেন যে মনে সরল ধারণার প্রবেশ, জটিল ধারণা গঠন প্রভৃতি বিষয়কে লক এমনভাবে উপস্থিত করেছেন যে তা 'মনস্তত্ত্বের সমস্যা' (Problem of Psychology) হিসেবে দেখা দিয়েছে। লক এমনভাবে বিষয়টি উত্থাপন করেছেন যেন তিনি 'মনের স্বাভাবিক ইতিহাস' (natural history of mind) রচনা করেছেন। লক (হিউম, মিল ও বাটে) দর্শন এবং মনোবিদ্যার মধ্যে স্পষ্ট পার্থক্য করেননি। দার্শনিক বস্তুবোয় মনস্তত্ত্বের আকারে রেখেছেন। এয়ার লিখেছেন, "If his statements are taken at their face value, as Psychological hypothesis, then to the extent to which they are true they are trivial, and in so far as they are not trivial, they are not true" (P-11, A.J. Ayer, British Empirical Philosophy).

¹ 'In point of fact such images are to some extent affected by the nature of the particular mirror, and there is a clear sense in which a mirror can distort images...But his ill-grounded confidence that ideas are exactly 'like' the objects of which they are ideas seems to be in part due to this oversight.' (P-31, Locke, Berkeley, Hume, C.R. Morris)

- (6) এয়ার আর্গু বলেন, সংবেদনের যে আণবিক ব্যাখ্যা (atomistic treatment) লক উপস্থিত করেছেন তা পরীক্ষামূলক তথ্যের অনুগামী নয়। তিনি যে ধারণাগুলিকে সরল বলেছেন সেগুলি মনস্তাত্ত্বিক দিক থেকে প্রাথমিক (Psychologically Primitive) নয়। এ কথা ঠিক নয় যে আমরা সংবেদনলভ্য গুণগুলিকে বিচ্ছিন্নভাবে নিয়ে অগ্রসর হই এবং পরে সেগুলিকে একত্রিত করে প্রত্যক্ষযোগ্য বস্তুকে পাই। এ কথা ঠিক নয় যে আমাদের প্রথমে 'হলুদ' অথবা 'মিষ্ট' শব্দগুলি শিখতে হবে যাতে পরে 'চিনি', 'বল' প্রভৃতি শব্দের প্রয়োগ শিখতে পারি।
- (7) লক যেভাবে দেখিয়েছেন ঠিক সেইভাবে আমরা সরল ধারণা থেকে জটিল ধারণায় আসি না। আমাদের ভাবনা এবং কল্পনা বস্তুতপক্ষে সরল ধারণাগুলি যুক্ত করা, তুলনা করা, বিমূর্তীকরণ করার মধ্যে সীমিত থাকে না।

1.13 লকের জ্ঞানতত্ত্ব [Locke's Theory of Knowledge]

কোনো কিছু শেখানোর ভান আমি করছি না, বরং অনুসন্ধান করতে চাইছি; এবং তাই স্বীকার না করে পারছি না যে, বাহ্যিক এবং অভ্যন্তরীণ সংবেদনই জ্ঞানের পক্ষে বোধশক্তিতে যাওয়ার একমাত্র পথ যা আমি খুঁজে পাই। আমি বস্তুদূর আবিষ্কার করতে পারি এগুলিই একমাত্র জানালা যাদের মধ্যে দিয়ে অন্ধকার কক্ষে আলো প্রবেশ করতে পারে।¹ (E, BK-II, ch-11)

'Essay' গ্রন্থের চতুর্থ অধ্যায়ে লক জ্ঞান বিষয়ক আলোচনা উপস্থিত করেছেন। মনের সকল চিন্তা ও বৃত্তিসমূহের কাছে সাক্ষাৎভাবে একটি বিষয়ই উপস্থিত থাকে তাহলে মনের নিজের ধারণাসমূহ স্বাভাবিকভাবেই প্রমাণিত হয় যে কেবলমাত্র ধারণা দিয়েই জ্ঞান গড়ে উঠতে পারে।

কাকে জ্ঞান বলা হবে? লকের উত্তর হল—জ্ঞান হল আমাদের ধারণাগুলির মধ্যে সংযোগ এবং মিল, অথবা অমিল এবং বিরোধিতার প্রত্যক্ষ।² জ্ঞানের পরিচয়ের মধ্যে তিনটি কথা গুরুত্বপূর্ণ হয়েছে—ধারণা, প্রত্যক্ষ এবং মিল ও অমিল। ধারণা হল (যা আমরা ইতিপূর্বে দেখেছি) একজন মানুষ যখন চিন্তা করে তখন তার বোধশক্তির বিষয়। এই ধারণাগুলি সহজাত নয়; অভিজ্ঞতার দুটি পথ বেয়ে, সংবেদন অথবা অন্তর্দর্শনের ফলে মনে ধারণা আসে। এভাবে পাওয়া সরল ধারণাগুলিই জ্ঞানের প্রাথমিক উপাদান, যদিও ধারণা পাওয়া মানেই জ্ঞান হওয়া নয়—লক সংবেদনবাদী (Sensationalist) নন। প্রথম পর্বে মন নিষ্ক্রিয়ভাবে ধারণা গ্রহণ করলেও ধারণাগুলির মধ্যে সম্পর্ক স্থাপন করে জ্ঞানকে গড়তে হবে।³ এখানেই আসে মনের সেই শক্তি যাকে লক প্রত্যক্ষ বলেছেন। প্রত্যক্ষ বা প্রত্যক্ষণ (Perception) হল মনের সেই কর্মশক্তি যাকে সংবেদনে পাওয়া ধারণাতে প্রয়োগ করা হয়।⁴ লক মনে করেন যে এই প্রত্যক্ষ না থাকলে জ্ঞান হবে না, প্রত্যক্ষ থাকলে

¹ 'I pretend not to teach, but to enquire; and therefore cannot but confess here again, that external and internal sensation are the only passages that I can find of knowledge to the understanding. These alone, as far as I can discover, are the windows by which light is let into this dark room' (E, BK-II, chap-11)

² 'Knowledge then seems to me to be nothing but the perception of the connection and agreement, or disagreement and repugnancy, of any of our ideas.' (E, BK-IV, chap-1)

³ 'What he (Locke) does in fact, is to treat knowledge as if it were an article of manufacture; and so we find him asking where the raw material comes from and how it is worked up.' (P-10, Ayer A.J., British Empirical Philosophy)

⁴ '... perception is the first operation of our intellectual faculties, and the inlet of all knowledge into our minds.' (E, BK-II, chap-IX)

জ্ঞান হবে। আমরা কল্পনা করতে পারি, আন্দাজ করতে পারি অথবা বিশ্বাস করতে কিছু সেগুলি জ্ঞানের স্তরে ওঠে না। যখন জানি যে 'সাদা নয় কালো' তখন ওই দুটি ধারণার মধ্যে যে মিল নেই তা প্রত্যক্ষ করি। প্রশ্ন হল, ধারণাসমূহের মধ্যে মিল অথবা অমিল বলতে কী বোঝায়? লক মিল বা অমিলকে চারভাবে দেখেছেন—

(1) তাদাত্ব বা বৈচিত্র্য (Identity or Diversity) : মন সাক্ষাৎভাবে এবং অদ্রাস্তভাবে জানে যে যখন ইঞ্জিয়-অভিজ্ঞতায় সাদা এবং গোলাকারের ধারণাগুলি পায়, তখন সেগুলি লাল এবং চতুষ্কোণের ধারণা থেকে ভিন্ন। প্রাপ্ত ধারণাকে চিহ্নিত করার সঠিক শব্দ প্রয়োগের ব্যাপারে কারো ভুল হতে পারে,—এ কথা ঠিক। কিন্তু প্রতিটি ধারণার নিজের সঙ্গে মিল এবং অন্য ধারণার সঙ্গে অমিল না দেখলে সে ধারণাগুলির অধিকারী হতে পারে না। লক দাবি করেন যে এই মিল অথবা অমিল প্রত্যক্ষ করার বিষয়টি এতই চূড়ান্তভাবে প্রয়োজন যে এর অভাবে কোনো জ্ঞান, কোনো যুক্তি, কোনো কল্পনা, কোনো বিবিক্ত চিন্তা আদৌ সম্ভব নয়।¹

(2) সম্পর্ক (Relation) : এক্ষেত্রে দুটি ধারণার পারস্পরিক সাপেক্ষতা (relative) সম্পর্ককে বোঝানো হয়। দুটি ধারণার সম্পর্ককে প্রত্যক্ষ করা হয়, ধারণাগুলি দ্রব্য, বিকার অথবা অন্য যা কিছু হোক না কেন। ক হল খ-এর চেয়ে বড়ো, খ হল গ-এর চেয়ে বড়ো, তাহলে ক হল গ-এর চেয়ে বড়ো। মূলত গণিতশাস্ত্রের বাক্যগুলি এই ধরনের হয়।

(3) সহ-অবস্থান (Co-existence) : সহ-অবস্থান (co-existence) বলতে লক একই দ্রব্যের একাধিক গুণের সহ অবস্থান বুঝেছেন। তবে ব্যবহারিক দিক থেকে কারণ-কার্য সম্পর্কও এর মধ্যে পড়ে। যখন বলি, অগ্নি দ্রব্যকে সম্পূর্ণভাবে ক্ষয় করতে পারে না, তখন দ্রব্যের অন্যান্য বৈশিষ্ট্যগুলির সঙ্গে 'সম্পূর্ণভাবে ক্ষয়িত না হওয়ার' গুণটি একত্রে অবস্থান করে।

(4) যথার্থ অস্তিত্ব (Real existence) : এক্ষেত্রে উদাহরণ দিয়ে লক বলেছেন—'God is' is of real existence. অর্থাৎ 'ঈশ্বর' বিষয়ক ধারণাটি একজন বাস্তবিক যথার্থই অস্তিত্ববান সত্তার সঙ্গে সংগতিপূর্ণ বা তার অনুরূপ (actual real existence agreeing to any idea)।

লকের উপরোক্ত বক্তব্যের বিষয়ে কয়েকটি প্রশ্ন উপস্থিত করা যায়।

প্রথমত, তাদাত্ব জ্ঞান ও সহ-অবস্থানের জ্ঞান হল সম্বন্ধ বিষয়ক জ্ঞান (relational knowledge)। লক নিজেই এ কথা স্বীকার করেছেন— '...identity and co-existence are truly nothing but relations...' (E, BK-IV, ch-1)। তথাপি তিনি মনে করেন যে এই জ্ঞান দুটিকে বিশিষ্টতার কারণে পৃথক তালিকাভুক্ত করতে হয়।

দ্বিতীয়ত, যথার্থ অস্তিত্ব সম্পর্কিত জ্ঞান লকের বক্তব্যের মধ্যে নানা অসংগতি এবং সমস্যা তৈরি করে। কারণ যদি ধারণা বলতে বোঝায় মন যখন চিন্তা করে তখন মনের সামনে যে বিষয় উপস্থিত আছে তাই, তাহলে আমরা কখনোই আমাদের ধারণা যথার্থ অস্তিত্বের অনুরূপ কিনা তা বলতে পারবো না। লক তাই, তাহলে আমরা কখনোই আমাদের ধারণা যথার্থ অস্তিত্বের অনুরূপ কিনা তা বলতে পারবো না। লক বলেছেন, "it has a real existence without the mind" (E, BK-IV, ch-1)। এটি আলগা ধরনের উক্তি। মন ছাড়া 'ধারণা' থাকে না। একটি অস্তিত্বমূলক অবধারণের অর্থ হল, মনের মধ্যে থাকা ধারণাটি একটি যথার্থ বস্তুর ধারণা, অর্থাৎ অস্তিত্ব একটি যথার্থ বস্তু আছে যাকে ধারণাটি নির্দেশ করে।

তৃতীয়ত, মিল ও অমিল জ্ঞানের চারটি ধরনকেই সম্পর্ক (relation) বলে বর্ণনা করা যায়, যার প্রথম তিনটি হবে ধারণার মধ্যে সম্পর্ক (relations between ideas)। সহ-অবস্থানের ধারণাটিকে লক সম্পূর্ণভাবে অভিজ্ঞতানির্ভর করে দেখিয়েছিলেন, কিন্তু তাদের পরস্পর সংযুক্ত হওয়ার যুক্তি দেখাননি। প্রিঙ্গিল-প্যাটিসন মন্তব্য করেছেন যে, মানুষের বুদ্ধি বা অনুসন্ধানের হিউম তীত্র পার্থক্য করেছিলেন (ধারণার মধ্যে সম্পর্ক ও ঘটনাসমূহ বিষয়) তা স্বাভাবিকভাবে লকের ওই শ্রেণিকরণ থেকে বেরিয়ে এসেছিল।²

1 This is absolutely necessary, that without it there could be no knowledge, no reasoning, no imagination, no distinct thoughts at all? (E, BK-IV, chap-1)

2 'Hume's Sharp distinction between the two 'objects of human reason or enquiry' emerges naturally from Locke's fourfold classification here.' (P-258, Pringle-Pattison in An Essay Concerning Human Understanding by Locke)

1.14

জ্ঞানের মাত্রাভেদ [The Degrees of Knowledge]

অভিজ্ঞতাবাদী লক জ্ঞানের মাত্রাভেদ আলোচনায় বুদ্ধিবাদীদের এই মৌলিক বক্তব্যের সঙ্গে একমত নে হবার্থ জ্ঞানের মধ্যে নিশ্চয়তা থাকা প্রয়োজন যা সংবেদনভিত্তিক জ্ঞানে পাওয়া যায় না। তিনি যে জ্ঞানের মাত্রা ভেদের কথা বলেছেন সেগুলি হল স্বজ্ঞামূলক জ্ঞান (Intuitive Knowledge), প্রতিপাদক জ্ঞান (Demonstrative Knowledge) এবং সংবেদনমূলক জ্ঞান (Sensative Knowledge)। লকের বুদ্ধিবাদী বৌদ্ধের প্রকাশ করেছে, এভাবে যে প্রথম দু-স্তরের জ্ঞানকে উচ্চ স্থান দিয়ে সংবেদনমূলক জ্ঞানকে মতামত বা বিশ্বাসের পর্যায়ে নামিয়ে এনেছেন। গণিতের জ্ঞানকে দৃষ্টান্ত হিসেবে গ্রহণ করে তিনি দেকার্তের সঙ্গে নৈকট্য গড়ে তুলেছিলেন।

● স্বজ্ঞামূলক জ্ঞান (Intuitive Knowledge) : মন যখন দুটি ধারণার মিল অথবা অমিলকে সাক্ষাৎভাবে কোনো মাধ্যমের সাহায্য না নিয়ে প্রত্যক্ষ করে তখন আসে স্বজ্ঞামূলক জ্ঞান।¹ এক্ষেত্রে মনকে কষ্ট করে কোনো কিছু প্রমাণ বা পরীক্ষা করতে হয় না। মন তেমন করেই সত্যকে দেখে যেমন করে চোখ আলোর সিক্ত চাইনেই দেখে আলোককে। মন এভাবেই প্রত্যক্ষ করে যে যা সাদা তা কালো নয়, একটি বস্তু চতুর্ভুজ নর, তিন সংখ্যাটি দুইয়ের চেয়ে বড়ো ইত্যাদি। এই ধরনের জ্ঞান হল সবচেয়ে স্পষ্ট এবং সর্বাপেক্ষা বেশি নিশ্চিত জ্ঞান বা মানুষ জানতে পারে। সূর্যের আলো যেমন অপ্রতিরোধ্য তেমনি স্বজ্ঞামূলক জ্ঞানের দিকে মন চালিত হলে কোনো সংশয়, কোনো বিধা অথবা পরীক্ষা ছাড়াই মন তা গ্রহণ করে। লকের দাবি হল মন চালিত হলে কোনো সংশয়, কোনো বিধা অথবা পরীক্ষা ছাড়াই মন তা গ্রহণ করে। লকের দাবি হল যে, স্বজ্ঞামূলক জ্ঞানের ওপরেই আমাদের সকল জ্ঞানের নিশ্চয়তা ও প্রমাণ নির্ভর করে। যদি কেউ এর চেয়ে বেশি নিশ্চয়তা চায় তাহলে সে জানে না কী চাইছে।²

● প্রতিপাদক জ্ঞান (Demonstrative Knowledge) : এই জ্ঞানের ক্ষেত্রে মন ধারণার মধ্যে মিল-অমিল প্রত্যক্ষ করে সরাসরি নয়, অন্য ধারণার মাধ্যমে তা করে থাকে। ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি দুই সমকোণের সমান—এই জ্ঞান সরাসরি পাওয়া যায় না, বরং অন্য ধারণার মাধ্যমে অগ্রসর হতে হয়। লক মূলত গণিতশাস্ত্রীয় বুদ্ধির কথা ভাবছেন যেখানে একটি বচনকে কীভাবে প্রমাণ করা হয় বা কেমন করে প্রতিপাদিত হল তা দেখানো হয়। এই ধরনের জ্ঞানের নিশ্চয়তা কিন্তু স্বজ্ঞামূলক জ্ঞান অপেক্ষা কম। তা ছাড়া বুদ্ধির প্রতিটি পদক্ষেপের স্বজ্ঞামূলক নিশ্চয়তা থাকে। কপোলস্টোন মনে করেন যে, লক যদি ন্যায়বুদ্ধির (Syllosistic Reasoning) দিকে আরও বেশি জোর দিতেন তাহলে একটু ভিন্নভাবে চিন্তা করতেন। কারণ বৈধ ন্যায়বুদ্ধির একটি আপত্তিক বচন (contingent proposition) থাকতে পারে। ওই বুদ্ধির বচনের পদগুলির মধ্যে কোনো আবশ্যিক সম্পর্ক না থাকায় আমরা সরাসরি কোনো মাধ্যমের সাহায্য না নিয়ে বিবরণি প্রত্যক্ষ করতে পারি না।³

উপরোক্ত আলোচনার ভিত্তিতে স্বজ্ঞামূলক জ্ঞান ও প্রতিপাদক জ্ঞানের মধ্যে কয়েকটি পার্থক্য লক্ষ করা যায়।

- (1) স্বজ্ঞামূলক জ্ঞানে দুটি ধারণার মিল বা অমিলকে সরাসরি, অর্থাৎ কোনো মাধ্যমের সাহায্য না নিয়ে প্রত্যক্ষ করা যায়। কিন্তু প্রতিপাদক জ্ঞানের ভিত্তি হল কোনো মাধ্যমের সাহায্যগ্রহণ।
- (2) প্রতিপাদক জ্ঞান নিশ্চিত বটে কিন্তু এর পক্ষে উপস্থিত প্রমাণ (evidence) সম্পূর্ণ স্পষ্ট নয়, এবং তাই সম্মতি তৈরি থাকে না যা স্বজ্ঞামূলক জ্ঞানে হয়ে থাকে।⁴

1 '...sometimes the mind perceives the agreement or disagreement of two ideas immediately by themselves without the intervention of any other and this, I think, we may call intuitive knowledge.' (E, BK-IV, ch-1)

2 'He that demands a greater certainty than this demand he knows not what, and shows only that he has a mind to be sceptic without being able to be so.' (E, BK-IV, ch-2)

3 'In other words, as commentators have pointed out, Locke's idea of demonstration inevitably restricts the range of demonstrative knowledge to a very narrow field.' (P-110, A History of Philosophy, Vol-V, F. Copleston)

4 'This knowledge by intervening proofs, though it be certain, yet the evidence of it is not altogether so clear and bright, nor the assent so ready, as in intuitive knowledge.' (E, BK-IV, chap-2)

- (3) প্রতিপাদক জ্ঞানের ক্ষেত্রে প্রমাণ গঠনের কাজ শুরু হওয়ার পূর্বে সংশয় উপস্থিত থাকে, তা পরবর্তী পর্যায়ে দূর হয়ে যায়। কিন্তু স্বজ্ঞামূলক জ্ঞানের ক্ষেত্রে এধরনের সংশয়ের স্থান নেই [... before the demonstration there was a doubt; which in intuitive knowledge cannot happen to the mind...] (E, BK-IV, ch-2)।
- (4) যদিও প্রতিপাদনের মাধ্যমে উৎপন্ন প্রত্যক্ষ অত্যন্ত স্পষ্ট, কিন্তু তথাপি স্বজ্ঞামূলক জ্ঞানে এই বিষয়টি অনেক গভীরে অবস্থিত।¹
- (5) লকের মতে, প্রতিপাদক জ্ঞানের ক্ষেত্রে প্রতিটি পদক্ষেপে স্বজ্ঞামূলক জ্ঞান উপস্থিত থাকে বটে, কিন্তু মধ্যবর্তী পর্যায়ে বহু যুক্তি থেকে যায় এবং স্মৃতির সাহায্য নিতে পারা যায়। ফলে প্রতিপাদক জ্ঞানে সেই অপূর্ণতা থেকে যায় যা স্বজ্ঞামূলক জ্ঞানে থাকে না।²

● সংবেদনমূলক জ্ঞান (Sensitive Knowledge) : জ্ঞানের স্তরভেদের নিরিখে যে জ্ঞানটি স্বজ্ঞামূলক জ্ঞান ও প্রতিপাদক জ্ঞানের নিম্নে স্থাপিত তাকে বলে সংবেদনমূলক জ্ঞান। লক অবশ্য একে জ্ঞান আখ্যা নিতে চাইবেন না, বিশ্বাস অথবা মতামত (faith or opinion in all general truths) বলবেন যা, অত্যন্ত সাধারণ সত্যগুলির (বিমূর্ত ধারণা) বিষয়ে হয়ে থাকে। লক মন্তব্য করেছেন যে, কিছু ব্যক্তি আমাদের ধারণার অনুরূপ অস্তিত্ববান বস্তুসমূহ আছে কিনা সে ব্যাপারে সন্দিহান। লক কিন্তু বিশেষ বিশেষ বস্তুগুলির অস্তিত্ব বিষয়ে সংবেদনমূলক জ্ঞান স্বীকার করবেন। দিনের বেলায় কেউ যখন সূর্যকে দেখে তার তখনকার প্রত্যক্ষের সঙ্গে রাতের বেলা তার সূর্য-ভাবনার পার্থক্য আছে। কোনো ফুলের গন্ধ নেওয়া এবং পরে সেই গন্ধকে স্মরণ করার মধ্যে পার্থক্য আছে। কেউ যদি সব ব্যাপারটিকে স্বপ্ন বলে চিহ্নিত করে, তাহলেও তাকে মানতে হবে যে স্বপ্নে আগুনের মধ্যে থাকা এবং বাস্তবে আগুনের মধ্যে পড়ার মধ্যে পার্থক্য আছে। লক সিদ্ধান্ত করেছেন যে, স্বজ্ঞামূলক জ্ঞান ও প্রতিপাদক জ্ঞানের সঙ্গে আমরা যুক্ত করতে পারি বিশেষ বাস্তববস্তুর অস্তিত্বের প্রত্যক্ষ এবং তার সঙ্গে যুক্ত ধারণা প্রবেশের দিকটিকে।

লকের মতে, একজন ব্যক্তি স্বজ্ঞামূলক জ্ঞানে তার নিজের অস্তিত্বকে জানতে পারে ঈশ্বরের অস্তিত্বকে জানে প্রতিপাদক জ্ঞানের সাহায্যে। এ ছাড়া অন্য সব কিছুকে জানে সংবেদনমূলক জ্ঞানের সহায়তায়।

1.15 মানবজ্ঞানের বিস্তার [The Extent of Human Knowledge]

জ্ঞানের তিনটি মাত্রা রয়েছে—স্বজ্ঞামূলক জ্ঞান, প্রতিপাদক জ্ঞান এবং সংবেদনমূলক জ্ঞান। লক প্রশ্ন তুলেছেন—জ্ঞান কতদূর বিস্তৃত? এ বিষয়ে তাঁর সিদ্ধান্ত হল—‘the extent of our knowledge comes not only short of the reality of things, but even of the extent of our own ideas’ (E, BK-II, Chap-3)। যেহেতু জ্ঞান তৈরি হয় ধারণার মিল অথবা অমিল প্রত্যক্ষ করে, তাই ধারণা বা উপকরণের সীমা জ্ঞানের সীমাকে নির্দেশ করবে। তা ছাড়া, আমাদের কাছে ধারণা থাকলেই যে জ্ঞান হবে তা নয়। লকের বস্তুবাদের মধ্যে যতই বুদ্ধিবাদী বৌদ্ধ থাকুক না কেন তিনি ধারণাকে অভিজ্ঞতার সংগ্রহ করে এবং ধারণার সীমার মধ্যে জ্ঞানকে বেঁধে রেখে মনস্তাত্ত্বিক অভিজ্ঞতাবাদের গতিপথ চিহ্নিত করেছেন।

জ্ঞানের বিস্তৃতি বিষয়ে লক বিশদ আলোচনা করেছেন। আমাদের সীমিত পরিসরে লকের বস্তুবাদের কিছু অংশ উপস্থিত করতে পারি।

(1) লক প্রথমেই বলেছেন, যে ধারণাকে অতিক্রম করে আমরা কোনো জ্ঞান পেতে পারি না (“We can have knowledge no farther then we have ideas”)

(2) ধারণার মিল অথবা অমিল প্রত্যক্ষকে অতিক্রম করে জ্ঞান পাওয়া যাবে না। ওই প্রত্যক্ষের তিনটি দিকের সীমাবদ্ধতা দেখানো যায়—

¹ ‘...the perception produced by demonstration is very clear; yet it is often with a great abatement of that evident lustre and full assurance that always accompany that which I call intuitive.’ (Ibid)

² This is (demonstrative knowledge) more imperfect than intuitive knowledge, and men embrace often falsehood for demonstrations (Ibid)

(a) স্বজ্ঞামূলক জ্ঞানে সাক্ষাৎভাবে দুটি ধারণার মধ্যকার মিল অথবা অমিলকে প্রত্যক্ষ করা হয়। জ্ঞান আমাদের সকল ধারণাকে ছাপিয়ে বিস্তৃত হতে পারে না। কারণ ধারণাগুলির মধ্যে যত ধরনের সম্পর্ক তৈরি হতে পারে, মিশ্রণের মধ্যে দিয়ে আমরা তার সবটা পরীক্ষা করতে এবং প্রত্যক্ষ করতে পারি না।

(b) প্রতিপাদক বা বৌদ্ধিক জ্ঞানের ক্ষেত্রে আমরা আমাদের সকল ধারণার ব্যাপ্তি পর্যন্ত পৌঁছাতে পারি না। কারণ দুটি ভিন্ন ধরনের ধারণার পরীক্ষা করতে গিয়ে আমরা সব সময়ে এমন মাধ্যম (medium) খুঁজে পাই না যাকে অবরোধের সকল অংশে স্বজ্ঞামূলক জ্ঞানের সঙ্গে যুক্ত করতে পারব। যেখানে এ ব্যাপ্তি ব্যর্থ হব যেখানেই জ্ঞানটি সীমাবদ্ধ হবে।

(c) সংবেদনমূলক জ্ঞানের পরিসর অপর দুটি অপেক্ষা অনেক কম। আমাদের ইন্দ্রিয়সমূহের সামনে অস্তিত্ববান বস্তুগুলিকেই প্রত্যক্ষ করা যায়। ফলে অপর দুটি জ্ঞানের তুলনায় এটি অনেক বেশি সীমিত।



1.16

লকের জ্ঞানতত্ত্বের মূল্যায়ন [Evaluation of Locke's Theory of Knowledge]

লকের জ্ঞানতত্ত্বের সংক্ষিপ্ত সমালোচনা উপস্থিত করা যায়—

প্রথমত, জ্ঞান বলতে যদি কেবল ধারণার মধ্যে মিল অথবা অমিল প্রত্যক্ষ করা বোঝায় এবং যদি আমাদের মনের সামনে কেবলমাত্র সাক্ষাৎ বিষয় হিসেবে ধারণাই উপস্থিত থাকে তাহলে ধারণার সঙ্গে বস্তুর আনুরূপ্য আছে কিনা তা নির্ণয় করা যায় না। এখানে কপোলস্টোনের মন্তব্য হল, এই সকল ক্ষেত্রে লক প্রতিনিধিত্বমূলক মতবাদ এবং উপস্থাপনাবাদের মধ্যে স্থান পরিবর্তন করেছেন, কোনো সিদ্ধান্তে আসতে পারেননি।¹

দ্বিতীয়ত, লক ধারণার সংজ্ঞা দিয়ে বলেছেন, যা কিছু মনের বিষয় মন যখন চিন্তা করে। আবার জ্ঞানের সংজ্ঞা দিয়ে বলেছেন—দুটি ধারণার মধ্যে মিল অথবা অমিল প্রত্যক্ষ করা। তা যদি হয় তাহলে এই ব্যাপারটা বোঝা সহজ নয় যে আমরা কীভাবে জানতে পারব যে আমাদের ধারণার সঙ্গে বাস্তব বস্তুর আনুরূপ্য আছে? কারণ বাস্তব বস্তু আমাদের মনের ধারণা নয়।

তৃতীয়ত, লক অভিজ্ঞতাবাদের এই মূল বস্তুর সঙ্গে সহমত থেকেছেন যে অভিজ্ঞতা থেকে আমাদের সকল ধারণা আসে, সংবেদন ও অন্তর্দর্শনই হল উপাদান গ্রহণের পথ। তথাপি তিনি 'সংবেদনমূলক জ্ঞান' (Sensitive knowledge)-কে সর্বনিম্ন স্তরে রেখেছেন। এমনকি তিনি একে জ্ঞান না বলে মতামত বা সম্ভাবনার স্তরে রেখেছেন। দেকার্তের মতোই লক মনে করেছেন, স্বজ্ঞামূলক জ্ঞানে নিজেকে জানা যায় এবং প্রতিপাদক জ্ঞানে ঈশ্বরকে এবং গাণিতিক বিষয়কে পাওয়া যায়। এই দুই জ্ঞানকে তিনি উচ্চ স্থান দিয়েছেন। তিনি নিশ্চিতভাবে মনের বুদ্ধিবাদী অবস্থান প্রকাশ করেছেন ('decidedly rationalistic turn of mind'—Copleston)।

চতুর্থত, জ্ঞানের ক্ষেত্রে লক মিল অথবা অমিলভিত্তিক যে শ্রেণিকরণ করেছেন তা অনেক সমালোচকের মতে কৃত্রিম। কারণ,—(ক) মিল বা সাদৃশ্য বিষয়টির কোনো লক্ষণ না দিয়ে, তিনি কেবল দৃষ্টান্ত দিয়েছেন। (খ) মিল এবং অমিল শব্দ দুটিকে প্রয়োগ করার সময় মিল বলতে তিনি যা বোঝাতে চেয়েছেন তা আসলে 'সম্পর্ক' (relation) বলে বিবেচিত হবে এবং তাই পৃথক আলোচনার প্রয়োজন থাকে না। লক অবশ্য দাবি করেছিলেন যে এক্ষেত্রে ভিন্নতাসূচক বৈশিষ্ট্য আছে, তবে তিনি সে বিষয়ের আলোচনা করেননি।

পঞ্চমত, লক মনে করেন, যেহেতু সব চিন্তা ও যুক্তি গঠনের ক্ষেত্রে মনের কাছে সাক্ষাৎ বিষয় হিসেবে

1 'In other words, he oscillates between a representationalist view, according to which ideas of object of knowledge, and the view that ideas are simply psychic modifications by means of which we know things directly'. (P-116, A History of Western Philosophy-V, Copleston)

নিজের ধারণা ছাড়া অন্য কিছু উপস্থিত নেই, যা মন চিন্তা করে, তাই প্রমাণিত হয় যে আমাদের জ্ঞান ওই ধারণাগুলির সঙ্গেই কেবল পরিচিত হয়। আর, লক বলেন, জ্ঞান হল দুটি ধারণার মধ্যে মিল ও অমিল প্রত্যক্ষ করা। বার্তাগুলি রাসেল মনে করেন, ওই বক্তব্য থেকে সরাসরি এ কথা অনুসৃত হয় যে আমরা অন্য ব্যক্তিদের অথবা ভৌত জগতকে জানতে পারি না। কারণ ওইগুলি যদি অস্তিত্ববান হয়, তাহলে কেবল আমার মনের ধারণা হয় না বাস্তবিক অস্তিত্ব থাকে। আমরা প্রত্যেকেই, জ্ঞানের বিষয় বিচার করলে, জগতের অন্য বস্তুর সঙ্গে সকল সম্পর্ক বিচ্ছিন্ন হয়ে পড়ি ('... We cannot know of the existence of other people, or of the physical world, for these, if they exist, are not merely ideas in my mind. Each one of us, accordingly, must, so far as knowledge is concerned, be shut up in himself, and cut off from all contact with the outer world'. (P-591, A History of Western Philosophy, Russell)।



1.17

প্রতিরূপী বস্তুবাদ— লক [Representative Realism—Locke]

লকের প্রত্যক্ষ বিষয়ক বক্তব্য সাধারণভাবে 'প্রতিরূপী বস্তুবাদ' নামে চিহ্নিত হয়েছে। ওই শব্দবন্ধটি লক নিজে ব্যবহার করেননি; সেটি ব্যাখ্যাকারদের দেওয়া নাম।

জ্ঞানতত্ত্বের আলোচনায় দুটি গুরুত্বপূর্ণ প্রশ্ন তোলা হয়—(a) জ্ঞেয়বস্তু কি জ্ঞান থেকে স্বতন্ত্রভাবে অস্তিত্ববান থাকতে পারে? এই প্রশ্নের উত্তর সদর্থক হলে, জ্ঞানের ওপর বস্তুর নির্ভরতা স্বীকার না করলে জ্ঞানতাত্ত্বিক বস্তুবাদ বা বস্তুবাদ পাওয়া যায়। কিন্তু জ্ঞানের ওপর বস্তুর নির্ভরতা মানলে জ্ঞানতাত্ত্বিক ভাববাদ পাওয়া যাবে। লক বস্তুবাদী, বার্কলে ভাববাদী। (b) জ্ঞেয়বস্তু কি সরাসরি সাক্ষাৎভাবে, কোনো মাধ্যমের সাহায্য ছাড়া মনের সঙ্গে যুক্ত হয়? এই প্রশ্নের উত্তর সদর্থক হলে সাক্ষাৎ উপস্থাপনাবাদ (Theory of Direct Presentation) পাওয়া যায়। কিন্তু যদি বলা হয় যে বস্তু ধারণার মাধ্যমে মনের কাছে আসে, তাহলে পরোক্ষ উপস্থাপনাবাদ (Indirect Presentation) বা প্রতিরূপবাদ গড়ে ওঠে। সাধারণজ্ঞান প্রথমটির মধ্যে এবং লকের মত দ্বিতীয়টির মধ্যে স্থান পায়।

সহজাত ধারণার অস্তিত্ব খণ্ডন করার পর লক বলেছিলেন, সংবেদন এবং অন্তর্দর্শনের মাধ্যমে জ্ঞানের উপাদান তথা ধারণা মনে উপনীত হয়। মনের বাইরে, মন নিরপেক্ষভাবে যে জড়বস্তুসমূহ অবস্থান করে সেখান থেকেই সরল ধারণা তথা সংবেদন পাওয়া যায়। অন্যদিকে মনস্থিত নানা সচেতন কার্যকলাপ, যেমন প্রত্যক্ষ, স্বপ্ন ইত্যাদি অন্তর্দর্শনে ধরা পড়ে। বস্তুবাদী লক স্পষ্টভাবেই মনবহির্ভূত বস্তুগুলিকে স্বীকার করছেন যেখান থেকে সংবেদনীয় গুণের ধারণা আসে—“External objects furnish the mind with the ideas of sensible qualities....” তাহলে জ্ঞানের উপাদান সংগ্রহ করার পূর্বেই বাস্তব বস্তুগুলি রয়েছে—এটি বস্তুবাদী বক্তব্য।

লকের মতে, গুণ থাকে বস্তুতে, ধারণা থাকে মনে। গুণ হল বস্তুর শক্তি, এগুলিকে বস্তু থেকে পৃথক করা যায় না। বস্তুর শক্তিকেই প্রাথমিক গুণ বলে, যেমন আকার, আয়তন, গঠন, গতি। আর-এক ধরনের গুণের কথা বলা হয়েছে যেগুলি হল গৌণগুণ। এগুলি বস্তুর নিজস্ব শক্তি নয়। বস্তুর শক্তি ইচ্ছিমের মধ্যে দিয়ে আমাদের মনে উপনীত হলে সেখানে বর্ণ, শব্দ, গন্ধ, স্বাদ প্রভৃতির সংবেদন সৃষ্টি হয়। এগুলি ব্যক্তিভেদে ভিন্ন হয়, কিন্তু মুখ্যগুণের ক্ষেত্রে এই ভিন্নতা থাকে না। আয়তন, আকার ইত্যাদি মুখ্যগুণগুলিকে কেউ প্রত্যক্ষ কনুক বা না কনুক এগুলি বস্তুতে থাকে। তা ছাড়া, মুখ্যগুণের ধারণার সঙ্গে বস্তুর আনুরূপ আছে, কিন্তু গৌণগুণের ক্ষেত্রে তা হয় না।

লকের মতে, বস্তুর কোনো গুণই (মুখ্য অথবা গৌণ) আমাদের সাক্ষাৎ অনুভবে ধরা পড়ে না। আমরা সাক্ষাৎভাবে কেবল গুণের ধারণাকেই পাই। ওই ধারণাগুলি বাস্তববস্তু ও মনের মাঝখানে অবস্থান করে প্রতীক বা প্রতিনিধির মতো। ওই প্রতিনিধি বা প্রতিরূপের মাধ্যমে বস্তুকে জানি। গুণগুলি যেহেতু আধারবিহীন

অবস্থাতে থাকে না, তাই না জানলেও মানতে হয় যে দ্রব্যের আধারে গুণগুলি থাকে। গুণের ধারণাগুলিকে আমাদের মন সক্রিয়তার মাধ্যমে মিশিয়ে নিয়ে জটিল ধারণা গঠন করে। আমরা দ্রব্য, বিকার ও সম্পর্কে জটিল ধারণা পাই। বাস্তব বস্তুর মননিরপেক্ষ অস্তিত্ব স্বীকার করে লক হলেন বস্তুবাদী। কিন্তু মনের সঙ্গে বাস্তব বস্তুর সরাসরি বা সাক্ষাৎ সম্পর্ক হয় না। মন ও বাস্তব বস্তুর মধ্যে থাকে ধারণাসমূহ যেগুলি মনের কাছে বস্তুর প্রতিনিধিত্ব করে। ফলে গড়ে ওঠে লকের প্রতিনিধিমূলক বস্তুবাদ।

প্রতিরূপী বস্তুবাদের মূল্যায়ন—

সাধারণ মানুষের বিশ্বাস হল জগৎ অসংখ্য বস্তুতে পূর্ণ এবং ইন্দ্রিয়গুলির সাহায্যে সরাসরি সেগুলিকে জানি। বস্তু ও তার গুণ যেমন, ঠিক তেমনভাবেই আমাদের কাছে ধরা পড়ে। আকার, আয়তন, গতি থেকে রূপ, রস, গন্ধ ইত্যাদি সকল গুণই বস্তুগত। এই সরল বা লৌকিক বস্তুবাদ কিন্তু ভ্রান্তি, অমূল প্রত্যক্ষ, স্বপ্ন ইত্যাদি নিত্যদিনের ঘটনার ব্যাখ্যা দিতে পারে না, কারণ এরা মনের তৈরি করা কোনো ঘটনা মানবেন না। লকের প্রতিরূপী বস্তুবাদে যেহেতু মনের সৃজনীক্ষমতা স্বীকৃত, তাই ভ্রান্তি-অমূল প্রত্যক্ষ ইত্যাদি ঘটনার মনের প্রভাব সৃষ্টির কথা বলা যাবে। ধারণা ও বস্তু উভয়কে স্বীকার করার জন্য লকের বস্তুব্যাকে জ্ঞানতাত্ত্বিক দ্বৈতবাদ (Epistemological Dualism) বলা হয়।

জর্জ বার্কলে মুখ্য ও গৌণের পার্থক্যকে অস্বীকার করেছেন। আমরা বার্কলের কয়েকটি যুক্তি লক্ষ্য করতে পারি।

- (1) অবিচ্ছেদ্যতার যুক্তি দিয়ে বলা হয়েছিল, মুখ্য গুণগুলি বস্তু থেকে অবিচ্ছিন্ন গৌণগুলি নয়। বার্কলের দাবি হল, গৌণ গুণগুলি, যেমন বর্ণ, মুখ্যগুণ আকৃতি থেকে অবিচ্ছিন্ন নয়। যেমন রং (গৌণগুণ) না থাকলে আকৃতি মুখ্য গুণ থাকে না। সুতরাং উভয়েই গৌণ।
- (2) পরিবর্তনযোগ্যতার যুক্তি দিয়ে বলা হয় যে গৌণগুণের ধারণা ব্যক্তি থেকে ব্যক্তিতে পরিবর্তিত হয়, মুখ্যগুণের ক্ষেত্রে তা হয় না। কিন্তু বার্কলে বলবেন, মুখ্যগুণগুলিও পরিবর্তন সাপেক্ষ। একটি বস্তুকে কাছ থেকে বড়ো দেখালেও যতদূর যাওয়া যায় ততই সেটি ছোটো দেখায়। কাজেই পরিবর্তনযোগ্যতা ও ইন্দ্রিয়নির্ভরতার মানদণ্ডে মুখ্য-গৌণ বিভাগ যুক্তিযুক্ত হয় না।
- (3) লক বলেছিলেন যে, মুখ্যগুণগুলির ধারণার সঙ্গে বস্তুর শক্তির সাদৃশ্য (resemblance) আছে যা গৌণগুণগুলির ধারণার ক্ষেত্রে থাকে না। কিন্তু প্রশ্ন হল, আমরা কীভাবে জানব যে মুখ্যগুণের ধারণার সঙ্গে বস্তুর সাদৃশ্য আছে? দুটি জিনিসকে তখনই তুলনা করা যায় যখন জিনিস দুটি একসঙ্গে আমাদের সামনে উপস্থিত হয়। কিন্তু লকের নিজের বিচারেই দ্রব্য হল গুণের অজ্ঞাত আধার। বার্কলে তাই বলেছিলেন—'An idea can resemble nothing but another idea' বহু পরে আনুরূপ্য তত্ত্ব আলোচনা প্রসঙ্গে গটলভ ফ্রেগে বলেছিলেন—'একটি ধারণাকে একটি বস্তুর সঙ্গে তুলনা করা সম্ভব হবে কেবল যদি বস্তুটিও ধারণা হয় [It would only be possible to compare an idea with a thing if the thing were an idea too.]' (The Thought: A Logical Inquiry, Gottlob Frege)
- (4) বস্তুর অস্তিত্বের পক্ষে লকের কারণতার যুক্তিও ব্যর্থ হয়। মুখ্যগুণের ধারণার কারণ হিসেবে বাহ্যবস্তুকে স্বীকার করাটা লকের নিজের বস্তুব্য অনুসারেই সম্ভব না। কোনো কিছু যদি অন্য কোনো কিছুর কারণ হয়, তাহলে কারণ এবং কার্য দুটির অভিজ্ঞতা থাকতে হবে। কিন্তু লক দ্রব্যকে অজ্ঞাতই রাখতে চান।

দেখা গেল যে, মন-নিরপেক্ষ বস্তুর অস্তিত্বের দাবিটি সংশয়পূর্ণ হয়ে থাকে এবং বস্তুবাদের দাবিটিও দুর্বল হয়ে পড়ে।

ধারণার সঙ্গে বস্তুর আনুরূপ্য প্রতিষ্ঠার সমস্যাটি লকের কাছে অজ্ঞাত ছিল না। 'Essay' গ্রন্থের চতুর্থ অধ্যায়ে তিনি বলেছেন, এটি প্রমাণিত যে আমাদের মন সাক্ষাৎভাবে বস্তুকে জানে না, বরং বস্তু বিষয়ক যে

ধারণা আছে তার সাহায্যে জানে¹ (লক্ষণীয় যে, এই বস্তুবাই প্রত্যক্ষ বিয়ায়ে প্রতিরূপ-তত্ত্বের মূল কথা)। লক নিজেই প্রশ্ন তুলেছেন, এখানে মাপকাঠি কী হবে? কীভাবে মন, যা নিজের ধারণা ছাড়া অন্য কিছু প্রত্যক্ষ করে না, জানবে যে ধারণাগুলির সঙ্গে বস্তুর নিজের মিল আছে?² লক মনে করেন যে দুটি ক্ষেত্রে তা সম্ভব। প্রথমত, সরল ধারণাগুলি স্বাভাবিকভাবে বস্তুর দ্বারা মনে উৎপন্ন হয় এবং সেই সকল প্রত্যক্ষ উৎপন্ন করে যা আমাদের শরীর প্রজ্ঞা এবং ইচ্ছা দ্বারা প্রতিযোজিত হয়।³ এক্ষেত্রে আনুরূপ্য সম্ভব। দ্বিতীয়ত, দ্রব্যের জটিল ধারণাগুলিকে বাদ দিলে অন্যান্য জটিল ধারণা হল মানব মনের নিজের সৃষ্টির আদর্শ রূপ (archetypes of mind's own making), সেগুলি কোনো কিছুর অনুকৃতি (copy) নয় বা অস্তিত্ববান কোনো কিছুকে মূল বস্তু (original) হিসেবে নির্দেশ করে না। তাই যথার্থ জ্ঞানের প্রয়োজনে আনুরূপ্য থাকার প্রয়োজন নেই। লক গাণিতিক জ্ঞান ও নৈতিক জ্ঞানকে এই নিশ্চয়তার মাধ্যে রেখেছেন।⁴

কিন্তু লকের ওই বস্তুবা প্রতিরূপবাদের সমস্যার সমাধান করে না। দৈশ্বরের প্রসঙ্গ এনে সরল ধারণার আনুরূপ্য প্রতিষ্ঠা হয় না। গণিতশাস্ত্রেও নৈতিকতার আদর্শ বিষয়ের চিন্তা মনের মধ্যেই স্থান পায় বলে বাহ্য কোনো বস্তুর সঙ্গে মেলানোর প্রশ্ন ওঠে না। ফলে জ্ঞাতা মন ও জ্ঞেয়বস্তুর মধ্যে লৌহ যবনিকার মতো ধারণা উপস্থিত থাকে। যার পরিণতিতে আসে সংশয়বাদ। এখান থেকেই বার্কলের অজড়বাদের পথে যাত্রা শুরু হয়।

1 'It is evident the mind knows not things immediately, but only by the intervention of the ideas it has of them.' (E, BK-IV, ch-4)

2 But what shall be here the criterion? How shall the mind, when it perceives nothing but its own ideas, know that they agree with things themselves? (E, BK-IV, ch-4)

3 'The first are simple ideas ... must necessarily be the product of things operating on the mind in a natural way, and producing therein those perceptions which by the wisdom and will of our maker they are ordained and adapted to.' (Ibid)

4 '...moral knowledge...